Vol. 98
No. II

Assembly Proceedings

OFFICIAL REPORT

West Bengal Legislative Assembly

Ninety Eighth Session

(July - September Session, 1991)

(1st Session of the 11th House)

(From 18th July, 1991 to 4th September, 1991)

(The 26th, 27th, 29th 30th and the 31st July, 1991)

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly

Price Rs. 162/-

Vol. 98
No. II

Assembly Proceedings

OFFICIAL REPORT

West Bengal Legislative Assembly

Ninety Eighth Session

(July - September Session, 1991)

(1st Session of the 11th House)

(From 18th July, 1991 to 4th September, 1991)

(The 26th, 27th, 29th, 30th and the 31st July, 1991)

Published by authority of the Assembly under rule 353 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly

GOVERNMENT OF WEST BENGAL

Governor

PROF. SAIYID NURUL HASAN

Members of the Council of Ministers

1. Shri Jyoti Basu, Chief Minister and Minister-in-charge of Home Department (Excluding Jails Branch and matters relating to Minority Affairs, Haj and Civil Defence.)
2. Shri Benoy Krishna Chowdhury, Minister-in-charge of Department of Land and Land Reforms and Department of Development and planning (Excluding Sundarban Affairs Branch and Jhargram Affairs Branch).
3. Shri Buddhadeb Bhattacharjee, Minister-in-charge of Department of Information and Cultural Affairs.
4. Shri Kanti Biswas, Minister-in-charge of Primary and Secondary Education Branches (excluding audio visual education) and integrated education for disabled children in the Department of Education.
5. Shri Shyamal Chakraborty, Minister-in-charge of Department of Transport.
6. Dr. Asim Kumar Dasgupta, Minister-in-charge of Department of Finance, Department of Excise and Department of Urban Development.
7. Shri Prasanta Kumar Sur, Minister-in-charge of Department of Health and Family Welfare and Department of Refugee, Relief and Rehabilitation.
8. Shri Santi Ranjan Ghatak, Minister-in-charge of Department of Labour.
9. Shri Prabir Sen Gupta, Minister-in-charge of Department of Cottage and Small Scale Industries.
10. Shri Subhas Chakraborti, Minister-in-charge of Department of Sports and Youth Services and Department of Tourism.
11. Shri Mehaboob Zahedi, Minister-in-charge of Department of Animal Resources Development, matters relating of wakf in the Judicial Department, and Matters relating to Minority

Affairs and Haj in the Home Department.

12. Dr. Surjya Kanta Mishra, Minister-in-charge of Department of Panchayats and Depatment of Rural Development.

13. Shri Goutam Deb, Minister-in-charge of Department of Housing and Deparment of Public Health Engineering

14. Dr. Sankar Kumar Sen, Minister-in-charge of Department of Power and Non-Conventional Energy Sources and Department of Science and Technology.

15. Shri Achintya Krishna Ray, Minister-in-charge of Department of Environment and Department of Forests.

16. Shri Satya Sadhan Chakraborty, Minister-in-charge of Department of Education [excluding Primary and Secondary Education Branches, Madrasah Education, Non-formal Education, Adult Education, Audio-visual Education, and Education of the Handicapped, Social Welfare Homes, all matters relating to District Social Education Officers and Extension Officers (Social Education) Library Services, and Book Fairs not relating to Higher Education]

17. Shri Patit Paban Pathak, Minister-in-charge of Department of Industrial Reconstruction and Department of Public Undertakings (excluding matters connected with West Bengal Agro-Industries Corporation Limited)

18. Shri Dinesh Chandra Dakua, Minister-in-charge of Department of Scheduled Castes and Tribes Welfare

19. Shri Abdul Quiyom Molla, Minister-in-charge of Law Department and Judicial Department (excluding matters relating to Wakf).

20. Shri Abdur Razzak Molla, Minister-in-charge of Department of Sundarban Affairs Branch of Department of Development and Planning and Department of Food Processing Industries.

21. Shri Nihar Bose, Minister-in-charge of Department of Agriculture (excluding Minor Irrigation, Small Irrigation and Command Area Development, and Agricultural Marketing Branch.)

22. Shri Kalimuddin Shams, Minister-in-charge of Department of Agricultural Marketing Branch of Department of Agriculture.

23. Shri Saral Deb, Minister-in-charge of Department of Co-operation.

24. Shrimati Chhaya Ghosh, Minister-in-charge of Department of Relief Branch of Department of Relief and Welfare.

25. Shri Narendra Nath Dey, Minister-in-charge of Department of Food and Supplies (Excluding Food Processing Industries)

26. Shri Debabrata Bandopadhyay, Minister-in-charge of Department of Irrigation and Waterways.

27. Shri Kshiti Goswami, Minister-in-charge of Public Works Department.

28. Shri Biswanath Chowdhury, Minister-in-charge of Department of Social Welfare Branch of Department of Relief and Welfare and Jails Branch of Home Department.

29. Dr. Omar Ali, Minister-in-charge, Minor Irrigation, Smalll Irrigation and Command Area Development it the Department of Agriculture and matters connected with West Bengal Agro-Industries Corporation Limited in the Department of Public Undertakings.

30. Shri Kiranmay Nanda, Minister-in-charge of Department of Fisheries.

31. Shri Prabodh Chandra Sinha, Minister-in-charge of Department of Parliamentary Affairs.

32. Shri Bansa Gopal Choudhury, Minister of State-in-charge of Department of Technical Education and Training.

33. Shri Tapan Ray, Minister of State-in-charge of Department of Library Services in the Department of Mass Education Extention.

34. Shrimati Anju Kar, Minister of State-in-charge of Adult Education, Non-formal Education, Audio-visual Education, Social Welfare Homes, Education of the Handicapped (excluding Integrated Education for Disabled Children and Library services) and Social Education not connected with Higher Education in the Department of Mass Education Extension and all matters relating to District Social Education Officers and Extension Officers (Social Education) in the Department of Education.

35. Shri Maheswar Murmu, Minister of State-in-charge of Jhargram Affairs Branch of Department of Development and planning.

36. Shri Madan Bauri, Minister of State-in-charge of Civil Defence Branch of Home Department.

37. Shri Banamali Roy, Minister of State for Department of Environment and Department of Forests under Minister-in-charge of Department of Environment and Department of Forests.

38. Shrimati Chhaya Bera, Minister of State for Family Welfare Branch of Department of Health and Family Welfare.

39. Shri Bidyut Ganguly, Minister of state for Department of Commerce & Industries under the Chief Minister and Minister-in-charge of Department of Commerce and Industries.

40. Shri Ashok Bhattacharya, Minister of State-in-charge of Department of Municipal Affairs and Department of Hill Affairs.

41. Shri Subodh Chawdhuri, Minister of State for Department of Transport.

42. Shri Anisur Rahaman, Minister of State for Primary and Secondary Education Branch of Department of Education including Madrasah Education.

43. Shri Khagendranath Sinha, Minister of State for Department of Housing and Department of Public Health Engineering

44. Shri Upen Kisku, Minister of State for Department of Cottage and Small Scale Industries.

45. Shri Ganesh Chandra Mondal, Minister of State for Department of Irrigation and Waterways under the Minister in-charge of Department of Irrigation and Waterways.

46. Shri Dawa Lama, Minister of State for Department of Animal Resources Development.

47. Smt. Bilasi Sahis, Minister of state for Scheduled Castes and Tribes Welfare Department.

WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY
PRINCIPAL OFFICERS & OFFICIALS

Speaker : **Shri Hashim Abdul Halim**

Deputy Speaker : **Shri Anil Mukherjee**

SECRETARIAT

Seretary : **Shri S. R. Chattopadhyay**

Alphabetical list of names of Members of the West Bengal Legislative Assembly

1. Abdul Haque, Shri (54 - Jangipur – Murshidabad)
2. Abdul Mannan, Shri (181 - Champdani – Hooghly)
3. Abdul Quiyom Molla, Shri (119 - Diamond Harbour – South 24-Parganas)
4. Abdur Razzak Molla, Shri (106 - Canning East – South 24-Parganas)
5. Abdus Salam Munshi, Shri (72 - Kaliganj – Nadia)
6. Abedin, Dr. Zainal, (34 - Itahar – North Dinajpur)
7. Abu Ayes Mondal, Shri (278 - Monteswar – Burdwan)
8. Abu Hena, Shri (55 - Lalgola – Murshidabad)
9. Abul Basar, Shri (115 - Maheshtala – South 24-Parganas)
10. Abul Hasnat Khan, Shri (50 - Farakka – Murshidabad)
11. Acharya, Shri Prabhat (46 - English Bazar – Malda)
12. Acherjee, Shri Manik Lal (257 - Kulti – Burdwan)
13. Adak, Shri Kashi Nath (111 - Bishnupur West – South 24-Parganas)
14. Adak, Shri Nitai Charan (174 - Kalyanpur – Howrah)
15. Adhikary, Shri Nityananda [17 - Maynaguri (SC) – Jalpaiguri]
16. Adhikary, Shri Paresh Chandra [1 - Mekliganj (SC) – Cooch Behar]
17. Adhikary, Dr. Tarun (129 - Naihati – North 24-Parganas)
18. Anesur Rahaman, Shri (60 - Domkal – Murshidabad)
19. Bagdi, Shri Bijoy [287 - Rajnagar (SC) – Birbhum]
20. Bagdi, Shri Lakhan (263 - Ukhra (SC) – Burdwan)
21. Bagdi, Shri Natabar [241 - Raghunathpur (SC) – Purulia]
22. Bal, Shri Sakti (206 - Nandigram – Midnapore)

Alphabetical list of names of Members of the West Bengal Legislative Assembly – *contd.*

23. Bandapadhyay, Shri Debabrata (67 - Barwan – Murshidabad)
24. Bandyopadhyay, Shri Sudip (145 - Bowbazar – Calcutta)
25. Banerjee, Shri Ambica (163 - Howrah Central – Howrah)
26. Banerjee, Shri Prabir (86 - Gaighata – North 24-Parganas)
27. Baora, Shri Samar (281 - Mangalkot – Burdwan)
28. Bapuli, Shri Satya Ranjan (123 - Mathurapur – South 24-Parganas)
29. Barman, Shri Debendra Nath [9 - Tufanganj (SC) – Cooch Behar]
30. Barman, Shri Jogesh Chandra [13 - Falakata (SC) – Jalpaiguri]
31. Basu, Shri Bimal Kanti (4 - Cooch Behar North – Cooch Behar)
32. Basu, Dr. Hoimi (149 - Rash Behari Avenue – Calcutta)
33. Basu, Shri Jyoti (117 - Satgachia – South 24-Parganas)
34. Basu, Shri Subhas (81 - Ranaghat West – Nadia)
35. Bauri Shri Angad [249 - Gangajalghati (SC) – Bankura]
36. Bauri, Shri Haradhan [256 - Sonamukhi (SC) – Bankura]
37. Bauri, Shri Madan [247 - Indpur (SC) – Bankura]
38. Bera, Shri Bishnu (192 - Pursurah – Hooghly)
39. Bera, Shrimati Chhaya (199 - Nandanpur – Midnapore)
40. Bhakat, Shri Buddhadev (231 - Jhargram – Midnapore)
41. Bhattacharjee, Shri Buddhadev (108 - Jadavpur – South 24-Parganas)
42. Bhattacharya, Shri Asok (25 - Siliguri – Darjeeling)
43. Bhattarai, Shri Tulsi (24 - Kurseong – Darjeeling)
44. Bhowmik, Shri Manik (203 - Moyna – Midnapore)

Alphabetical list of names of Members of the West Bengal Legislative Assembly – *contd.*

45. Bhunia, Dr. Manas Ranjan (216 - Sabang – Midnapore)
46. Biswas, Shri Binay Krishna [80 - Ranaghat East (SC) – Nadia]
47. Biswas, Shri Chittaranjan (69 - Karimpur – Nadia)
48. Biswas, Shri Kaliprasad (184 - Haripal – Hooghly)
49. Biswas, Shri Kamalakshmi [84 - Bagdaha (SC) – North 24 Parganas]
50. Biswas, Shri Kanti [98- Sandeshkhali (SC)- North 24-Parganas]
51. Biswas, Shri Sushil [74- Krishnaganj (SC)- Nadia]
52. Bose, Shri Nihar (131- Jagatdal- North 24-Parganas)
53. Bose, Shri Shyama Prasad [271-Burdwan (South)- Burdwan]
54. Chakraborti, Shrimati Kumkum (112- Behala East-South 24-Parganas)
55. Chakraborti, Shri Subhas (139- Belgachia East- Calcutta)
56. Chakraborty, Shri Umapati (196 - Chandrakona - Midnapore)
57. Chakraborty, Shri Deb Narayan (189 - Pandua - Hooghly)
58. Chakraborty, Shri Satyasadhan (82 - Chakdaha - Nadia)
59. Chakraborty, Shri Shyamal (159 - Manicktola - Calcutta)
60. Chakraborty, Shrimati Tania (135 - Panihati - North 24-Parganas)
61. Chanda, Dr. Dipak (140 - Cossipur - Calcutta)
62. Chatterjee, Shri Anil (146 - Chowringhee-Calcutta)
63. Chatterjee, Shri Anjan (280 - Katwa - Burdwan)
64. Chatterjee, Shri Dhirendranath (273 - Raina - Burdwan)
65. Chatterjee, Shrimati Sandhya (182- Chandernagore - Hooghly)

Alphabetical list of names of Members of the West Bengal Legislative Assembly – *contd.*

66. Chatterjee, Shri Santasri (179 - Uttarpara - Hooghly)
67. Chatterjee, Shrimati Santi (185 - Tarakeswar - Hooghly)
68. Chatterjee, Shri Tarun (265 - Durgapur-II - Burdwan)
69. Chattopadhyay, Shrimati Nirupama (173 - Bagnan - Howrah)
70. Chattopadhyay, Shri Sobhandeb (104 - Baruipur - South 24-Parganas)
71. Choudhury, Shri Amar (137 - Baranagar - North 24-Parganas)
72. Choudhuri, Shri Subodh (47 - Manikchak -Malda)
73. Choudhury, Shri Bansa Gopal (261 - Raniganj - Burdwan)
74. Choudhury, Shri Biswanath (38 - Balurghat - South Dinajpur)
75. Chowdhury, Md. Abdul Karim, Shri (28 - Islampur- North Dinajpur)
76. Chowdhury, Shri Benoy Krishna [270 - Burdwan (North) - Burdwan]
77. Chowdhury, Shri Bikash (262 - Jamuria - Burdwan)
78. Chowdhury, Shri Jyoti (180 - Serampore - Hooghly)
79. Chowdhury, Shri Sibendra Narayan (8 - Natabari - Cooch Behar)
80. Chowdhury, Shri Subhendu [45 - Malda (SC) - Malda]
81. Dakua, Shri Dinesh Chandra [3 - Mathabhanga (SC) - Cooch Behar]
82. Dal, Shrimati Nanda Rani [219 - Keshpur (SC) - Midnapore]
83. Dalui, Shri Shibaprasad [272 - Khandaghosh (SC) - Burdwan]
84. Das, Shri Ananda Gopal [283 - Nanur (SC) - Birbhum]
85. Das, Shri Atul Chandra (230 - Gopiballavpur - Midnapore)
86. Das, Shri Benode (194 - Arambagh - Hooghly)

Alphabetical list of names of Members of the West Bengal Legislative Assembly – contd.

87. Das, Shri Bidyut Kumar (183 - Singur - Hooghly)
88. Das, Shri Debesh [154 - Taltola (SC) - Calcutta]
89. Das, Shri Jagadish Chandra (128 - Bijpur - North 24-Parganas)
90. Das, Shri Nirmal (12 - Alipurduar - Jalpaiguri)
91. Das, Shri Paresh Nath [54 - Sagardighi (SC) - Murshidabad]
92. Das, Shri Sailaja Kumar (214 - Contai South - Midnapore)
93. Das, Shri Sanjib Kumar (172 - Shyampur - Howrah)
94. Das, Shri Soumindra Chandra (5 - Cooch Behar West - Cooch Behar)
95. Das, Shri S. R. (258 - Barabani - Burdwan)
96. Das, Shri Sukumar (204 - Mahishadal - Midnapore)
97. Das, Shri Trilochan [292 - Hansan (SC) - Birbhum]
98. Dasgupta, Shrimti Arati (118 - Falta - South 24- Parganas)
99. Dasgupta, Dr. Asim Kumar (134 - Khardah - North 24-Parganas)
100. Das Mohapatra, Shri Kamakhyanandan (215 - Pataspur - Midnapore)
101. De, Shri Partha (251 - Bankura - Bankura)
102. Deb, Shri Gautam (96 - Hasnabad - North 24-Parganas)
103. Deb, Shri Rabin (152 - Ballygunge - Calcutta)
104. Deb, Shri Saral (90 - Barasat - North 24-Parganas)
105. Dey, Shri Ajoy (78 - Santipur - Nadia)
106. Dey, Shri Lakshmi Kanta (157- Vidyasagar - Calcutta)
107. Dey, Shri Narendra Nath (186- Chinsurah - Hooghly)
108. Debsarma, Shri Ramani Kanta [32- Kaliaganj (SC) - North Dinajpur]

Alphabetical list of names of Members of the West Bengal Legislative Assembly – *contd.*

109. Dhar, Shri Padmanidhi (166 - Domjur - Howrah)

110. Duley, Shri Krishnaprasad [221- Garhbeta West (SC) - Midnapore]

111. Dutta, Dr. Gouri Pada (254- Kotulpur - Bankura)

112. Fazle Azim Molla, Shri (114 - Garden Reach - South 24-Parganas)

113. Ganguli, Shri Santi Ranjan (141 - Shyampukur - Calcutta)

114. Ganguly, Shri Bidyut (130 - Bhatpara - North 24-Parganas)

115. Gayen, Shri Nripen [99 - Hingalganj (SC) - North 24-Parganas]

116. Ghatak, Shri Santi (136 - Kamarhati - North 24-Parganas)

117. Ghosh, Shri Biren (277 - Nadanghat - Burdwan)

118. Ghosh, Shrimati Chhaya (58 - Murshidabad - Murshidabad)

119. Ghosh, Shri Kamakhya (223- Midnapore - Midnapore)

120. Ghosh, Shri Malin Kumar (178 - Chanditala - Hooghly)

121. Ghosh, Shrimati Minati (35 - Gangarampur - South Dinajpur)

122. Ghosh, Shri Rabindra (171 - Uluberia South - Howrah)

123. Ghosh, Shri Sunil Kumar (76 - Krishnanagar West - Nadia)

124. Ghosh, Shri Susanta (220 - Garhbeta East - Midnapore)

125. Goala, Shri Rajdeo (160 - Belgachia West - Calcutta)

126. Goswami, Shri Kshiti (151- Dhakuria - Calcutta)

127. Goswami, Shri Subhas (248 - Chhatna - Bankura)

128. Guha, Shri Kamal Kanti (7 - Dinhata - Cooch Behar)

129. Gyan Singh Sohanpal, Shri (224 - Kharagpur Town - Midnapore)

130. Hafiz Alam Sairani, Shri (29 - Goalpokhar - Uttar Dinajpur)

Alphabetical list of names of Members of the West Bengal Legislative Assembly – *contd.*

131. Haji Sajjad Hussain, Shri (30 - Karandighi - North Dinajpur)
132. Hajra, Shri Sachindra Nath [193 - Khanakul (SC) - Hooghly]
133. Haldar, Shri Krishnadhan [124 - Kulpi (SC) - South 24-Parganas]
134. Halder, Shri Krishna Chandra [266 - Kanksa (SC) - Burdwan]
135. Hansda, Shri Naren [232 - Binpur (ST) - Midnapore)
136. Hart, Shrimati Gillian Rosemary (295 - Nominated)
137. Hashim Abdul Halim, Shri (89 - Amdanga - North 24-Parganas)
138. Hazra, Shri Haran [169 - Sankrail (SC) - Howrah]
139. Hazra, Shri Samar [274 - Jamalpur (SC) - Burdwan]
140. Hazra, Shri Sundar (222 - Salboni - Midnapore)
141. Hembram, Shrimti Arati [246 - Ranibandh (ST) - Bankura]
142. Hore, Shri Tapan (284 - Bolpur - Birbhum)
143. Id. Mohammed, Shri (68 - Bharatpur - Murshidabad)
144. Idrish Mondal, Shri (269 - Galsi - Burdwan)
145. Jamadar, Shri Badal (107 - Bhangar - South 24-Parganas)
146. Jana, Shri Hari Pada (217 - Pingla - Midnapore)
147. Jana, Shri Manindra Nath (177 - Jangipara - Hooghly)
148. Joardar, Shri Dinesh (49 - Kaliachak - Malda)
149. Kalimuddin Shams, Shri (147 - Kabitirtha - Calcutta)
150. Kar, Shrimati Anju (276 - Kalna - Burdwan)
151. Kar, Shri Nani (88 - Ashokenagar - North 24-Parganas)
152. Khabir Uddin Ahmed, Shri Shaikh (71 - Nakashipara - Nadia)
153. Khaitan, Shri Rajesh (144 - Bara Bazar - Calcutta)

Alphabetical list of names of Members of the West Bengal Legislative Assembly – *contd.*

154. Kisku, Shri Lakhi Ram [233 - Banduan (ST) - Purulia]

155. Kisku, Shri Upen [245 - Raipur (ST) - Bankura]

156. Koley, Shri Barindra Nath (175 - Amta - Howrah)

157. Konar, Shrimati Maharani (275 - Memari - Burdwan)

158. Kujur, Shri Sushil [14 - Madarihat (ST) - Jalpaiguri]

159. Lahiri, Shri Jatu (165 - Shibpur - Howrah)

160. Lama, Shri Tamang Dawa (23 - Darjeeling - Darjeeling)

161. Let, Shri Dhiren [290 - Mayureswar (SC) - Birbhum]

162. M Ansaruddin, Shri (167 - Jagatballavpur - Howrah)

163. Mahamuddin, Shri (27 - Chopra - North Dinajpur)

164. Mahata, Shri Abinas (243 - Hura - Purulia)

165. Mahata, Shri Bindeswar (238 - Joypur - Purulia)

166. Mahata, Shri Kamala Kanta (234- Manbazar - Purulia)

167. Mahata, Shri Satya Ranjan (237 - Jhalda - Purulia)

168. Mahboob Zahedi, Shri (268 - Bhatar - Burdwan)

169. Maitra, Shri Birendra Kumar (42 - Harishchandrapur - Malda)

170. Maity, Shri Hrishikesh (126 - Kakdwip - South 24-Parganas)

171. Maity, Shri Mukul Bikash (210 - Contai North - Midnapore)

172. Majhi, Shri Bhandu [235 - Balarampur (ST) - Purulia]

173. Majhi, Shri Nandadulal [255 - Indas (SC) - Bankura]

174. Majhi, Shri Raicharan [282 - Ketugram (SC) - Burdwan]

175. Majhi, Shri Surendranath [242 - Kashipur (ST) - Purulia]

176. Majhi, Shri Pannalal (176 - Udaynarayanpur - Howrah)

177. Malakar, Shri Nani Gopal (83 - Haringhata - Nadia)

178. Malick, Shri Shiba Prasad [195 - Goghat (SC) - Hooghly]

179. Malik, Shri Sreedhar [267 -Ausgram (SC) - Burdwan]

Alphabetical list of names of Members of the West Bengal Legislative Assembly – *contd.*

180. Mamtaz Begum, Shrimati (43 - Ratua - Malda)

181. Mandal, Shri Manik Chandra (285 - Labhpur - Birbhum)

182. Mandal, Shri Prabhanjan (127 - Sagar - South 24-Parganas)

183. Mandal, Shri Rabindra Nath [91 - Rajarhat (SC) - North 24-Parganas]

184. Manna, Shri Janmejay (125 - Patharpratima - South 24-Parganas]

185. Mazumdar, Shri Dilip (264 - Durgapur I - Burdwan)

186. Md. Nezamuddin, Shri (153 - Entally - Calcutta)

187. Md. Yakub, Shri (92 - Deganga - North 24-Parganas)

188. Mehta, Shri Nishi Kanta (236 - Arsha - Purulia)

189. Minj, Shri Prakash [26 - Phansidewa (ST) - Darjeeling]

190. Mir Quasem Mondal, Shri (73 - Chapra - Nadia)

191. Mishra, Dr. Surjya Kanta (227 - Narayangarh - Midnapore)

192. Mistry, Shri Bimal [105 - Canning West (SC) - South 24-Parganas]

193. Mitra, Shri Biswanath (77 - Nabadwip - Nadia)

194. Mitra, Shrimati Jayasri (250 - Barjora - Bankura)

195. Mitra, Shrimati Sabitri (44 - Araidanga - Malda)

196. Mitra, Shri Somendra Nath (156 - Sealdah - Calcutta)

197. Moktan, Shri Nima Tshering (22 - Kalimpong - Darjeeling)

198. Mondal, Shri Bhadreswar [109- Sonarpur (SC) - South 24-Parganas]

199. Mondal, Shri Bhakti Bhusan (286 - Dubrajpur - Birbhum)

200. Mondal, Shri Biswanath [66 - Khargram (SC) - Murshidabad]

201. Mondal, Shri Ganesh Chandra [100 - Gosaba (SC) - South 24-Parganas]

202. Mondal, Shri Kshiti Ranjan [97 - Haroa (SC) - North 24-Parganas]

203. Mondal, Shri Raj Kumar [170 - Uluberia North (SC) Howrah]
204. Mondal; Shri Sailen (168 - Panchla - Howrah)
205. Mondal, Shri Sasanka Sekhar (291 -Rampurhat - Birbhum)
206. Mostafa Bin Quasem, Shri (93 - Swarupnagar - North 24-Parganas)
207. Motahar Hossain, Dr. (294 - Murarai - Birbhum)
208. Mozammel Hoque, Shri (62 - Hariharpara - Murshidabad)
209. Mudi, Shri Anil (202 - Tamluk - Midnapore)
210. Mukherjee, Shri Anil (252 - Onda - Bankura)
211. Mukherjee, Shri Dipak (116 - Budge Budge - South 24-Parganas)
212. Mukherjee, Shrimati Mamata (239 - Purulia - Purulia)
213. Mukherjee, Shri Manabendra (155 - Beliaghata - Calcutta)
214. Mukherjee, Shri Narayan (95 - Basirhat - North 24-Parganas)
215. Mukherjee, Shri Nirmal (113 - Behala West - South 24-Parganas)
216. Mukherjee, Shri Sibdas (75 - Krishnagar East - Nadia)
217. Mukherjee, Shri Subrata (142 - Jorabagan - Calcutta)
218. Mumtaz Hassan, Shri (259 - Hirapur - Burdwan)
219. Munda, Shri Chaitan [16 - Nagrakata (ST) - Jalpaiguri]
220. Murmu, Shri Debnath [40 - Gazole (ST) - Malda]
221. Murmu, Shri Maheswar [226 - Keshiary (ST) - Midnapore]
222. Murmu, Shri Sarkar [39 -Habibpur (ST) - Malda]
223. Nanda, Shri Brahmamoy [207 - Narghat - Midnapore]
224. Nanda, Shri Kiranmay (214 - Mugberia - Midnapore)
225. Nasiruddin Khan, Shri (61 - Noada - Murshidabad)

Alphabetical list of names of Members of the West Bengal Legislative Assembly – contd.

226. Naskar, Shri Subhas [101 - Basanti (SC) - South 24-Parganas
227. Naskar, Shri Sundar [110 - Bishnupur East (SC) - South 24-Parganas]
228. Nath, Shri Madan Mohan (132 - Noapara -North 24-Parganas)
229. Nath, Shri Manoranjan (279 - Purbasthali - Burdwan)
230. Nazmul Haque, Shri (225 - Kharagpur Rural - Midnapore)
231. Nazmul Haque, Shri (41 - Kharba - Malda)
232. Neogy, Shri Brajo Gopal (190- Polba - Hooghly)
233. Nurul Islam Chowdhury, Shri (64 - Beldanga - Murshidabad)
234. Omar Ali, Dr. (200 -Panskura West - Midnapore)
235. Oraon, Shri Jagannath [18 - Mal (ST) - Jalpaiguri]
236. Paik, Shri Sunirmal [209 - Khajuri (SC) - Midnapore]
237. Pakhira, Shri Ratanchandra [197 - Ghatal (SC) - Midnapore]
238. Pande, Shri Sadhan (158 - Burtola - Calcutta)
239. Pathak, Shri Patit Paban (161 -Bally - Howrah)
240. Patra , Shri Amiya (244 - Taldangra - Bankura)
241. Patra, Shri Ranjit (228 - Dantan - Midnapore)
242. Paul, Shrimati Maya Rani (63 - Berhampore - Murshidabad)
243. Phodikar, Shri Prabhas Chandra (198 - Daspur - Midnapore)
244. Poddar, Shri Deoki Nandan (143 - Jorasanko - Calcutta)
245. Pradhan, Shri Prasanta (208 - Bhagwanpur - Midnapore)
246. Pramanik, Shri Abinash [188- Balagarh (SC) - Hooghly]
247. Pramanik, Shri Sudhir [2 - Sitalkuchi (SC) - Cooch Behar]
248. Purkait, Shri Prabodh [102 - Kultali (SC) - South 24-Parganas]
249. Putatunda (Dev), Shrimati Anuradha (120 - Magrahat West - South 24-Parganas)
250. Quazi Abdul Gaffar, Shri (94 - Baduria - North 24-Parganas)

Alphabetical list of names of Members of the West Bengal Legislative Assembly – *contd.*

251. Raha, Shri Sudhan (19 - Kranti - Jalpaiguri)

252. Ray, Shri Achintya Krishna (253 - Vishnupur - Bankura)

253. Ray, Shri Jatindranath [21 - Rajganj (SC) - Jalpaiguri]

254. Roy, Shri Sattick Kumar (293 - Nalhati - Birbhum)

255. Ray, Shri Subhas [122- Mandirbazar (SC) - South 24-Parganas]

256. Ray, Shri Tapan (288 - Suri - Birbhum)

257. Roy, Shri Banamali (15 - Dhupguri (SC) - Jalpaiguri)

258. Roy, Shri Dwijendra Nath (37 - Kumarganj - South Dinajpur)

259. Roy, Shri Mrinal Kanti (212 - Ramnagar - Midnapore)

260. Roy, Shri Narmada Chandra [33 - Kushmandi (SC) - South Dinajpur]

261. Roy, Shri Sougata (148 - Alipore - Calcutta)

262. Roychowdhury, Shri Goutam (260 - Asansol - Burdwan)

263. Rubi Noor, Shrimati (48 - Sujapur - Malda)

264. Saha, Shri Kripa Sindhu [191 - Dhaniakhali (SC) - Hooghly]

265. Sahis, Shrimati Bilasi [240 - Para (SC) - Purulia]

266. Sanyal, Shri Kamalendu (70 - Palashipara - Nadia)

267. Saren, Shri Subhas Chandra [229 - Nayagram (ST) - Midnapore]

268. Sarkar, Shri Deba Prasad (103 - Joynagar - South 24-Parganas)

269. Sarkar, Shri Nayan [79 - Hanskhali (SC) - Nadia]

270. Sarkar, Shri Sisir (201 - Panskura East - Midnapore)

271. Sarkar, Shri Sisir Kumar (57 - Nabagram - Murshidabad)

272. Sen, Dr. Anupam (20 - Jalpaiguri - Jalpaiguri)

273. Sen, Shri Dhiren (289 - Mahammad Bazar - Birbhum)

274. Sen, Dr. Sankar Kumar (138 - Dum Dum - North 24-Parganas)

Alphabetical list of names of Members of the West Bengal Legislative Assembly – *contd.*

275. Sen Gupta, Shri Dipak (6 - Sitai - Cooch Behar)
276. Sen Gupta (Bose), Shrimati Kamal (87 - Habra - North 24 Parganas)
277. Sen Gupta, Shri Prabir (187 - Bansberia - Hooghly)
278. Seth, Shri Bhupendranath (85 - Bongaon - North 24-Parganas)
279. Seth, Shri Lakshman Chandra [205 - Sutahata (ST) - Midnapore]
280. Shaw, Dr. Pravin Kumar (133 - Titagarh - North 24-Parganas)
281. Shish Mohammad, Shri (52 - Suti - Murshidabad)
282. Sinha, Shri Atish Chandra (65- Kandi - Murshidabad)
283. Sinha, Shri Khagendra Nath [31 - Raiganj (SC) - North Dinajpur]
284. Sinha, Dr. Nirmal [121 - Magrahat East (SC) - South 24-Parganas]
285. Sinha, Shri Prabodh Chandra (213 - Egra - Midnapore)
286. Singh, Shri Lagan Deo (162 - Howrah North - Howrah)
287. Sk. Jahangir Karim, Shri (218- Debra - Midnapore)
288. Soren, Shri Khara [36 - Tapan (ST) - South Dinajpur]
289. Sur, Shri Prasanta Kumar (150 - Tollygunge - Calcutta)
290. Syed Nawab Jani Meerza, Shri (56 - Bhagabangola - Murshidabad)
291. Talukdar, Shri Pralay (164 - Howrah South - Howrah)
292. Tirkey, Shri Manohar [11 - Kalchini (ST) - Jalpaiguri]
293. Toppo, Shri Salib [10 - Kumargram (ST) - Jalpaiguri]
294. Touab Ali, Shri (51 - Aurangabad - Murshidabad)
295. Unus Sarkar, Shri (59 - Jalangi - Murshidabad)

Proceedings of the West Bengal Legislative Assembly Assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House Calcutta, on Friday, the 26th July 1991 at 3.00 p.m.

PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair 29 Ministers,

12 Ministers of State and 211 Members.

Presentation of the Annual Financial Statement of the Government of West Bengal for the Year 1991-92

[3.00 - 3.10 p.m.]

ডঃ অসীম কুমার দাশগুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়,

আপনার অনুমতি নিয়ে আমি ১৯৯১-৯২ আর্থিক বছরের বাজেট বরাদ্দ উপস্থাপন করছি।

২। এ রাজ্যের সাধারণ মানুষ, আরও একবার বামফ্রন্টের নীতির প্রতি আস্থাজ্ঞাপন করে — এক নতুন ইতিহাস সৃষ্টি করে — রাজ্যস্তরে বামফ্রন্ট সরকারের হাতে দায়িত্বভার অর্পণ করেছেন। এই বাজেট রচনার সময় একটি অগ্রাধিকারবোধ কাজ করেছে — যে অগ্রাধিকারবোধ বারংবার সাধারণ মানুষের স্বার্থকে উর্দ্ধে তুলে ধরার চেষ্টা করে। এই দৃষ্টিভঙ্গীতে বাজেট রচনা করার সময় তাই গত প্রায় চোদ্দ বছরের অভিজ্ঞতা থেকে — তার সফলতা ও অসম্পূর্ণতা — উভয় থেকেই শিক্ষা নেওয়ার চেষ্টা হয়েছে।

৩। একই সঙ্গে উল্লেখ করা প্রয়োজন যে, এই বাজেট উপস্থাপন করা হচ্ছে এমন একটি সময়ে যখন সমগ্র দেশ এক তীব্র আর্থিক সঙ্কটের মুখোমুখি দাঁড়িয়ে। সমগ্র দেশের এই সঙ্কটের ফলে যে কোনো রাজ্যেরই, এবং তাই পশ্চিমবঙ্গেরও, সাধারণ মানুষ ক্ষতিগ্রস্ত হতে পারেন, এবং রাজ্যের সীমাবদ্ধ ক্ষমতার ওপর আরও আঘাত আসতে পারে। যেহেতু সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দাঁড়িয়েই সাধারণ মানুষের স্বার্থরক্ষার্থে এই রাজ্য-বাজেট, তাই দেশের এই সামগ্রিক সঙ্কটের একটি সংক্ষিপ্ত আলোচনার প্রয়োজন আছে, যাতে বিকল্প পথের দিকনির্দেশ সঠিক থাকে।

৪। দেশের এই যে সামগ্রিক আর্থিক সঙ্কট, তার এক ভয়াবহ প্রতিফলন পড়েছে বহির্বাণিজ্যের ঘাটতিতে। টাকার তীব্র অবমূল্যায়ন এই সঙ্কটের প্রমাণ দিচ্ছে। আন্তর্জাতিক অর্থ ভান্ডার (আই এম এফ) ও অন্যান্য সংস্থার সঙ্গে বৈদেশিক ঋণ নিয়ে ভারত সরকার যেভাবে কথাবার্তা চালাচ্ছেন বলে খবর পাওয়া যাচ্ছে এবং যেভাবে দেশের সোনা বিপুল পরিমাণে বিদেশে বন্ধক রাখা হচ্ছে, তাতেও এই সঙ্কটের লক্ষণ স্পষ্ট।

৫। বহির্বাণিজ্যে ঘাটতির এই সঙ্কট কোনো বিচ্ছিন্ন ঘটনা নয়। বিগত বেশ কিছু বছর ধরে বিশেষত আশির

দশকে, কেন্দ্রীয় সরকার জাতীয় স্তরে যে নীতি গ্রহণ করেছেন, তার সঙ্গে এই সঙ্কটের অবিচ্ছেদ্য সংযোগ রয়েছে। এই নীতির ফলেই জাতীয় স্তরে বারংবার সম্পদের মালিকানার — কৃষিতে মূলত জমির এবং শিল্পে পুঁজির— অসম বন্টন ও বৈষম্য মেনে নিয়ে উৎপাদনের পরিকল্পনা করা হয়েছে। তাই সমগ্র দেশের ক্ষেত্রে কোনো কার্যকর ভূমি-সংস্কার করা হয় নি। জাতীয় নমুনা সমীক্ষার তথ্য অনুযায়ী সমগ্র দেশে এখনো মোট কৃষিজমির মালিকানার মাত্র ২৯ শতাংশ আছে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের হাতে এবং বাকি ৭১ শতাংশ আছে সম্পন্ন কৃষকের হাতে। এর ফলে কৃষিতে উৎপাদনের মূল সুফল গ্রামাঞ্চলে সংখ্যাগরিষ্ঠ দরিদ্র পরিবারের কাছে পৌছায় নি; তাঁদের ক্রয়ক্ষমতা, সাধারণভাবে, স্বল্পই থেকে গেছে। একইভাবে, শিল্প-উৎপাদনের পরিকল্পনা দেখা হয়েছে বৃহৎ শিল্পপতিদের চোখ দিয়ে। তাদের চোখ দিয়ে দেখার ফলে, উৎপাদনের ক্ষেত্রে, সামগ্রিক প্রয়োজনের তুলনায় এক অতিরিক্ত পুঁজি-নির্ভর প্রযুক্তির ব্যবহার করার প্রবণতা দেখা গেছে, যে প্রযুক্তি কর্মসংস্থানের পরিপন্থী হয়ে দাঁড়িয়েছে এবং ব্যাপক বেকারি সৃষ্টি করেছে। ব্যহত ভূমি-সংস্কার এবং এই ব্যাপক বেকারই হল সাধারণ মানুষের স্বল্প ক্রয়ক্ষমতার মূল কারণ। এই স্বল্প ক্রয়ক্ষমতার ওপর বারংবার চাপানো হয়েছে পরোক্ষ কর ও মূল্যবৃদ্ধির বোঝা, এবং তাঁদের প্রকৃত ক্রয়ক্ষমতা তাই আরও হ্রাস পেয়েছে।

৬। অন্যদিকে, জমি ও পুঁজির মালিকানার অসম বন্টনের ফলে, এবং অত্যধিক পুঁজি-নির্ভর প্রযুক্তি গ্রহণের কারণে, কিছু উচ্চবিত্ত মানুষের আয় একপেশে ভাবে আরো বৃদ্ধি পেয়েছে। বৃহৎ সংখ্যক সাধারণ মানুষের ক্রয়ক্ষমতা সঙ্কোচনের পাশাপাশি অল্পসংখ্যক উচ্চবিত্তের এই একপেশে আয়বৃদ্ধি দেশের শিল্পবিকাশের সমগ্র চিত্রটিকে বিকৃত করে তুলেছে। সাধারণ মানুষের নিত্যপ্রয়োজনীয় জিনিষপত্রের উৎপাদনের পরিবর্তে ঝোঁক চলে গেছে বাছাই করা ধনীভোগ্য দ্রব্যের উৎপাদনের দিকে, এবং এই ধনীভোগ্য দ্রব্য উৎপাদনের শিল্পগুলিই হচ্ছে বিশেষভাবে পুঁজি-নির্ভর ও আমদানী নির্ভর। এর ফলে, বেকারী আরও ব্যাপক হয়েছে এবং জনসাধারণের ক্রয়ক্ষমতা অধিকতর হ্রাস পেয়েছে। পরিণতিতে, দেশের আভ্যন্তরীণ বাজার সঙ্কুচিত হয়েছে, এবং এটাই দেশের সামগ্রিক শিল্পবিকাশের পথে প্রধান বাধা হয়ে দাঁড়িয়েছে।

৭। দেশের আভ্যন্তরীণ বাজারের এই সীমাবদ্ধতার মুখোমুখী হয়ে কেন্দ্রীয় সরকার মুক্তির পথ খোঁজবার চেষ্টা করেছেন রপ্তানীর মাধ্যমে। কিন্তু, বৈদেশিক বাণিজ্যের তথ্য থেকে জানা যাচ্ছে যে রপ্তানী যথেষ্ট বৃদ্ধি পায়নি। অথচ, পুঁজি-নির্ভর এবং আমদানী নির্ভর প্রযুক্তি গ্রহণের ফলে, এবং বিশেষত উচ্চবিত্ত মানুষের ইচ্ছা-আকাঙ্খা মেটানোর তাগিদে, আমদানি ব্যপকভাবে বৃদ্ধি পেয়েছে। আমদানী এবং রপ্তানীর মধ্যে এই ক্রমবর্ধমান ব্যবধান, বহির্বাণিজ্যের ঘাটতিকে এক বিপজ্জনক পর্যায়ে নিয়ে গেছে। মাননীয় সদস্যদের স্মরণে থাকবে যে, এই ঘাটতির মুখোমুখি দাঁড়িয়ে, ১৯৮১ সালে, কেন্দ্রীয় সরকার আই এম এফ এর দ্বারস্থ হয়ে প্রায় পাঁচ হাজার কোটি টাকার বৈদেশিক ঋণ নেন। মাননীয় সদস্যদের এটাও স্মরণ থাকবে যে, তখন বারংবার দাবি করা সত্ত্বেও কেন্দ্রীয় সরকার সংসদকে এই আই এম এফ ঋণের শর্ত জানান নি। না জানালেও, পরবর্তী ঘটনাবলীর মাধ্যমে দেখা যায় যে, প্রায় ক্রমাগত প্রয়োজনীয় জিনিসের (পেট্রোল, ডিজেল, কয়লা, লোহা ইত্যাদির) প্রশাসনিক দাম বৃদ্ধি করা হল। এ ছাড়া, ব্যাঙ্কের ঋণের ওপর সুদের হার বৃদ্ধি, একচেটিয়া পুঁজিপতিদের ওপর নিয়ন্ত্রণ শিথিল, আমদানি আরও অবাধ করা — এই পদক্ষেপগুলিও নেওয়া হল। এরও ওপর, বিশেষ করে, ১৯৮৫-৮৬ সাল থেকে ১৯৮৯-৯০— এই সময়ে টাকার যথেষ্ট অবমূল্যায়নও (প্রায় ৩১ শতাংশ) কার্যত করা হল।

৮। কিন্তু লক্ষনীয় যে, আই এম এফ ঋণ এবং এই পদক্ষেপগুলির ফলে, বহির্বানিজ্যে ঘাটতি পরবর্তী বছরগুলিতে হ্রাস পাওয়ার পরিবর্তে বস্তুত আরও বৃদ্ধি পেয়েছে। এর কারণ, টাকার অবমূল্যায়ণের সঙ্গে সঙ্গে আমদানী নীতি আরও অবাধ করায় মোট আমদানীর মূল্য বৃদ্ধি পেয়েছে। অন্যদিকে, প্রয়োজনীয় দ্রব্যের প্রশাসনিক দাম বৃদ্ধি, সুদের হার বৃদ্ধি এবং আভ্যন্তরীণ প্রতিযোগিতা আরও অসম করায়, আভ্যন্তরীণ মূল্যবৃদ্ধি আরও ব্যাপক হয়েছে, এর ফলে, রপ্তানীর সম্ভাবনাও খর্ব হয়েছে। এর পরিণতি হিসেবে

বহির্বাণিজ্যের সঙ্কট আরও তীব্র হয়েছে। শুধু তাই নয়, এই ভ্রান্ত নীতির ফলে সঙ্কটের মূল বোঝাটি — মূল্যবৃদ্ধির মাধ্যমে এবং ব্যাপক বেকারী বৃদ্ধির মাধ্যমে — চাপানো হয়েছে সাধারণ মানুষের ওপর। কিন্তু, অন্যদিকে, এই নীতির ফলে, দেশের উচ্চবিত্ত শ্রেণী এবং বিদেশের রপ্তানীকারক গোষ্ঠী যথেষ্ট লাভবান হয়েছে।

৯। কেন্দ্রীয় সরকারের এই নীতির ফলে বহির্বাণিজ্যের সঙ্কট কতটা তীব্র হয়েছে তার প্রমাণ হল, আমাদের যে বৈদেশিক ঋণের পরিমাণ আশির দশকের গোড়ায় ছিল প্রায় ১৮,৪০০ কোটি টাকা, এখন তা বৃদ্ধি পেয়ে হয়েছে এক লক্ষ কোটি টাকারও বেশি। এর মধ্যে, বৈদেশিক বাণিজ্যিক ঋণের বেপরোয়া বৃদ্ধি হয় ১৯৮৭-৮৮ সাল থেকে ১৯৮৯-৯০ সালের মধ্যেই। এর পরেও সঙ্কট গভীরতর হয়েছে এবং ফলে দেশের বৈদেশিক মুদ্রার তহবিল এখন এক বিপজ্জনক অবস্থায় নেমে এসেছে। কিন্তু, পরিতাপের বিষয় যে, এই সঙ্কটের মুখোমুখি দাঁড়িয়ে কেন্দ্রীয় সরকার ১৯৮১ সালের ঘটনার প্রায় পুনরাবৃত্তি করে এখন আবার ঋণের জন্য আই এম এফ-এর দ্বারস্থ হচ্ছেন, এবং এর সামগ্রিক শর্তাবলী সংসদ এবং দেশের মানুষকে জানাচ্ছেন না। কিন্তু কার্যত দেখা যাচ্ছে যে, ইতিমধ্যেই দফায় দফায় টাকার তীব্র অবমূল্যায়ন করা, ব্যাঙ্কের সুদের হার বৃদ্ধি করা এবং আমদানী আরও উদার করা—এই পদক্ষেপগুলি নেওয়া হয়ে গেছে। এর পরে, শিল্পনীতি ঘোষণা করে একচেটিয়া পুঁজির সম্পত্তি র উর্ধ্বসীমার ওপর নিয়ন্ত্রণ একেবারে তুলে দিয়ে আভ্যন্তরীণ প্রতিযোগিতাকে আরও অসম করা হয়েছে, এবং বিদেশী পুঁজি ও পুঁজি-নির্ভর প্রযুক্তিকে আরও স্বাগত জানানো হয়েছে। একই দিকে এগিয়ে, ১৯৯১-৯২ সালের কেন্দ্রীয় বাজেটেও আমদানীর ওপর শুল্ক ব্যাপকভাবে হ্রাস করে আমদানীকে উৎসাহিত কবা হয়েছে। জাতীয় স্তরে সামগ্রিকভাবে কোনো সরকারী বন্টনব্যবস্থার কথা জানানো হয়নি এবং আয়করের ক্ষেত্রে প্রাতিষ্ঠানিক করের সামান্য পরিবর্তন করা হলেও সামগ্রিকভাবে এর কোনো প্রভাব কর-কাঠামোয় পড়ে নি। বস্তুত, মোট করের ক্ষেত্রে প্রত্যক্ষ করের ভাগ কিছুটা হ্রাসই পেয়েছে (১৯৯০-৯১ সালের ২০.৭ শতাংশ থেকে ১৯৯১-৯২ সালে ২০.২ শতাংশ); অর্থাৎ পরোক্ষ করের বোঝা বৃদ্ধিই পেয়েছে। এই সমস্ত পদক্ষেপগুলির ফলে, লাগাতার মূল্যবৃদ্ধির মাধ্যমে এবং কর্মহীনতা বৃদ্ধির মাধ্যমে দেশের সাধারণ মানুষ (যাঁরা আগেও ক্ষতিগ্রস্ত হয়েছেন) ক্ষতিগ্রস্ত হবেন এবং দেশের মুষ্টিমেয় বিত্তশালী শ্রেণী এবং বিদেশী যোগানদার ও তাদের পশ্চাতের শক্তিবর্গ লাভবান হবেন তাই নয়, বহির্বানিজ্যের সঙ্কট ক্রমশই বিপর্যয়ের রূপ ধারণ করবে। পরিণতিতে, ভারতের বিদেশী ঋণের আবর্তে চূড়ান্তভাবে জড়িয়ে পড়ার এবং আর্থিক সার্বভৌমত্ব ক্ষুন্ন হওয়ার সর্বনাশা সম্ভাবনা দেখা দেবে।

[3.10 - 3 20 p.m.]

১০। এই সর্বনাশা সম্ভাবনার মুখোমুখি দাঁড়িয়ে রাজ্য সরকারের পক্ষ থেকে একটি বিকল্প পথের প্রস্তাব রাখা হয়েছে। এই প্রস্তাবের স্বল্পমেয়াদী স্তরে জোর দেওয়া হয়েছে সামাজিকভাবে অপ্রয়োজনীয় সকল প্রকার আমদানী হ্রাসের ওপর। গত কয়েক বছরে আমদানীর গড় তথ্য থেকে দেখা যায়, যে খাতে সর্বাধিক আমদানী করা হয়েছে, তা পেট্রোল বা ডিজেল নয়, তা হল যন্ত্রপাতি, যার একটি বড় অংশ ব্যবহৃত হয় বিত্তশালীদের ভোগ্যদ্রব্য উৎপাদনের জন্য। এই ধরনের সামাজিক ভাবে অপ্রয়োজনীয় সমস্ত আমদানী হ্রাস করলে বৈদেশিক মুদ্রার যথেষ্ট সাশ্রয় আগামী কয়েক মাসের মধ্যেই করা সম্ভব। একই সঙ্গে অনাবাসী ভারতীয়দের দেশে বিনিয়োগ করার জন্য বিশেষ উৎসাহদান পদ্ধতি সত্বর চালু করা উচিত। এছাড়া, রপ্তানী বৃদ্ধি এবং সাধারণ মানুষের স্বার্থরক্ষার উদ্দেশ্যে মূল্যবৃদ্ধি রোধ করার জন্য জাতীয় স্তরে আশু পদক্ষেপ প্রয়োজন। এই উদ্দেশ্যে বাজেটে ঘাটতি এমনভাবে কমানো উচিত, যাতে মূল্যবৃদ্ধি কিছুটা প্রশমিত হয়। এর জন্য নিত্যপ্রয়োজনীয় জিনিসের ওপর প্রশাসনিক দাম বৃদ্ধি না করে বা পরোক্ষ কর বৃদ্ধি না করে (এতদিন যা করা হয়েছে) উচিত হল প্রত্যক্ষ করের উল্লেখযোগ্য বৃদ্ধি করে কর-কাঠামোয় তার গুরুত্ব বাড়িয়ে তোলা, ক্ষুদ্রশিল্পের উৎপাদনে উৎসাহ দিয়ে দেশের বাজারে প্রতিযোগিতার ক্ষেত্র সম্প্রসারিত করা, এবং

নিত্যাপ্রয়োজনীয় দ্রব্যের ক্ষেত্রে, আর বিলম্ব না করে, সরকারী বন্টনব্যবস্থা জাতীয় স্তর থেকে কার্যকর করা। রাজ্য সরকারের এই বিকল্প প্রস্তাবে, দীর্ঘমেয়াদী স্তরে, মূল জোর দেওয়া হয়েছে স্বনির্ভরতার লক্ষ্যকে প্রতিষ্ঠিতি করার ওপর। এই উদ্দেশ্যে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে ভূমিসংস্কার, ক্ষুদ্রশিল্পের প্রসার, শ্রমনিবিড় এবং স্থানীয়-সম্পদনির্ভর উন্নত প্রযুক্তির ব্যবহার, এবং এ-সবের মাধ্যমে, সাধারণ মানুষের ক্রয়ক্ষমতা বৃদ্ধি ও আভ্যন্তরীণ বাজার সৃষ্টির ওপর। সামগ্রিকভাবে দেখানো হয়েছে যে, এই বিকল্প নীতির ফলে কিভাবে স্বল্পমেয়াদী এবং দীর্ঘমেয়াদী স্তরে, শুধু যে বৈদেশিক বাণিজ্যে ঘাটতি এবং আভ্যন্তরীণ বাজেটে ঘাটতি কমবে তাই নয়, একই সঙ্গে দেশের সাধারণ মানুষের স্বার্থরক্ষা করা সম্ভব হবে।

১১। এই বিকল্প নীতির প্রস্তাব রাখার ভিত্তি রাজ্য সরকারের আছে। কারণ, এই প্রস্তাবের যে অংশটি রাজ্য স্তরে প্রাসঙ্গিক, তার মূল বিষয়গুলি গত প্রায় চোদ্দ বছর ধরে এ রাজ্যে অনুসরণ করার চেষ্টা হয়েছে।

১২। রাজ্য স্তরে এই বিকল্প পথের যাত্রা বাস্তবিকই শুরু হয়েছে ভূমিসংস্কার দিয়ে। ভূমিসংস্কার কার্যকর করার ফলে পশ্চিমবঙ্গে একটি এমন অবস্থায় এখন পৌঁছানো গেছে যা সর্বভারতীয় পরিস্থিতির চেয়ে একেবারে ভিন্ন। জাতীয় নমুনা সমীক্ষা অনুযায়ী (যা আগেই উল্লেখ করা হয়েছে) যেখানে সমগ্র দেশের ক্ষেত্রে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের হাতে জমি আছে মাত্র ২৯ শতাংশ, সেখানে পশ্চিমবঙ্গে, ভূমিসংস্কার কার্যকর হওয়ার পর ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মালিকানায় মোট ৬০ শতাংশ জমি এসে গেছে। এর সঙ্গে যদি নথিভুক্ত বর্গাদারদের আওতায় যে জমি এসেছে, তা যোগ করা হয় তাহলে দরিদ্র খেটে-খাওয়া কৃষকের অধিকারে এখন জমির পরিমাণ ৭০ শতাংশকে অতিক্রম করে যাবে, যা সমগ্র দেশের ক্ষেত্রে একটি রেকর্ড।

১৩। এই নতুন পরিস্থিতিতে যেহেতু কৃষির মালিকানা খেটে-খাওয়া কৃষকের চোখ দিয়ে দেখা সম্ভব, তাই তাঁদের স্বার্থে, অন্যান্য উপকরণ যেমন, সেচ, সার ইত্যাদি সরবরাহের ক্ষেত্রে, যেখানে সম্ভব, জোর দেওয়া হয়েছে এমন প্রযুক্তির ওপর যা শ্রম ও স্থানীয় সম্পদ অধিকতর মাত্রায় ব্যবহার করতে পারে। উদাহরণস্বরূপ, সেচের ক্ষেত্রে ক্ষুদ্রসেচের ওপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে। বৃহৎ সেচ প্রকল্পগুলি সম্পন্ন করা ও নতুন কিছু প্রকল্প শুরু করার সঙ্গে সঙ্গে জোর দেওয়া হয়েছে মাঠ-নালাগুলির কাজ সম্পূর্ণ করার ওপর। এর ফলে সংস্থাপিত সেচক্ষমতার আওতায় চলে এসেছে গড়ে ৪০ শতাংশেরও বেশি মোট চাষের জমি। কেন্দ্রীয় যোজনা কমিশন তাঁদের একটি সাম্প্রতিক দলিলে লিখেছেন যে ইদানিং পশ্চিমবঙ্গে বিভিন্ন এলাকার জলবায়ু এবং সামগ্রিক পরিস্থিতি বিচার করে যেভাবে কৃষি পরিকল্পনা করা হচ্ছে, তাতে এই পরিকল্পনা করার ক্ষেত্রে সমস্ত রাজ্যের মধ্যে পশ্চিমবঙ্গের স্থান এখন সর্বপ্রথমে চলে গেছে। এ প্রসঙ্গে উল্লেখ করা প্রয়োজন যে ১৯৭৬-৭৭ সালে যেখানে রাজ্যে মোট খাদ্যশস্যের উৎপাদন ছিল ৭৪ লক্ষ টন, তা ১৯৮৯-৯০ সালে ১১৮ লক্ষ টনের সর্বকালীন রেকর্ডে পৌঁছেছে। এছাড়া আর্থিক সমীক্ষাতে উল্লেখ করা হয়েছে, কিভাবে ইদানীংকালে হেক্টরপ্রতি শস্য উৎপাদন ক্ষমতাও বৃদ্ধি পেয়েছে। মাননীয় সদস্যগণ জেনে আনন্দিত হবেন, চালের মোট উৎপাদনে সমস্ত রাজ্যের মধ্যে পশ্চিমবঙ্গের স্থান এখন প্রথম। আলু উৎপাদনের ক্ষেত্রে, পাঁচ বছরের গড় উৎপাদনের ভিত্তিতে, পশ্চিমবঙ্গ ধাপে ধাপে এগিয়ে এখন দ্বিতীয় স্থানে উঠে এসেছে। মাননীয় সদস্যগণ জেনে আরও আনন্দিত হবেন, সদ্যপ্রকাশিত কেন্দ্রীয় সরকারের আর্থিক সমীক্ষায় (১৯৯১-৯২) রাজ্যওয়ারী সামগ্রিক খাদ্যশস্য উৎপাদনের তথ্য থেকে দেখা যাচ্ছে যে, সপ্তম পরিকল্পনায় (১৯৮৫-৯০) খাদ্যশস্য উৎপাদনের গড় বৃদ্ধির হারে পশ্চিমবঙ্গ এখন সমস্ত রাজ্যের মধ্যে প্রথম স্থান অধিকার করেছে (আর্থিক সমীক্ষা, দ্বিতীয় পরিচ্ছেদ) পশ্চিমবঙ্গে এই বৃদ্ধির হার ৩৪ শতাংশ, তারপরে আছে হরিয়ানা (২৪ শতাংশ) এবং পাঞ্জাব (২৩ শতাংশ)। শুধুমাত্র যে উৎপাদন বৃদ্ধি পেয়েছে তাই নয়, ভূমিসংস্কারকে ভিত্তি করে এবং যথাযথ প্রযুক্তি ব্যবহার করে এই উৎপাদন বৃদ্ধি হওয়ার ফলে, একই সঙ্গে গ্রামাঞ্চলে সাধারণ মানুষের আর্থিক অবস্থারও কিছুটা উন্নতি হয়েছে। এর প্রতিফলন পড়েছে ভূমিহীন কৃষকের মজুরী বৃদ্ধিতে। ১৯৭৬-৭৭ সালে যেখানে নগদ ও জিনিসপত্র মিলিয়ে এই দৈনিক গড় মজুরীর হার ছিল ৫.৬০ টাকা, এখন তা বৃদ্ধি

পেয়ে ১৯৯০-৯১ সালে ২০ টাকাকে অতিক্রম করেছে এবং কোন কোন জেলায় ২৫ টাকাকেও অতিক্রম করে গেছে। সমান গুরুত্বপূর্ণ যে, একই সঙ্গে কৃষিতে কর্মসংস্থানও বৃদ্ধি পেয়েছে। এই কর্মসংস্থান বৃদ্ধির তথ্যভিত্তিক চিত্রটি দেওয়া হয়েছে আর্থিক সমীক্ষার অষ্টম পরিচ্ছেদে (বিশেষভাবে সারণী ৮.৪ দ্রষ্টব্য)। কৃষি ছাড়া সংশ্লিষ্ট অন্যান্য ক্ষেত্রে (যথা, বনসৃজন, পশুপালন ও মৎস্যচাষ ইত্যাদিতে) যে অগ্রগতি হয়েছে তার তথ্যও দেওয়া হয়েছে আর্থিক সমীক্ষাতে। উদাহরণ হিসেবে, বলা যায় যে, গত প্রায় দশ বছরে (১৯৮০-৮১ থেকে ১৯৮৯-৯০) অতিরিক্ত প্রায় ৪.৫৯ লক্ষ হেক্টর জমি বনসৃজনের আওতায় আনা হয়েছে, যার ফলে এ রাজ্যের মোট জমির প্রায় ৫ শতাংশ অতিরিক্ত জমি নতুনভাবে বনের আচ্ছাদন থেকে উপকৃত হয়েছে। এই নতুন বনায়নের শতকরা প্রায় ৭০ শতাংশই হয়েছে সামাজিক বনসৃজনের মাধ্যমে। মাননীয় সদস্যগণ জেনে আনন্দিত হবেন যে, সামাজিক বনসৃজনে সমগ্র দেশে এ রাজ্যের স্থান এখন একেবারে প্রথম সারিতে, এবং এই কর্মসূচীর রূপায়ণ সম্ভব হয়েছে পঞ্চায়েতের মাধ্যমে গ্রামাঞ্চলের সাধারণ মানুষের ব্যাপকভাবে অংশগ্রহণের মাধ্যমে।

১৪। ভূমি-সংস্কারকে ভিত্তি করার ফলে কৃষি উৎপাদন বৃদ্ধির সঙ্গে গ্রামাঞ্চলে যেহেতু সাধারণ মানুষের ক্রয়ক্ষমতা আগেকার অবস্থার চেয়ে বৃদ্ধি পেয়েছে, তাই, এর পথ বেয়ে, ক্ষুদ্র ও কুটির শিল্পের অগ্রগতি ঘটেছে—বিশেষ করে যে শিল্পগুলি (যেমন, তাঁত শিল্প) সাধারণ মানুষের ভোগ্যপণ্য প্রস্তুত করে। তাঁতশিল্পের মোট উৎপাদন, যা ১৯৭৬-৭৭ সালে ছিল ২০ কোটি মিটার, তা এখন ৪৩ কোটি মিটার অতিক্রম করে গেছে। এ ছাড়া ১৯৭৬-৭৭ সালে যেখানে রাজ্যে নথিভুক্ত ছোট শিল্পের সংখ্যা ছিল ১ লক্ষেরও কম, তা এখন বৃদ্ধি পেয়ে হয়েছে প্রায় ৩.৪০ লক্ষ। সর্বভারতীয় তথ্যের ভিত্তিতে উল্লেখ করা প্রয়োজন, নথিভুক্ত ছোট শিল্প সংস্থা স্থাপনের অগ্রগতিতে সমস্ত রাজ্যের মধ্যে পশ্চিমবঙ্গের স্থান শীর্ষে।

১৫। একই সঙ্গে বলা উচিত যে, রাজ্যে বৃহৎ ও মাঝারী শিল্পে উৎপাদনের যে মোট সূচক নির্ণয় করা হয় (নতুন ভিত্তিবর্ষ ঃ ১৯৮০=১০০), ইদানীং কালে তার ঊর্ধ্বগতি পরিলক্ষিত হয়েছে। ১৯৮৭ সালে ১০৮.৪ থেকে বৃদ্ধি পেয়ে এই সূচক ১৯৯০ সালে ১১৭.৪-এ পৌঁছেছে, এবং ১৯৯১ সালের প্রথম তিন মাসে এই সূচক আরও বৃদ্ধি পেয়ে ১২২.৭-এ পৌঁছেছে। বৃহৎ ও মাঝারী শিল্পের ক্ষেত্রে যে ধরনের নতুন বিনিয়োগ এ রাজ্যে শুরু হয়েছে, তার বর্ণনা আর্থিক সমীক্ষার চতুর্থ পরিচ্ছেদে আছে। বিশেষ করে, বন্ধ ও রুগ্ন কারখানা খোলার ক্ষেত্রে যে নতুন পদক্ষেপগুলি নেওয়া হয়েছে, তার বিশ্লেষণও করা হয়েছে এই চতুর্থ পরিচ্ছেদেই। বন্ধ ও রুগ্ন শিল্প সংস্থায় এই পদক্ষেপগুলি নেওয়ার ফলে সংস্থাগুলিতে প্রায় ৬০ হাজার শ্রমিকের কর্মসংস্থান রক্ষা করা সম্ভব হয়েছে।

১৬। রাজ্যে বৃহৎ ও মাঝারি শিল্পে ইদানীং যে ইতিবাচক পরিবর্তন শুরু হয়েছে তার বর্ণনা করতে গিয়ে আমরা যেন এক মুহূর্তের জন্যও কেন্দ্রীয় বঞ্চনার কথা ভুলে না যাই। আমরা যেন ভুলে না যাই যে, পান্ডে কমিটির সুপারিশ অনেকদিন আগে দেওয়া সত্ত্বেও মাশুল সমীকরণ নীতি এখনও প্রত্যাহৃত হয় নি। যেন ভুলে না যাই যে ব্যাঙ্কগুলির ঋণ-আমানতের অনুপাত এ রাজ্যে এখনও ৫৫ শতাংশকে অতিক্রম করে নি, যেখানে সর্বভারতীয় গড় ৬৫ শতাংশ এবং তুলনীয় শিল্পপ্রধান রাজ্যগুলিতে যে অনুপাত ৮০ শতাংশেরও ঊর্ধ্বে। যেন ভুলে না যাই যে, কেন্দ্রীয় বিনিয়োগের শতকরা হার তুলনীয় শিল্পপ্রধান রাজ্যগুলির চেয়ে পশ্চিমবঙ্গে অর্ধেকেরও অনেক কম। যেন ভুলে না যাই, হলদিয়া প্রকল্পকে তদানীন্তন কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে প্রকৃতপক্ষে প্রায় এক দশক আটকে রাখা হয়েছিল। এতদসত্ত্বেও যে পশ্চিমবঙ্গে শিল্পে বিনিয়োগের ক্ষেত্রে এখন অগ্রগতি হচ্ছে, তার মূল কারণ এ রাজ্যের বর্তমান স্থায়িত্ব ও ইতিবাচক পরিস্থিতির ওপর শিল্পোদোগীদের আস্থা। এ ছাড়া, জাতীয় মোর্চা সরকারের অল্প দিনের অবস্থানের মধ্যেও কতকগুলি আটকে-থাকা বড় প্রকল্পের (যেমন, হলদিয়া প্রকল্প) সবুজ-সঙ্কেত পাওয়া।

[3.20 - 3.30 p.m.]

১৭। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, জাতীয় মোর্চা সরকার ক্ষমতায় আসার পরই হলদিয়া প্রকল্পের ক্ষেত্রে কার্যকর পদক্ষেপগুলি নেওয়া শুরু হয়। প্রয়োজনীয় বর্ধিত লেটার অফ ইনটেন্টটি পাওয়া যায়, এবং এর ফলে প্রায় ৩,০০০ কোটি টাকার এই প্রকল্প এখন দেশের সর্ববৃহৎ প্রকল্প হিসাবে স্বীকৃতি পায়। এই প্রকল্পের মূল উৎপাদন ন্যাপথার যোগানও নিশ্চিত করা হয়। মাননীয় সদস্যগণ জেনে আনন্দিত হবেন যে, এই প্রকল্পের জন্য দেশের আর্থিক প্রতিষ্ঠানগুলি থেকে যে ঋণ পাওয়ার কথা ছিল, তার একটি বড় অংশ, কিছু শর্তসাপেক্ষে, অনুমোদিত হয়েছে এবং গুরুত্বপূর্ণ প্রযুক্তি নির্বাচনের কাজও প্রায় চূড়ান্ত হয়েছে। একই সঙ্গে, মাঠের স্তরে কাজ শুরু করা হয়েছে এবং এর জন্য রাজ্য সরকার ও সহযোগী সংস্থা মিলে হলদিয়া অঞ্চলের বিস্তারিত পরিকল্পনা করে ফেলেছেন। এই হলদিয়া প্রকল্প বড় শিল্পের সঙ্গে অসংখ্য সহযোগী ছোট শিল্পের সমন্বয় করবে এবং এর ফলে শুধু প্রয়োজনীয় শিল্প-উৎপাদন বৃদ্ধি পাবে তাই নয়, প্রায় দেড় লক্ষ মানুষের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। একইভাবে, বাঁকুড়ার যৌথ উদ্যোগে যে পলিয়েষ্টার ইয়ার্ণের কারখানা চালু হতে চলেছে, সেখানে মূল শিল্পের কৃত্রিম তন্তুর সঙ্গে হস্তচালিত তাঁতের সংমিশ্রণের মাধ্যমে, একইভাবে, বড় ও কুটির শিল্পের সমন্বয় সাধিত হবে এবং এর ফলে এক লক্ষেরও বেশী মানুষের কর্মসংস্থান হবে। এ ছাড়া, হলদিয়াতেই অ্যাক্রিলিক ফাইবারের যে যৌথ উদ্যোগ শুরু হতে চলেছে তার সঙ্গে হোসিয়ারী শিল্পকে সমন্বিত করার মাধ্যমে এ রাজ্যের এই পুরানো গর্বের শিল্পে নতুন প্রাণ সঞ্চার হবে। দেশের অন্যত্র যেভাবে শিল্পায়ন হয়, তার থেকে বিকল্পভাবে, সামাজিক দৃষ্টিভঙ্গী নিয়ে, যৌথ উদ্যোগ সৃষ্টি করে এবং তার মাধ্যমে বড় এবং ছোট শিল্পকে সমন্বিত করে কর্মসংস্থান বৃদ্ধি করবে পশ্চিমবঙ্গের বর্তমান এই শিল্পোদ্যোগ।

১৮। মূল্যবৃদ্ধির ক্ষেত্রে বলা উচিত, যেহেতু মূল্যবৃদ্ধি প্রতি রাজ্যেই লাগাতারভাবে হচ্ছে, তাই এটা কোনো একটি রাজ্যের আলাদা সমস্যা নয়, সমগ্র দেশেরই সমস্যা এবং তাই এর মূল নিহিত আছে জাতীয় স্তরে ভ্রান্ত নীতি ও অব্যবস্থার মধ্যেই। এর প্রাসঙ্গিক উল্লেখ আগেই করা হয়েছে। দেশের সর্বত্র কি হারে মূল্যবৃদ্ধি হয়েছে, তার হিসেব দেওয়া আছে আর্থিক সমীক্ষার নবম পরিচ্ছেদে। তথ্য থেকে দেখা যাচ্ছে, সাধারণ মানুষের দুর্দশার কারণ হয়ে ১০ শতাংশেরও বেশি মূল্যবৃদ্ধি হয়েছে সর্বভারতীয় স্তরে (ইদানীংকালে এই মূল্যবৃদ্ধির হার আরও বৃদ্ধি পেয়েছে)। এই সর্বভারতীয় মূল্যবৃদ্ধির অংশ হিসেবে, এ রাজ্যেও মূল্যবৃদ্ধি মানুষের দুর্দশার কারণ হয়েছে। তবু এখনও, এ রাজ্যে পাইকারী মূল্যসূচক সর্বভারতীয় সূচকের চেয়ে কম আছে (আর্থিক সমীক্ষা, নবম পরিচ্ছেদ)। একইভাবে, তুলনীয় মহানগরী দিল্লী ও বোম্বাইয়ের চেয়ে কলকাতার শিল্প-শ্রমিকের ভোগ্যপণ্যের মূল্যসূচকও কিছুটা কম আছে। কিন্তু প্রধান কথা এই যে, মূল্যবৃদ্ধির হাত থেকে সাধারণ মানুষকে রক্ষা করার জন্য সরকারী বন্টন ব্যবস্থাকে আরও ব্যাপক ও জোরদার করতেই হবে, যা সর্বভারতীয় স্তরে গ্রহণ করার কথা আমরা কেন্দ্রীয় সরকারকে বারংবার বলে আসছি। যদিও সর্বভারতীয় স্তরে এখনো কোনো কার্যকর পদক্ষেপ নেওয়া হয় নি, বরঞ্চ খাদ্যে ভরতুকি কমানোর আশঙ্কা আছে, তবুও সীমিত ক্ষমতার মধ্যে দাঁড়িয়েই, রাজ্য সরকার সাধারণ সরকারী বন্টন ব্যবস্থা চালু রাখার সঙ্গে সঙ্গে গত দু' বছর ধরে গ্রামাঞ্চলে সবচেয়ে অসুবিধার মাসে ভরতুকি দিয়ে ভূমিহীন ক্ষেতমজুরদের জন্য রেশন দেওয়ার উদ্যোগ নিয়েছেন। এর ফলে, প্রতি বছর গ্রামাঞ্চলে এক কোটিরও বেশি সাধারণ মানুষ উপকৃত হয়েছেন।

১৯। কর্মসংস্থানের ওপর সর্বাধিক গুরুত্ব আরোপ করে রাজ্য সরকার স্বনিযুক্তি প্রকল্প রূপায়ণে এক বিশেষ উদ্যোগ নিয়েছেন। আর্থিক সমীক্ষার তথ্য অনুযায়ী মোট নথিভুক্ত বেকারের সংখ্যা এ রাজ্যে ৪০ লক্ষ অতিক্রম করেছে এবং প্রতি বছর গড়ে প্রায় সাড়ে চার লক্ষের মত নতুন কর্মপ্রার্থী হচ্ছেন। এটাও একটি ন্যূনতম হিসেব। এই পরিস্থিতির মুখোমুখি দাঁড়িয়ে রাজ্য সরকার সিদ্ধান্ত নেন যে, বিভিন্ন স্বনিযুক্তি প্রকল্পের (IRDP, SESRU, SSEP ইত্যাদির) মাধ্যমে গ্রামে ও শহরে ১৯৯০-৯১ আর্থিক বছরে অন্তত ৫ লক্ষ মানুষের কাজের সুযোগ সৃষ্টি করা হবে। মাননীয় সদস্যগণ জেনে আনন্দিত হবেন যে, সর্বশেষ প্রাপ্ত

তথ্য অনুযায়ী ১৯৯১ সালের ৩১ শে মার্চের মধ্যে এই লক্ষ্যমাত্রা অতিক্রম করে বস্তুত ৫.৫৯ লক্ষ মানুষের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে। এই প্রকল্পগুলির মধ্যে, উদাহরণস্বরূপ, IRDP প্রকল্পে কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যমাত্রার প্রায় ১১৬ শতাংশ সফলতা ১৯৯০-৯১ সালে অর্জন করা সম্ভব হয়েছে। মাননীয় সদস্যগণ জেনে আরও আনন্দিত হবেন যে, এই প্রকল্পে উপকৃতদের মধ্যে ৪২.৪ শতাংশই হলেন মহিলা। এই নির্দিষ্ট প্রকল্পগুলি ছাড়াও রাজ্য সরকারের অন্যান্য সংশ্লিষ্ট দপ্তরগুলির উন্নয়নমূলক স্বনিযুক্তি প্রকল্পের মাধ্যমে ১৯৯০-৯১ সালে আরও অতিরিক্ত ১.৩০ লক্ষ মানুষের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে। এ ছাড়াও, মজুরীভিত্তিক প্রকল্প—জওহর রোজগার যোজনা বা রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরগুলির কর্মসূচী—এর ফলেও অন্তত ৭৬৭ লক্ষ শ্রমদিবস সৃষ্টি হয়েছে। সমধিক গুরুত্বপূর্ণ, যে, এ-সব প্রকল্প এবং কর্মসূচী ছাড়াও, সরাসরি কৃষির অগ্রগতির ফলে ১৯৯০-৯১ সালে অতিরিক্ত অন্তত ২৪৯ লক্ষ শ্রমদিবস সৃষ্টি হয়েছে। এর প্রামাণ্য হিসেব আর্থিক সমীক্ষার অষ্টম অধ্যায়ে দেওয়া আছে। যদি এই ধারা অক্ষুন্ন রাখা যায় এবং উন্নত করা যায়, তাহলে প্রতি বছরে যে অতিরিক্ত কর্মসংস্থানের চাহিদা সৃষ্টি হচ্ছে তার চেয়ে প্রকৃতপক্ষে বেশি অতিরিক্ত কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা যেতে পারে। ফলে প্রতি বছরেই মোট কর্মহীনের যে সংখ্যাটি এখন আছে, তাকে ধাপে ধাপে কিছুটা কমিয়ে আনার চেষ্টা করা হবে এবং বেকারীত্বের যন্ত্রণা কিছুটা লাঘব হবে।

২০। একই সঙ্গে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে পূর্ণ সাক্ষরতার অভিযানের ওপরে। এই কর্মকান্ডে পঞ্চায়েত, পুরসভা ও জেলা প্রশাসনের সঙ্গে বিভিন্ন গণসংগঠন এবং স্বেচ্ছাসেবী সংস্থাগুলিও যুক্ত হয়েছেন। গত বছরের সেপ্টেম্বর মাসে মেদিনীপুর জেলার পূর্ণ সাক্ষরতা অর্জন করার যে শপথ নিয়ে এই ব্যাপক কর্মসূচী শুরু হয়, তা বর্ধমান এবং পরে হুগলী, বীরভূম, কুচবিহার, বাঁকুড়া ও উত্তর ২৪-পরগণা জেলাতেও গ্রহণ করা হয়। এ ছাড়া, দক্ষিণ ২৪-পরগণার সাগর ব্লক, শিলিগুড়ি এবং কলকাতাতেও এই কর্মসূচী চলছে। এর মধ্যে বর্ধমান জেলাই এ রাজ্যে সর্বপ্রথমে পূর্ণ সাক্ষর জেলার সম্মান অর্জন করেছে। মেদিনীপুরেও প্রায় ১৯.৫৫ লক্ষ নিরক্ষরের মধ্যে ১৫.৬৫ লক্ষ মানুষের কাছে সাক্ষরতার আলো পৌঁছানো হয়েছে। এ ছাড়া, অন্য জেলাগুলিতেও উৎসাহ-উদ্দীপনা নিয়ে এই অভিযান চলেছে। নিরক্ষরতা দূর করার সঙ্গে সঙ্গে নবসাক্ষররাও যাতে তাঁদের লব্ধ জ্ঞানের প্রকৃত ব্যবহার করতে পারেন, তার ওপর বিশেষ নজর দেওয়া হচ্ছে।

২১। যেহেতু রাজ্য সরকারের এই পরিকল্পনার উদ্দিষ্ট জন হলেন সাধারণ মানুষ, তাই এই পরিকল্পনার সকল ক্ষেত্রে—ভূমি-সংস্কার, কৃষি থেকে শুরু করে কর্মসংস্থান ও সাক্ষরতার প্রকল্প—প্রতিটি বিষয়ে পরিকল্পনা রচনা ও রূপায়ণে স্থানীয় মানুষকে যুক্ত করার চেষ্টা হয়েছে গ্রামাঞ্চলে পঞ্চায়েত এবং শহরাঞ্চলে পুরসভার মাধ্যমে। এই বিকেন্দ্রীকরণ প্রক্রিয়া এখন আরও সমন্বিত ও সংহত হয়েছে জেলা ও ব্লকস্তরে পরিকল্পনার কাঠামোর মাধ্যমে। বিকেন্দ্রীকৃত এই পরিকল্পনার মাধ্যমে রাজ্যের মোট পরিকল্পনা বরাদ্দের ৫০ শতাংশেরও বেশি ব্যয় করা হচ্ছে জেলা এবং তার নীচের স্তরে এবং একই সঙ্গে সিদ্ধান্ত নিওয়ার ক্ষমতারও বিকেন্দ্রীকরণ করা হয়েছে। সাধারণ মানুষের অগ্রাধিকারকে সামনে রেখে, ভূমি-সংস্কারকে কার্যকর করে, পঞ্চায়েত নির্বাচন নিয়মিত করে, পঞ্চায়েত-কাঠামো থেকে কায়েমী স্বার্থকে সরিয়ে সাধারণ মানুষের প্রতিনিধিদের নির্বাচন করে, এবং এই নির্বাচিত পঞ্চায়েতের মাধ্যমে সাধারণ মানুষকে যুক্ত করে, পরিকল্পনা রচনা ও রূপায়ণে বিকেন্দ্রীকরণের যে নতুন পরীক্ষা পশ্চিমবঙ্গে গত প্রায় চোদ্দ বছর ধরে চলেছে, গুণগত দিক থেকে তার নজির সারা দেশে আর নেই। পরিকল্পনার এই বিকেন্দ্রীকরণ এ রাজ্যের বিকল্প আর্থ-সামাজিক দৃষ্টিভঙ্গীর এক অবিচ্ছেদ্য অংশ।

২২। এই ইতিবাচক পদক্ষেপ নেওয়ার পর, অভিজ্ঞতার ভিত্তিতে মনে করা হচ্ছে, যে উদ্যোগ সৃষ্টি হয়েছে, তাকে আরও এগিয়ে নিতে হবে এবং বিভিন্ন ক্ষেত্রে সময়সীমা বেঁধে আরও নতুন উদ্যোগ গ্রহণ করতে হবে। আগামী দিনে সাধারণ মানুষের স্বার্থে, রাজ্য সরকারের সীমাবদ্ধতার মধ্যে যতদূর সম্ভব ততদূর পদক্ষেপ

নিয়ে, উৎপাদন বৃদ্ধির সঙ্গে সঙ্গে বিশেষ করে কর্মসংস্থানেরও মধ্যে বৃদ্ধি করতে হবে গ্রামে এবং শহরে। একই সঙ্গে, সমগ্র দেশের পরিস্থিতি বিচার করে, যেখানে সম্ভব সেখানেই রাজ্যস্তরে স্বনির্ভরতার পদক্ষেপ নিতে হবে। কর্মসংস্থান ও স্বনির্ভরতার বৃদ্ধি আগামী দিনে রাজ্যস্তরে পরিকল্পনার মূল দিকটি নির্দেশ করবে।

২৩। এই উদ্দেশ্য সামনে রেখে কৃষিতে ভূমি-সংস্কারের সঙ্গে সঙ্গে আরও গুরুত্ব পড়বে সেচের সম্প্রসারণের ওপর। শুধুমাত্র বৃহৎ সেচপ্রকল্পগুলির (তিস্তা প্রকল্প, সুবর্ণরেখা প্রকল্প বা কংসাবতী প্রকল্পের আধুনিকীকরণ ইত্যাদি) কাজ, প্রয়োজনে কেন্দ্রীয় সহায়তা আদায় করে, সত্বর শেষ করা নয়। একই সঙ্গে বিশেষ গুরুত্ব দিতে হবে মাটির ওপরের এবং মাটির নীচের জল ব্যবহার করে ক্ষুদ্র সেচ প্রকল্পগুলির ওপর। নলকূপ (গভীর, মাঝারি এবং অগভীর) প্রকল্পগুলির সম্প্রসারণের উদ্দেশ্যে এ রাজ্যের মাটির নীচের জলের অবস্থানের বিস্তারিত তথ্য সংগ্রহ করে ইতিমধ্যেই জেলাস্তরে জেলা পরিকল্পনা কমিটির কাছে পাঠানো হয়েছে। আগামী পাঁচ বছর ধরে একটি বিশেষ উদ্যোগ নেওয়া হবে, যাতে সেচক্ষমতার আওতার মোট চাষের জমির ভাগ বর্তমানের প্রায় ৪০ শতাংশ থেকে বৃদ্ধি পেয়ে ৬০ শতাংশে পৌঁছায়।

২৪। একই সঙ্গে, ভৌগোলিক পরিস্থিতি মনে রেখে, রাজ্যের বিভিন্ন অঞ্চলে, এবং সংশ্লিষ্টভাবে জেলাগুলিতে, শস্যক্রমের নির্দিষ্ট পরিকল্পনার প্রয়োজন আছে, যাতে যে শস্যগুলিতে রাজ্যের ঘাটতি আছে (যথা, তৈলবীজ) তার উৎপাদনকে উৎসাহিত করা যায়। আর্থিক সমীক্ষাতে, তথ্যের ভিত্তিতে দেখানো হয়েছে যে, গত কয়েক বছরে কি পরিমাণে এ- রাজ্যে খাদ্যশস্য, তৈলবীজ, আলু এবং অন্যান্য সব্‌জীর উৎপাদন বৃদ্ধি পেয়েছে। ভূমিসংস্কারকে ভিত্তি করে সেচব্যবস্থার সম্প্রসারণের মাধ্যমে এই শস্যগুলির উৎপাদন আরও বৃদ্ধি করলে, শুধু যে স্বনির্ভরতার দিকে পদক্ষেপ নেওয়া হবে তাই নয়, গ্রামাঞ্চলে ব্যাপকভাবে কর্মসংস্থানও বৃদ্ধি পাবে।

[3.30 - 3.40 p.m.]

২৫। শস্যগুলির ক্ষেত্রে, স্থানীয় পরিবেশের সঙ্গে সামঞ্জস্য রেখে, উন্নত বীজের ব্যবহার বৃদ্ধি করতে হবে, এবং বীজ সরবরাহের ক্ষেত্রে জেলা ও ব্লকস্তরের সরকারী খামার এবং CADP এলাকাগুলিকে ব্যবহার করে রাজ্যকে উন্নত বীজের ক্ষেত্রে আরও স্বনির্ভর করতে হবে। একই সঙ্গে শুধুমাত্র আমদানী-নির্ভর রাসায়নিক সার ব্যবহার না করে, রাসায়নিক সারের সঙ্গে স্থানীয়-সম্পদভিত্তিক জৈব সারের ব্যবহার বৃদ্ধি করলে ফসলের হেক্টর-প্রতি উৎপাদন ক্ষমতাও বৃদ্ধি পাবে এবং জমির উর্বরতা রক্ষা পাবে। রাজ্যের বিভিন্ন অঞ্চলের জমির যে অংশে (উঁচু স্থানে) স্বাভাবিক কারণে খাদ্যশস্য উৎপাদন করা কঠিন, সেখানে সামাজিক বনসৃজনের সঙ্গে পশুখাদ্যশস্যের উৎপাদনের সমন্বয় করলে একই সঙ্গে বনের আচ্ছাদন বৃদ্ধি পাবে এবং প্রাণীসম্পদেরও বিকাশ হবে। একইভাবে এ-রাজ্যে ১১ লক্ষেরও বেশি যে পুকুর আছে এবং অন্যান্য জলাশয়, নোনাজলের খাঁড়ি, ময়লাজলের ভেড়ি এবং সমুদ্রের উপকূল আছে, তা আরও উন্নতভাবে ব্যবহার করে, রাজ্যের বর্তমান মৎস্য উৎপাদনের ইতিবাচক ধারাটি আরও ঊর্ধ্বমুখী করতে হবে, যাতে রাজ্যের আভ্যন্তরীণ প্রয়োজন এবং যোগানের ব্যবধান আরও কমে আসে।

২৬। কৃষি ও সংশ্লিষ্ট প্রতিটি ক্ষেত্রে এইভাবে উৎপাদন বৃদ্ধির সঙ্গে সঙ্গে, তার সুফল যাতে সাধারণ ক্রেতা এবং সাধারণ উৎপাদক পান, তার জন্য বিপণনের ব্যবস্থাকে আরও সামাজিকভাবে সংগঠিত করতে হবে। এক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে উৎপাদকদের সংস্থা বা সমবায় সংস্থাগুলি। আগামীদিনে সমবায়ের ক্ষেত্রটিকে বিশেষ গুরুত্ব দেওয়া হবে, এটা মনে রেখে যে, সমবায় সংস্থাগুলি রাজ্যের সাধারণ মানুষের নিজেদের ব্যাঙ্ক হিসেবে ব্যবহৃত হতে পারে।

২৭। অনেক সময়ই শিল্পের জন্ম হয় কৃষির গর্ভে। কৃষির ক্ষেত্রে পশ্চিমবঙ্গ প্রকৃতপক্ষে একটি নতুন চৌকাঠ ডিঙোতে চলেছে। ফলে উৎপাদিত ফসলকে ব্যবহার করে অনেকগুলি ক্ষেত্রে রাজ্যে এক নতুন ধরণের শিল্প-

সম্ভাবনার সৃষ্টি হয়েছে। একইভাবে শিল্প সম্ভবনার সৃষ্টি হয়েছে কৃষিতে উৎপাদন-উপকরণের (যথা, বীজ, নলকূপ ইত্যাদির) যোগান দেওয়াকে কেন্দ্র করে। একই সঙ্গে, এ- রাজ্যে বনজ সম্পদ ও অপ্রধান খনিজ পদার্থকে (যথা, পাথরকুচি) ভিত্তি করে নতুন শিল্প গড়ে উঠতে শুরু করেছে। এই শিল্পগুলির চাহিদা অনেক সময় রাজ্যের মধ্যেই গড়ে উঠেছে—যেমন, ক্ষুদ্র সেচের কর্মসূচীকে কেন্দ্র করে নলকূপের যন্ত্রাংশের চাহিদা, বা রাজ্যের নিজস্ব প্রকল্প রূপায়ণের (রাস্তা ইত্যাদির) জন্য পাথরকুচির চাহিদা ইত্যাদি। আগামী দিনে, কর্মসংস্থান ও স্বনির্ভরতার উদ্দেশ্যকে সামনে রেখে, এই ধরণের শিল্পোদ্যোগকে উৎসাহ দেওয়া হবে, এবং রাজ্য ও জেলাস্তরের পরিকল্পনার কাঠামোর মাধ্যমে, ক্ষেত্র বিশেষে, শিল্প সামগ্রীর চাহিদা ও যোগানের মধ্যে প্রয়োজনীয় সমন্বয় সাধন করা হবে।

২৮। শিল্পের ক্ষেত্রে, ক্ষুদ্র ও বৃহৎ শিল্পের অগ্রগতির সঙ্গে সঙ্গে বৃহৎ ও ক্ষুদ্র শিল্পের মধ্যে, ক্ষেত্রবিশেষে, সমন্বয়ের কথা ইতিমধ্যেই উল্লেখ করা হয়েছে, যে সমন্বয়ের মাধ্যমে শুধু শিল্প উৎপাদন বৃদ্ধি পাবে তাই নয়, কর্মসংস্থানেরও যথেষ্ট বৃদ্ধি সম্ভব হবে। এ ছাড়াও সমন্বিতভাবে ক্ষুদ্র শিল্পের এই অগ্রগতির সঙ্গে, যেখানেই সম্ভব, যোগসূত্র স্থাপন করতে হবে স্বনিযুক্তি প্রকল্পগুলির। একইভাবে কৃষি ও সংশ্লিষ্ট ক্ষেত্রগুলিতেও উৎপাদনের যে অগ্রগতি হচ্ছে, বা বিপণনের ক্ষেত্রে যে চিন্তা করা হচ্ছে, তার সঙ্গেও এই স্বনিযুক্তি প্রকল্পগুলি যোগসূত্র স্থাপন করতে হবে। বিচ্ছিন্নভাবে নয়, এই ধরণের সমন্বয়ের মাধ্যমেই স্বনিযুক্তি প্রকল্পগুলি আরও মাথা তুলে দাঁড়াবে, এবং ফলে কর্মসংস্থানের সামগ্রিক পরিকল্পনাটিও আরও সংহত করে বাস্তবে রূপায়ণ করা সম্ভব হবে।

২৯। স্বনিযুক্তি প্রকল্পগুলি অগ্রগতির জন্য প্রশিক্ষণ এবং কারিগরী ও বৃত্তিমূলক শিক্ষার প্রসারের বিশেষ গুরুত্ব আছে। এই উদ্দেশ্যে, প্রশিক্ষণ, কারিগরী ও বৃত্তিমূলক শিক্ষা শুধু যে প্রথাগত শিক্ষাব্যবস্থার সঙ্গে আরও যুক্ত হবে তাই নয়, এই বিষয়গুলি জনশিক্ষা প্রচার কর্মসূচীরও অবিচ্ছেদ্য অংশ হবে। সাধারণভাবে, শিক্ষাব্যবস্থাকে এইভাবে উৎপাদনের আরও কাছাকাছি আনার সঙ্গে সঙ্গে আগামী দিনে বিশেষ নজর দিতে হবে শিক্ষার প্রতিটি স্তরে পঠন-পাঠনের মান উন্নয়নের ওপর।

৩০। জনস্বাস্থ্যের ক্ষেত্রে প্রাতিষ্ঠানিক স্বাস্থ্যব্যবস্থার আরও কার্যকর বিকেন্দ্রীকরণের সঙ্গে নজর দেওয়া হবে প্রতিরোধমূলক চিকিৎসার ওপর। এই কারণে, প্রতিরোধমূলক চিকিৎসার প্রাথমিক জ্ঞান ও পদ্ধতিও জনশিক্ষা প্রসারের কর্মসূচীর অঙ্গ হবে।

৩১। পরিকাঠামোর ক্ষেত্রে রাস্তা ও পরিবহণের সঙ্গে লাগাতার নজর থাকবে বিদ্যুৎ পরিস্থিতির উন্নতির জন্য। পরিবহণের ক্ষেত্রে রাষ্ট্রীয় পরিবহণের সামাজিক গুরুত্ব প্রতিটি জেলাতেই বৃদ্ধি পাবে। রাস্তা নির্মাণ ও উন্নয়নের পরিকল্পনা আরও সমন্বয় করে রূপায়িত হবে। জন পরিবহণ, বিপণনের কেন্দ্র এবং অন্যান্য সামাজিক পরিকাঠামোর গুরুত্ব সামনে রেখে সামগ্রিক জেলা ও রাজ্য পরিকল্পনার অংশ হিসেবেই হবে রাস্তার পরিকল্পনা।

৩২। বিদ্যুতের ক্ষেত্রে উৎপাদন, পরিবহণ ও বন্টনের উন্নতির জন্য লাগাতার নজর রাখা হবে। গত প্রায় এক বছরে কোলাঘাটে দুটি ইউনিট (২×২১০ মেগাওয়াট) স্থাপন এবং সি. ই. এস. সি.-র দক্ষিণ উৎপাদন কেন্দ্রে উৎপাদনক্ষমতার পরিবর্ধনের ফলে প্রায় ৫৫৫ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের সংস্থাপিত ক্ষমতা বৃদ্ধি পেলেও উৎপাদনের স্থিতিশীলতা, পরিবহণ ও বন্টনের ক্ষেত্রে সমস্যা রয়ে গেছে। আগামী দিনে বিদ্যুৎ পরিবহণ ও বন্টনের দিকে বিশেষ নজর দিতে হবে। উৎপাদন স্থিতিশীল করার জন্য প্রতিটি প্ল্যান্ট স্তরে নিয়মিত নজরদারি ব্যবস্থাকে অনেক উন্নত করার প্রয়োজন আছে।

৩৩। কৃষিতে উৎপাদনের উন্নতি, বিপণনের কেন্দ্রগুলির গুরুত্ব বৃদ্ধি, ক্ষুদ্রশিল্প স্থাপন—এর ফলে বিভিন্ন জেলাতে অনেক অঞ্চল শহরের রূপ পরিগ্রহণ করেছে। এই গতি প্রকৃতি সামনে রেখে রাজ্য পরিকল্পনায়

বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে বিকেন্দ্রীকৃত নগর-উন্নয়নের ওপর এবং এই উন্নয়নের ক্ষেত্রে শুধুমাত্র নাগরিক সুবিধার পরিকল্পনা নয়, এর সঙ্গে যুক্ত হবে উৎপাদনের পরিকল্পনা, এবং বিশেষ করে কর্মসংস্থানের পরিকল্পনার বিষয়।

৩৪। পঞ্চায়েতের মাধ্যমে সাধারণ মানুষকে যুক্ত করে জেলা ও ব্লক স্তরে বিকেন্দ্রীকৃত পরিকল্পনার কাঠামোর কথা আগেই উল্লেখ করা হয়েছে। এই বিকেন্দ্রীকৃত কাঠামোকে এখন কলকাতা সমেত প্রতিটি জেলার শহরগুলিতেও সম্প্রসারিত করা হবে। তাছাড়া জেলাগুলির গ্রামাঞ্চলেও এই কাঠামোর বর্তমান পরিধিকে আরও বিস্তৃত করা হবে। এখন থেকে ব্লক স্তরেরও নীচে গিয়ে প্রতিটি গ্রামের স্তরে এই পরিকল্পনা হবে সমন্বিতভাবে, যাতে স্থানীয় সাধারণ মানুষ পঞ্চায়েতর মাধ্যমে, গণতান্ত্রিক পদ্ধতিতে আরও সরাসরি অংশগ্রহণ করতে পারেন প্রকল্পগুলির রচনা ও রূপায়ণে।

৩৫। মাননীয় সদস্যগণ জেনে আনন্দিত হবেন যে, এ রাজ্য সপ্তম পরিকল্পনাকালে (১৯৮৫-৯০) মূলতঃ নিজস্ব সম্পদের ওপর নির্ভর করে প্রাথমিকভাবে স্বীকৃত যোজনা-বরাদ্দের লক্ষ্যমাত্রার ১০০ শতাংশের বেশি ব্যয় করতে সক্ষম হয়েছে। সপ্তম পরিকল্পনায় রাজ্যের জন্য প্রাথমিকভাবে স্বীকৃত বরাদ্দের পরিমাণ ছিল ৪,১২৫ কোটি টাকা যার মধ্যে কথা ছিল, রাজ্য সরকার নিজস্ব সম্পদ থেকে সংগ্রহ করবেন ২,৯১১ কোটি টাকা (মোট বরাদ্দের প্রায় ৭১ শতাংশ) এবং কেন্দ্রীয় সরকার যোজনা-সহায়তা দেবেন ১,২১৪ কোটি টাকা (মোট বরাদ্দের বাকি ২৯ শতাংশ)। সপ্তম যোজনার শেষে, অর্থাৎ ১৯৮৯-৯০ সালের শেষে কেন্দ্রীয় যোজনা কমিশন থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতেই দেখা যাচ্ছে যে, সমগ্র সপ্তম যোজনাকালে (১৯৮৫-৯০) এ রাজ্যে পরিকল্পনাখাতে প্রকৃতপক্ষে ব্যয় হয়েছে ৪,৫১১ কোটি টাকা, যা প্রাথমিকভাবে ধার্য লক্ষ্যমাত্রার চেয়ে প্রায় ৯ শতাংশ বেশি। এই যোজনাকালে কেন্দ্রীয় যোজনা-সহায়তা বস্তুত পাওয়া গেছে ১,১৪৪ কোটি টাকা, যা এই খাতে প্রাথমিকভাবে লক্ষ্যমাত্রার চেয়ে প্রায় ৬ শতাংশ কম। বস্তুত সপ্তম যোজনার সময়ে সমস্ত প্রধান রাজ্যগুলির মধ্যে মাথাপিছু কেন্দ্রীয় যোজনা-সহায়তার পরিমাণ পশ্চিমবঙ্গের ক্ষেত্রেই ছিল সবচেয়ে কম (আর্থিক সমীক্ষা, সারণী ১২.৪)। কেন্দ্রীয় যোজনা-সহায়তার এই ঘাটতি থাকা সত্বেও, রাজ্য সরকারের নিজস্ব সম্পদ সংগ্রহ হয় ৩,৩৬৭ কোটি টাকা, যা লক্ষ্যমাত্রার চেয়ে প্রায় ১৫ শতাংশ বেশি। এর ফলেই, কেন্দ্রীয় যোজনা-সহায়তার ঘাটতিকে পূরণ করে মোট পরিকল্পনা-ব্যায়ের লক্ষ্যমাত্রাকে ৯ শতাংশ পর্যন্ত অতিক্রম করা সম্ভব হয়।

[3.40 - 3.50 p.m.]

৩৬। গত কয়েক বছরে রাজ্য স্তরে সম্পদ সংগ্রহ ও ব্যয়ের সাধারণভাবে এই ধারা বজায় থাকার পর ১৯৯০-৯১ সালে, ইদানীংকালে প্রথম, আর্থিক সমস্যার সৃষ্টি হয়। মাননীয় সদস্যদের কাছে এই সমস্যার স্বরূপ আমি নিবেদন করতে চাই। মাননীয় সদস্যদের স্মরণে থাকবে যে, ১৯৯০-৯১ সালের বাজেটে রাজ্যে অতিরিক্ত সম্পদ সংগ্রহের প্রস্তাব রাখার সময় অন্যান্য বিষয়ের সঙ্গে চারটি বক্তব্য রাখা হয়েছিল। প্রথমত, রাজ্যের কিছু অপ্রয়োজনীয় পরিকল্পনা-বহির্ভূত ব্যয়কে খর্ব করে, মোট ব্যয় থেকে অতিরিক্ত ২৬ কোটি টাকা কমানো হবে। দ্বিতীয়ত, স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে বিশেষ উদ্যোগ নিয়ে বছরের লক্ষ্যমাত্রাকে অতিক্রম করে এই বাবদ অতিরিক্ত ৯৪ কোটি টাকা সঞ্চয় করা সম্ভব হবে। তৃতীয়ত, বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্রের জন্য ১৩৪ কোটি টাকার সোভিয়েত ঋণ পাওয়ার কথা, আলোচনার ভিত্তিতেই, আশা করা হয়েছিল। এছাড়া, উল্লেখ করা হয়েছিল যে, যেহেতু কেন্দ্র রাজ্যকে পরিকল্পনা বাবদ যে যোজনা-সহায়তা দেন, তার ৭০ শতাংশই ঋণ ও সেই ঋণের সুদের হার কেন্দ্র প্রতিবছর একতরফাভাবে বৃদ্ধি করে চলেছেন, তার ফলে এবং অন্যান্য সংশ্লিষ্ট কারণে ১৯৯০-৯১ সালে মোট কেন্দ্রীয় ঋণের বোঝা রাজ্যের ওপর হয়েছে ৭০৯ কোটি টাকা, যা তথাকথিত কেন্দ্রীয় যোজনা-সহয়তা ৩৬৯ কোটি টাকার প্রায় দ্বিগুণ হয়ে রাজ্যকে এক আভ্যন্তরীণ ঋণের ফাঁদে জড়িয়ে ফেলেছে। এর পরিপ্রেক্ষিতে, কেন্দ্রের সঙ্গে আলোচনার ভিত্তিতে চতুর্থ প্রস্তাব ছিল, এই ঋণের

একটি ভগ্নাংশকে পুনর্বিন্যাস করা, যাতে ঐ বছরে ১৯০ কোটি টাকা সাশ্রয় হয়। এই চারটি প্রস্তাবের প্রথম দুটি ছিল রাজ্য সরকারের নিজস্ব এক্তিয়ারে। এ দুটির ক্ষেত্রেই সফলতা অর্জন করা গেছে। অপ্রয়োজনীয় পরিকল্পনা-বহির্ভূত ব্যয় প্রায় ৩০ কোটি টাকা কমানো সম্ভব হয়েছে, যা লক্ষ্যমাত্রা ২৬ কোটি টাকার চেয়ে বেশি। স্বল্পসঞ্চয়ের ক্ষেত্রেও, বিশেষ উদ্যোগের ফলে, অতিরিক্ত ৯৪ কোটি টাকার লক্ষ্যমাত্রাকেও প্রায় ১০ কোটি টাকার ব্যবধানে অতিক্রম করা সম্ভব হয়, এবং ফলে ১৯৯০-৯১ সালে এ রাজ্যে মোট স্বল্প সঞ্চয়ের পরিমাণ প্রায় ১,০১০ কোটি টাকাতে পৌঁছায়, যা একটি সর্বকালীন রেকর্ড। কিন্তু অন্য দুটি বিষয়ের ক্ষেত্রে—যেগুলি রাজ্যের নিজস্ব এক্তিয়ারের বাইরে—সমস্যা দেখা দেয়। বক্রেশ্বর প্রকল্পের জন্য সোভিয়েত ঋণ রাজ্যকে দেওয়া হবে এই নীতিগত সিদ্ধান্ত জাতীয় মোর্চা সরকারের সময়ে হওয়া সত্ত্বেও, এবং রাজ্য সরকারের প্রতিনিধিদের সঙ্গে সোভিয়েত কর্তৃপক্ষ আলোচনা করার পরও, এখনো চূড়ান্ত সিদ্ধান্ত জানা যায় নি। এছাড়া, কেন্দ্রীয় ঋণ পুনর্বিন্যাসের বিষয়টির ক্ষেত্রে অনেক আলোচনার পরও কেন্দ্রীয় সরকার কোনো ইতিবাচক সিদ্ধান্ত নিতে না পারায়, রাজ্য সরকারের পক্ষ থেকে ঐ বছরেই একটি ২০০ কোটি টাকা অন্তর্বর্তী ঋণের প্রস্তাব রাখা হয়। কেন্দ্রীয় সরকার ১৯৯০-৯১ আর্থিক বছরের একেবারে প্রায় শেষ মুহূর্তে তাঁদের পক্ষে এই প্রস্তাবটিও গ্রহণ করার অক্ষমতার কথা জানান। এছাড়া কেন্দ্রীয় সরকারের একটি বড় রাষ্ট্রীয় সংস্থা তাদের রাজ্যে সরকারকে দেয় ৯০ কোটি টাকা ঐ আর্থিক বছরের মধ্যে দিতে অক্ষম হয়। এর ওপর, তৃতীয় বেতন কমিশনের সুপারিশের ভিত্তিতে রাজ্য সরকারী কর্মচারী এবং অন্যান্যদের বেতন পুনর্বিন্যাসের জন্যও রাজ্য সরকারকে অতিরিক্ত ব্যয়ভার বহন করতে হয়। এই কারণগুলির জন্য সে আর্থিক সমস্যার সৃষ্টি হয়, তার ফলে ইদানীংকালের অন্যান্য বছরগুলিতে পরিকল্পনা-ব্যয়ের সম্পূর্ণতা ছিল (যার তথ্য কিছু আগেই দেওয়া হয়েছে) ১৯৯০-৯১ সালে তা রক্ষা করা সম্ভব হয় নি।

৩৭। এই কঠিন পরিস্থিতির মুখোমুখি দাঁড়িয়ে, আমরা চেষ্টা করছি, ধাপে ধাপে এই সমস্যা থেকে বেড়িয়ে এসে ইদানীংকালে অনেক কষ্ট করে যে ভারসাম্যের ধারা অর্জন করা গেছে, সেখানে ফিরে আসতে।

৩৮। এই পরিস্থিতিতে, ১৯৯১-৯২ সালের পরিকল্পনা রচনা করার সময় রাজ্যের সাধারণ মানুষের স্বার্থ সামনে রেখে কর্মসংস্থান ও স্বনির্ভরতার গুরুত্ব তুলে ধরার চেষ্টা করা হয়েছে। এই অগ্রাধিকার মনে রেখে ১৯৯১-৯২ সালের মোট পরিকল্পনা বরাদ্দ ১৯৯০-৯১ সালের প্রাথমিক বরাদ্দ ১,৩২৮ কোটি টাকা থেকে প্রায় ১২ শতাংশ বৃদ্ধি করে ১,৪৮৬ কোটি টাকাতে স্থির করা হয়েছে। এই একই অগ্রাধিকারের ভিত্তিতে, জেলাস্তরে এবং রাজ্যস্তরে আলোচনার পর, ১৯৯১-৯২ সালের এই মোট বরাদ্দ (১,৪৮৬ কোটি টাকা) কে বিভিন্ন গুরুত্বপূর্ণ ক্ষেত্রের মধ্যে যে শতাংশের হিসেবে বণ্টন করা হয়েছে তার হিসেব হল : বিদ্যুৎ (৩০.৫%); কৃষি, গ্রামীন উন্নয়ন ইত্যাদি সমেত (১৪.১%); সেচ ও বন্যা নিয়ন্ত্রণ (১০.৪%); শিল্প ও খনিজ সম্পদ (১৩.৩%); পানীয় জল, গৃহনির্মাণ ও নগর উন্নয়ন (৮.৮%); শিক্ষা, কলাশিল্প ও সংস্কৃতি (৬.৯%); পরিবহণ (৫.৪%); স্বাস্থ্য ও পরিবার কল্যাণ (২.৮%) এবং অন্যান্য সেবামূলক ক্ষেত্র (৭.৮%)।

৩৯। যেহেতু রাজ্যের পরিকল্পনার মূল অগ্রাধিকার কর্মসংস্থান, তাই কঠিন আর্থিক পরিস্থিতির মধ্যেই, এই পরিকল্পনা বরাদ্দের বৃদ্ধি এবং বণ্টনের পরও, আমি অতিরিক্ত ৩০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব রাখছি স্বনিযুক্তি প্রকল্পগুলিকে আরও সম্প্রসারিত করার জন্য। এর ফলে গত বছরে যে স্বনিযুক্তি প্রকল্পগুলির মাধ্যমে পাঁচ লক্ষেরও কিছু বেশি মানুষের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা গেছে, বর্তমান বছরে সেখানে আরও অন্ততঃ আট লক্ষ মানুষের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা সম্ভব হবে গ্রামে ও শহরে। এই গুরুত্বপূর্ণ কাজটি সঠিকভাবে সম্পন্ন করার জন্য পঞ্চায়েত এ পুরসভার মাধ্যমে স্থানীয় সাধারণ মানুষকে আরও বেশি যুক্ত করতে হবে। এই কাজে যুক্ত হওয়ার সময় সাধারণ মানুষের সবচেয়ে বড় পরিচয় থাকবে, তিনি দরিদ্র ও কর্মহীন। এই নিরিখে উপকৃতদের মধ্যে মহিলারা যাতে তাঁদের ন্যায্য স্থান পান, তার ওপর নজর দেওয়া হবে।

৪০। এ ছাড়া, কৃষি উৎপাদন বৃদ্ধির মাধ্যমে সরাসরি কর্মসংস্থান এবং স্বনির্ভরতার আরও বৃদ্ধির উদ্দেশ্যে ছোট সেচ ব্যবস্থা সম্প্রসারণের জন্য বাজেটে যা ইতিমধ্যে বরাদ্দ আছে, তার চেয়েও অতিরিক্ত ৬ কোটি টাকা বরাদ্দ করার প্রস্তাব আমি রাখছি। এ ছাড়া কৃষি ও শিল্পের পরিকাঠামো আরও উন্নত করার জন্য প্রতিটি জেলার রাস্তা মেরামতের কাজ জোরদার করতে, বাজেট বরাদ্দের ওপর অতিরিক্ত ১০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাবও আমি রাখছি। সেচব্যবস্থা ও রাস্তার ওপর এই প্রকল্পগুলি রূপায়ণ করার সময় সাধারণভাবে কোনো ঠিকাদার নিয়োগ না করে সংশ্লিষ্ট দপ্তরের কারিগরী সহায়তায় পঞ্চায়েত এবং পুরসভার মাধ্যমে সেই অঞ্চলের স্থানীয় সাধারণ মানুষকে, বিশেষ করে, কর্মহীন ও যুবক যুবতীদের সরাসরি যুক্ত করা হবে।

৪১। এ ছাড়া বাজেট বরাদ্দের বাইরে, অতিরিক্ত ৫ কোটি টাকা রাখা হচ্ছে বন্ধ ও রুগ্ন কল-কারখানা খোলার উদ্যোগকে আরও সহায়তা করার জন্য।

৪২। এ ছাড়া, ক্ষেতমজুর, বর্গাদার ও দরিদ্র কৃষকদের জন্য বার্ধক্যভাতার যে প্রকল্প চালু আছে, তাঁদের মাসিক ভাতার হার আমি ৬০ টাকা থেকে ১০০ টাকায় বৃদ্ধি করার প্রস্তাবও রাখছি। এর জন্য অতিরিক্ত ২ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রয়োজন হবে।

৪৩। মাননীয় সদস্য গণ অবহিত আছেন যে বিগত ২৫ শে মার্চ, ১৯৯১ তারিখে আমার বাজেট বক্তৃতায় আমি রাজ্যসরকারের পরিচালনাধীন সংস্থা এবং সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানসমূহের কর্মীদের বেতন সংশোধন সম্বন্ধে বক্তব্য রেখেছিলাম। মাননীয় সদস্যদের আমি এখন জানাতে চাই যে বেতন কমিশন তাঁদের কাছে উল্লিখিত অধিকাংশ সংস্থা সম্বন্ধে তাঁদের প্রতিবেদন পেশ করেছেন এবং বাকি সংস্থাগুলির বিষয়ে তাঁদের প্রতিবেদন শীঘ্রই পাওয়া যাবে বলে আশা করছি। এ ব্যাপারে রাজ্যসরকার তাঁদের সিদ্ধান্ত চূড়ান্ত করার কাজ শুরু করে দিয়েছেন। বর্তমান বৎসরের বাজেটে এ উদ্দেশ্যে প্রয়োজনীয় অর্থসংস্থান রাখা হয়েছে।

৪৪। রাজ্যসরকারী কর্মচারী, স্থানীয় স্বশাসিত কর্তৃপক্ষ বা রাজ্যসরকারের নিয়ন্ত্রনাধীন সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে বা রাজ্যসরকারের মালিকাধীন বা রাজ্যসরকার নিয়ন্ত্রিত করপোরেশন বা সমিতি সমূহে নিযুক্ত কর্মচারীদের চাকুরি সংক্রান্ত মামলা-মোকদ্দমা কলকাতা হাইকোর্টে যে হারে ক্রমান্বয়ে বেড়ে চলেছে এবং ফলস্বরূপ ন্যায়বিচার যেভাবে বিলম্বিত হচ্ছে তাতে রাজ্যসরকার খুবই উদ্বেগ বোধ করছেন। মাননীয় সদস্যগণ জেনে খুশি হবেন যে, রাজ্যসরকার ১৯৮৫ সালের প্রশাসনিক ট্রাইবুনাল আইন মোতাবেক উল্লিখিত সব শ্রেণীর কর্মীদের চাকুরিসংক্রান্ত বিরোধ ফয়সালার জন্য একটি প্রশাসনিক ট্রাইবুনাল গঠন করার সিদ্ধান্ত নিয়েছেন। এর ফলে হাইকোর্টের ওপর চাপও কমবে এবং কর্মীদের সমস্যাগুলিরও দ্রুত নিস্পত্তি হবে।

৪৫। সমবায়ের গুরুত্বের কথা ইতিমধ্যেই উল্লেখ করা হয়েছে। সমবায় সংস্থাগুলি যাতে আরও উন্নতি করতে পারে তার জন্য সংস্থাগুলির ব্যবসায়িক চরিত্র অটুট রেখে তাদের প্রশাসনিক খরচের ন্যূনতম অতিরিক্ত অংশে কিভাবে সাহায্য করা যায়, রাজ্যসরকার সেই বিষয়ে চিন্তা করছেন। এর জন্য রাজ্যসরকার অর্থ বরাদ্দ এই বাজেটে রাখছেন।

৪৬। এই মোট প্রয়োজনীয় ব্যয়ের জন্য সর্বাধিক গুরুত্ব দেওয়া হয়েছে রাজ্যসরকারের যে করগুলি চালু আছে তার থেকেই সংগ্রহ আরও বৃদ্ধি করার ওপর। এই উদ্দেশ্যে সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে, বিক্রয়করের ক্ষেত্রে লক্ষ্যমাত্রা ১,২৬০ কোটি টাকা থেকে প্রায় ১৮ শতাংশ বৃদ্ধি করে ১৯৯১-৯২ সালে ১,৪৯২ কোটি টাকাতে, আবগারী শুল্কের ক্ষেত্রে ১৯৯০-৯১ সালের লক্ষমাত্রা ১৬৬ কোটি টাকা থেকে প্রায় ২০ শতাংশ বৃদ্ধি করে ১৯৯১-৯২ সালে ১৯৯ কোটি টাকাতে এবং প্রবেশ করের ক্ষেত্রে, ১৯৯০-৯১ সালের লক্ষমাত্রা ১৩০ কোটি টাকা থেকে প্রায় ২১ শতাংশ বৃদ্ধি করে ১৯৯১-৯২ তে ১৫৭ কোটি টাকাতে নিয়ে যাওয়া হবে। এ ছাড়া, রাজ্যের স্বল্প সঞ্চয়ের লক্ষমাত্রা যা ১৯৯০-৯১ সালে ছিল ১,০৯৮ কোটি টাকা, তাকে, ১৯৯১-৯২

সালে ১৭ শতাংশ বৃদ্ধি করে ১,২৮৫ কোটি টাকাতে উন্নতি করা হবে। এ প্রসঙ্গে মাননীয় সদস্যগণকে নম্রতার সঙ্গে জানাচ্ছি যে, নবম অর্থ কমিশন তাঁদের দ্বিতীয় (এবং বিশেষ) রিপোর্টে সমস্ত রাজ্যের কর আদায়ের তথ্যের ভিত্তিতে বলেছেন যে, নিজস্ব কর আদায়ের উদ্যোগের ক্ষেত্রে পশ্চিমবঙ্গের স্থান সমস্ত রাজ্যগুলির মধ্যে এখন প্রথম (দ্বিতীয় রিপোর্ট, পৃষ্ঠা ১১১)।

৪৭। যে করগুলি আছে তার থেকে রাজস্ব আদায় এই ভাবে যতটা সম্ভব বৃদ্ধি করার পরও, মোট ব্যয়ের ও মোট আয়ের মধ্যে ৬৭ কোটি টাকার ঘাটতি থেকে যাচ্ছে।

৪৮। এই কঠিন অবস্থার মুখোমুখি দাঁড়িয়ে রাজ্যসরকারকে অতিরিক্ত সম্পদ সংগ্রহের প্রয়াসের মধ্যে যেতে হচ্ছে। এই অতিরিক্ত সম্পদ সংগ্রহের ক্ষেত্রে যাঁরা দরিদ্র মানুষ, তাঁদের যতটা সম্ভব অব্যাহতি দেওয়ার চেষ্টা করব। যাঁরা অতিরিক্ত কর সরাসরি দিতে অপেক্ষাকৃত সক্ষম বা যে জিনিষ তাঁরা ক্রয় করেন তার ওপর কর দিতে সক্ষম, তাঁদের ওপরই অপেক্ষাকৃত বোঝা বাড়বে।

৪৯। রাজ্য সরকারের আওতায় সামান্য কয়েকটি প্রত্যক্ষ করের একটি হ'ল কৃষি আয়কর। আমি কৃষি-আয়করের তালিকা পুনর্বিন্যাস করার প্রস্তাব রাখছি। এই পুনর্বিন্যাস হবে এমন সব চা-বাগানের ক্ষেত্রে যেখানে কর আরোপ এবং কর আদায় হয় উচ্চ আয়ভুক্ত করদাতাদের কাছ থেকে। বর্তমানে চা-বাগিচাগুলির ক্ষেত্রে কৃষি আয়করের দুটি স্তর আছে। প্রথম স্তরে যেখানে বার্ষিক আয় এক লক্ষ টাকার অনধিক সেখানে করের হার ৬৫ শতাংশ এবং দ্বিতীয় স্তরে অর্থাৎ এক লক্ষ টাকার অধিক আয়সম্পন্ন বাগিচার ক্ষেত্রে করের হার ৭৫ শতাংশ। আমি এখন প্রস্তাব করছি, যে-সব ক্ষেত্রে আয় অনধিক এক লক্ষ টাকা সেখানে কৃষি আয়কর বসবে ৬৫ শতাংশ হারে। যেখানে আয় এক লক্ষ টাকার বেশি অথচ পাঁচ লক্ষ টাকার বেশি নয় সেখানে প্রস্তাবিত হার হবে ৭৫ শতাংশ। পাঁচ লক্ষের বেশি কিন্তু দশ লক্ষ টাকার বেশি নয় এরকম আয়ের ক্ষেত্রে প্রস্তাবিত হার হবে ৮০ শতাংশ। আর দশ লক্ষ টাকা ছাপিয়ে গেলে কর-হার দাঁড়াবে ৮৩ শতাংশ। এই পুনর্বিন্যাস বাবদ ১৯৯১-৯২ সালে ৪ কোটি টাকা রাজস্ব আসবে, আশা করছি।

৫০। জনসাধারণের জন্য কেবল টিভি নেটওয়ার্কের মাধ্যমে কাহিনী চিত্র প্রদর্শন দ্রুত ছড়িয়ে পড়ছে সর্বত্র, বিশেষভাবে কলকাতা এবং সংলগ্ন এলাকায়। বর্তমানে ১৯৮২ সালের ওয়েস্টবেঙ্গল এন্টারটেনমেন্ট-কাম-এমিউসমেন্ট ট্যাক্স আইন অনুযায়ী ভিডিও পার্লার, হোটেল, দোকান, রেস্তোরাঁ এবং অন্যান্য প্রতিষ্ঠানে ভিডিও প্রদর্শনীর ওপর কর আরোপ করা হয়। এই আইনের আওতায় কেবল টিভি নেটওয়ার্ক মাধ্যমে চলচ্চিত্র প্রদর্শনীকেও আনার প্রস্তাব আমি রাখছি। সি. এম. ডি. এ. এলাকার মধ্যে কেবল টিভি নেটওয়ার্ক মালিকদের ওপর কর-হার হবে প্রতি সপ্তাহে ১,০০০ টাকা এবং পশ্চিমবাংলার অন্যান্য এলাকায় এই হার হবে সপ্তাহে ৭৫০ টাকা। বর্তমান আর্থিক বছরের অবশিষ্ট সময়ে এই প্রস্তাবিত ব্যবস্থার দরুন ০.২৫ কোটি টাকা রাজস্ব আসবে।

[3.50 - 4.00 p.m.]

৫১। এবার আমি আসছি বিক্রয় করের ক্ষেত্রে। এটি রাজ্যের রাজস্ব আদায়ের সর্ববৃহৎ উৎস। ইনভার্টার এবং জেনারেটারের ওপর বিক্রয় করের হার ৮ শতাংশ থেকে বাড়িয়ে ১১ শতাংশ করার প্রস্তাব করছি। আমার আরও প্রস্তাব, রেফ্রিজারেটর, লিফ্‌ট, টেলিফোন, সরঞ্জাম এবং যন্ত্রাংশের ওপর বিক্রয়কর বর্তমান ১১ শতাংশ থেকে বাড়িয়ে ১৫ শতাংশ করা। নিগমবদ্ধ নয় এমন ক্লাব বা সমিতিগুলিকেও বিক্রয়করের আওতায় আনতে আমি প্রস্তাব করছি। ঐ সব ক্লাব বা সমিতির শীতাতপ নিয়ন্ত্রিত রেস্তোরাঁ থেকে বিক্রি রান্না খাবারের ওপর ১৫ শতাংশ হারে বিক্রয় কর ধার্য্য হবে। এই প্রস্তাবগুলির ফলে ১৯৯১-৯২ সালে ১ কোটি টাকা আসবে বলে আমার আশা।

৫২। আমি আরও প্রস্তাব করছি যে, ১৯৪১ সালের বঙ্গীয় রাজস্ব (বিক্রয় কর) আইন এবং ১৯৫৪ সালের পশ্চিমবঙ্গ বিক্রয় কর আইন অনুযায়ী দেয় বিক্রয় করের ওপর ১৫ শতাংশ হারে অতিরিক্ত বিক্রয়কর ধার্য্য করা হোক। সাধারণ মানুষকে অব্যাহতি দেওয়ার জন্য আমি এই করের আওতার বাইরে কিছু নিত্যপ্রয়োজনীয় দ্রব্যসামগ্রীকে রাখতে চাই। এগুলি হল খাদ্যশস্য, ভোজ্য তেল, চা, দেশলাই, কেরোসিন, সফ্‌ট কোক, ওষুধপত্র এবং ডিজেল। অন্যান্য দরকারি খাদ্যবস্তু যেমন ডাল, নুন এবং চিনি ইতিপূর্বেই বিক্রয় করের আওতার বাইরে পুরোপুরো রাখা আছে। কাজেই সব খাদ্যশস্যই প্রস্তাবিত অতিরিক্ত বিক্রয় করের আওতার বাইরে থাকবে। মাননীয় সদস্যগণকে আমি এই প্রসঙ্গে জানাতে চাই যে, আমাদের রাজ্যে বিক্রয় করের সাধারণ হার যেহেতু ৮ শতাংশ, তাই এই প্রস্তাবিত করের ভার ১.২ শতাংশের বেশি হবে না। সমাজের অপেক্ষাকৃত সচ্ছল জনসমষ্টি ব্যবহার করে থাকেন এরকম কিছু দ্রব্য সামগ্রীর ওপর করের হার ক্ষেত্র বিশেষে ১১ শতাংশ থেকে ১৫ শতাংশ। এসব ক্ষেত্রে অতিরিক্ত বিক্রয় করের হার ২.২৫ শতাংশের বেশি দাঁড়াবে না। প্রস্তাবিত কর ব্যবস্থার ফলে ১৯৯১-৯২ সালে ৫৬ কোটি টাকা রাজস্ব সংগ্রহ করা যাবে।

৫৩। মাননীয় সদস্যগণের স্মরণে আছে যে এই রাজ্যের মধ্যে অবস্থিত টিভি উৎপাদন সংস্থাদের সহায়তা দানের উদ্দেশ্যে আমি বিগত আর্থিক বছরে বিক্রয় কর ফেরত দেওয়ার একটি পরিকল্পনা চালু করেছিলাম। আন্তঃরাজ্য বিক্রয় করের হারও কমিয়ে ১ শতাংশ করা হয়েছিল। বর্তমান বছরেও আমি এই সব সুযোগ সুবিধা চালু রাখতে চাই। ইলেকট্রনিক অডিও সরঞ্জাম উৎপাদনকারী স্থানীয় সংস্থাগুলি যাতে রাজ্যের বাইরে তাদের বাজার প্রসারিত করতে পারেন, তার জন্য আন্তঃরাজ্য বিক্রয় করের হার কমিয়ে ৪ শতাংশ থেকে ১ শতাংশ করা আমার প্রস্তাব।

৫৪। মাননীয় সদস্যগণ অবহিত আছেন যে, আমরা ইতিপূর্বে ১৬ টি জীবনদায়ী ওষুধ এবং তাদের কিছু কিছু সংমিশ্রণ যেগুলি স্থানীয় ক্ষুদ্রায়তন শিল্প সংস্থায় তৈরী হয়, সেগুলির ওপর বিক্রয় করের ছাড় দিয়েছিলাম। সংস্থাগুলিকে আরও উৎসাহ প্রদানের জন্য আমার প্রস্তাব, স্থানীয় ক্ষুদ্রায়তন শিল্পে প্রস্তুত ঐ ১৬টি জীবনদায়ী ওষুধের সবরকম সংমিশ্রনের ক্ষেত্রেই এই ছাড় প্রযোজ্য হবে।

৫৫। এই রাজ্যে খাদি শিল্প উৎপাদনকারী খাদি ও গ্রামীণ শিল্প সংস্থাসমূহে বেশ কিছু কারিগর কর্মরত রয়েছেন। বর্তমান আইনে এই সংস্থাগুলি তাদের বিক্রির ওপর বিক্রয় কর দেবার পর রাজ্য সরকারের কাছে পুনর্ভরণ বা রি-ইমবার্সমেন্টের জন্য আবেদন করেন। এই পদ্ধতি শুধু যে সময় সাপেক্ষ তাই নয়, এতে খাদি এবং গ্রামীন উৎপাদন সংস্থাগুলির অসুবিধা হয় এবং পরিণামে দরিদ্র কারিগররা ক্ষতিগ্রস্ত হন। কাজেই আমি খাদি ও গ্রামীণ শিল্পে কমিশন অনুমোদিত ঐ ধরনের উৎপাদন সংস্থাগুলি ডেকে বিক্রিত খাদি শিল্পের ওপর থেকে বিক্রয় কর তুলে নেবার প্রস্তাব আনছি।

৫৬। আমার আরও প্রস্তাব, সোলার থার্মাল ডিভাইস্, বল পয়েন্ট পেন, ফাউন্টেন পেন, লটারি টিকিট এবং কার্ডিয়াক পেসমেকারের ওপর থেকে বিক্রয় কর তুলে নেওয়া হোক। এইসব কর ছাড় দেবার ফলে রাজস্ব ক্ষতি দাঁড়াবে প্রায় ১.২৫ কোটি টাকা।

৫৭। মাননীয় সদস্যগণকে আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে রাজ্যে অনুষ্ঠিত সব ফুটবল খেলা আমোদকর আইনের বাইরে রাখার সিদ্ধান্ত হয়েছে, টিকিটের মুল্য যতই হোক না কেন।

৫৮। দেশি মদের ক্ষেত্রে আবগারি শুল্ক কাঠামো সুবিন্যস্ত করা এবং ভারতে তৈরী বিলিতি মদের ওপর শুল্ক/ফি বেশি হারে বসানোর প্রস্তাব আমি রাখছি। আমি ৬০" ইউ পি এবং ৭০" ইউ পি শক্তির দিশি মদের ওপর শুল্ক হারের প্রান্তিক বৃদ্ধি করার প্রস্তাব আনছি যার ফলে ৫০" ইউ পি, ৬০" ইউ পি এবং ৭০" ইউ পি শক্তির দিশি মদের ওপর এল. পি. এল. পিছু শুল্ক একই দাঁড়ায়। অনেক ক্ষেত্রে অধিকতর দরিদ্র শ্রেণীর

মানুষজন ৮০° ইউ পি শক্তির যে দেশি মদ পান করে থাকেন, তার ওপর শুল্ক হারের কোন পরিবর্তন করা হচ্ছে না। বিয়ারের ক্ষেত্রে শুল্ক হার প্রতি বি. এল. ১ টাকা বাড়ানোর এবং হুইস্কির ক্ষেত্রে প্রতি এল. পি. এল শুল্ক ৮ টাকা বাড়ানোর আমি প্রস্তাব করছি। ভারতে তৈরি অন্যান্য ধরনের বিলিতি মদের ওপর শুল্ক হারের কোন পরিবর্তন হচ্ছে না। বিয়ার ব্যতীত অন্যান্য বিলিতি মদের ওপর বি. এল. পিছু লিটারেজ ফি ২ টাকা বৃদ্ধি করার এবং বিয়ারের ওপর ঐ ফি বি. এল. পিছু ০.২৫ টাকা বাড়ানোও আমার প্রস্তাব। ৬৫° এবং ৭৫° ইউ পি শক্তির রঙীন এবং সুগন্ধি স্পিরিট বাজারজাত করা হবে যেগুলির ক্ষেত্রে আবগারি শুল্কের হার হবে ৭০° এবং ৮০° ইউ পি শক্তির দিশি মদের ওপর প্রযোজ্য শুল্কহারের সমান। বর্তমান আর্থিক বছরের বাকি সময়ের মধ্যে এই সব ব্যবস্থার ফলস্বরূপ বাড়তি রাজস্ব আদায় ৬ কোটি টাকার মতন হবে বলে আমার আশা।

৫৯। মাননীয় সদস্যগণের মনে থাকবে, বিগত বছরের বাজেট বক্তৃতায় আমি উল্লেখ করেছিলাম যে, এক জায়গা থেকে বৃত্তি-কর আদায়ের কথা সরকার বিবেচনা করছেন। আনন্দের সঙ্গে জানাচ্ছি যে সরকার সিদ্ধান্ত নিয়েছেন যে, একমাত্র ১৯৭৯ সালের পশ্চিমবঙ্গ বৃত্তি-কর আইনেই এই কর আদায় করা হবে। এই সিদ্ধান্তের ফলে কিছু শ্রেণীর ব্যবসায়িক প্রতিষ্ঠান যেমন বিউটি পার্লার, শীততাপ-নিয়ন্ত্রিত হেয়ার ড্রেসিং সেলুন, হেল্‌থ রিসর্ট, স্লিমিং সেন্টার, স্টিভেডর, ক্লিয়ারিং এজেন্ট, নাচ গান হয় এমন রেস্তোরাঁ ইত্যাদিকে এখন ঐ আইনের কর-তালিকার অন্তর্ভুক্ত করা হবে। এই সব পরিবর্তনের বিশদ সম্বলিত অর্থ-বিল শীঘ্রই এই সভায় উপস্থাপিত করা হবে।

৬০। মোটর গাড়ি, ভাড়া খাটে না এ-রকম অমনিবাস এবং সন্ধিযুক্ত (আর্টিকুলেটেড) ট্রেলারের ওপর প্রদেয় রোড ট্যাক্সের বর্তমান কাঠামোর আমি কিছু পরিবর্তন করতে চাই। ব্যক্তিগত এবং কোম্পানি মালিকানাধীন এই সব গাড়ির ক্ষেত্রে কর গড়ে ৫০ শতাংশ বাড়ানো আমার প্রস্তাব। ১৯৯১-৯২ সালে এই ব্যবস্থার দরুন প্রায় ১ কোটি টাকা রাজস্ব আসবে, আশা করছি।

৬১। উপরোক্ত সমস্ত করপ্রস্তাব কার্যকরী করার জন্য বিধানসভার এই অধিবেশনে শীঘ্রই একটি অর্থবিল পেশ করা হবে এবং প্রয়োজনীয় বিজ্ঞপ্তিও যথাসময়ে জারী করা হবে।

৬২। এই প্রসঙ্গে আমি সবিনয়ে উল্লেখ করতে চাই, এর আগে করদাতাগণের এবং প্রশাসনের সুবিধার্থে চারটি বিক্রয়-কর আইনের পরিবর্তে একটি সুসংহত নূতন আইন চালু করার প্রস্তাব ছিল। আমি আশা রাখি, অনতিবিলম্বে বিধানসভায় এই আইন পেশ করা সম্ভব হবে।

৬৩। এখন সমস্ত করের প্রস্তাবগুলি একত্রিত করলে ১৯৯১-৯২ সালে অনুমতি অতিরিক্ত সম্পদ সংগ্রহের পরিমাণ দাঁড়াবে ৬৭ কোটি টাকা, যা পূর্বে উল্লিখিত ঘাটতির সমান। অতএব মাননীয় সদস্যগণ, আমি আপনাদের সামনে ১৯৯১-৯২ সালের জন্য পুনরায় একটি ঘাটতিশূন্য ভারসাম্যমূলক বাজেট উপস্থাপন করছি। এই ঘাটতিশূন্য বাজেটের প্রস্তাব কোনো চালাকি নয়, এটা প্রয়োজন। প্রয়োজন এই কারণে যে, বর্তমানে কেন্দ্র-রাজ্য সম্পর্ক এমনই অসম যে কেন্দ্রীয় সরকার ঘাটতির ভিত্তিতে বছরের পর বছর, নিজস্ব বাজেট রচনা করে যেতে পারেন; কিন্তু, কোনো রাজ্য সরকার পর পর মাত্র সাত দিনের বেশী ওভারড্রাফ্‌ট নিতে পারবেন না। এই পরিস্থিতিতে যেহেতু ওভারড্রাফ্‌টের ভিত্তিতে বাজেট রচনা করা সম্ভব নয়, তাই মোট বাজেট ব্যয়-বরাদ্দের একেবারে সমান সম্পদ সংগ্রহ ব্যবস্থা করতেই হবে।

৬৪। ১৯৯১-৯২ সালে বিভিন্ন ব্যয়-বরাদ্দের প্রস্তাব নিয়ে বিস্তারিত আলোচনা সম্ভবতঃ আগষ্ট মাসের শেষ পর্যন্ত চলবে। মাননীয় সদস্যদের স্মরণ থাকবে যে, ১৯৯১ সালের ৩১ শে জুলাই পর্যন্ত সময়ের জন্য ভোট-অন্‌-অ্যাকাউন্ট বাজেট অনুমোদিত হয়েছিল। ১৯৯১ সালের ১ লা আগষ্ট থেকে রাজ্য সরকার যাতে কাজকর্ম সঠিকভাবে চালু রাখতে পারেন, সেজন্য আমি আরও দু'মাসের জন্য ব্যয়-বরাদ্দের মঞ্জুরী চাইছি।

৬৫। সর্বশেষে মাননীয় সদস্যগণকে আমি অবগত রাখতে চাই যে, ১৯৯১-৯২ সালের ঘাটতি শূন্য ভারসাম্যমূলক বাজেট দুটি কারণে অসুবিধার সম্মুখীন হতে পারে। প্রথমতঃ স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে, ইদানীংকালে, কেন্দ্রীয় সরকার এবং রিজার্ভ ব্যাঙ্ক কিছু একতরফা সিদ্ধান্ত নিয়েছেন যার ফলে স্বল্প সঞ্চয়ের প্রকল্পগুলির চেয়ে তুলনীয় কিছু প্রকল্প (ব্যাঙ্ক এবং ইউনিট ট্রাস্টে সঞ্চয় এবং বিভিন্ন মিউচ্যুয়াল ফান্ড প্রকল্প)-কে সুদের হার এবং আয়কর ছাড়ের দিক থেকে অতিরিক্ত আকর্ষণীয় করা হয়েছে। যদিও স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে রাজ্যের গুরুত্বপূর্ণ ভূমিকা আছে, তবুও এই পরিবর্তনগুলি রাজ্যের সঙ্গে কোনো আলোচনা না করে একতরফাভাবে করা হয়েছে। এবং, অনেক ক্ষেত্রেই, এই পরিবর্তনগুলি করা হয়েছে যোজনা কমিশনের সঙ্গে রাজ্যের ১৯৯১-৯২ সালের পরিকল্পনার ক্ষেত্রে সম্পদ সংগ্রহের কথাবার্তা স্থির হওয়ার পর। এর প্রতিবাদ করে, স্বল্প সঞ্চয়ের প্রকল্পগুলিতে সমভাবে সুদের হার বৃদ্ধি ও আয়কর ছাড় প্রস্তাব রেখে আমি বর্তমান কেন্দ্রীয় অর্থমন্ত্রীকে সম্প্রতি জানাই। এবারের কেন্দ্রীয় বাজেটে স্বল্প সঞ্চয় প্রকল্পগুলির ক্ষেত্রে সুদের হার বৃদ্ধি করার কিছুটা আশ্বাস থাকলেও, কর ছাড়ের সুবিধার কোনো উল্লেখ নেই। দ্বিতীয়তঃ, যোজনা কমিশনের সঙ্গে রাজ্যের ১৯৯১-৯২ সালের পরিকল্পনা নিয়ে আলোচনার সময় যে কেন্দ্রীয় সহায়তার পরিমাণ (৮৬৩ কোটি টাকা) প্রতিশ্রুতি হিসেবে দেওয়া হয়েছিল এবং যার ভিত্তিতে আমরা এই আর্থিক বছরের পরিকল্পনা রচনা করেছি, ১৯৯১-৯২ সালের কেন্দ্রীয় বাজেটের তথ্য থেকে এটা পরিষ্কার নয় যে সেই প্রতিশ্রুত অর্থ সম্পূর্ণভাবে পাওয়া যাবে কি না।

[4.00 - 4.02 p.m.]

৬৬। যদি স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে প্রয়োজনীয় সংশোধন করা হয়, এবং পরিকল্পনার ক্ষেত্রে প্রতিশ্রুতি অর্থ পাওয়া যায়, তাহলে সমস্যা উঠবে না। কিন্তু যদি এই সংশোধন না করা হয়, অথবা যদি প্রতিশ্রুত অর্থকে কোনোভাবে হ্রাস করা হয়, তাহলে অর্ন্তবর্তী পর্যালোচনায় যেতে আমাদের বাধ্য করা হবে। তা হবে নীতি-বহির্ভূত। সে ক্ষেত্রে, তা হবে রাজ্যের সীমাবদ্ধ ক্ষমতার ওপর আঘাত, এবং রাজ্যের সাধারণ মানুষের স্বার্থের ওপরও আঘাত। দেশের বর্তমান পরিস্থিতিতে যে এই ধরণের আঘাত আসতে পারে তার সম্ভাবনার উল্লেখ করেই আমার প্রতিবেদন শুরু করেছিলাম। এই আঘাত যদি আসে তাহলে, মাননীয় সদস্যগণ, আপনাদের মাধ্যমে এ রাজ্যের সকল মানুষকে আবেদন করব, প্রতিবাদ করে মাথা তুলে দাঁড়িয়ে আমাদের অধিকার আদায় করতে, আমাদের সকলের স্বার্থ রক্ষা করতে। বঞ্চনার বিরুদ্ধে মাথা তুলে দাঁড়ানোই এ-রাজ্যের প্রকৃত ইতিহাস। আমি সকলের সহযোগিতা কামনা করছি।

Mr. Speaker : Hon'ble Members, cut motions to Demands for Grants will be received in the office up to 5 p.m. 29th July, 1991.

Now, Motion for Vote on Account. I call upon Dr. Asim Kumar Das Gupta to move the motion.

V. VOTING ON MOTION FOR VOTE ON ACCOUNT

Dr. ASIM KUMAR DAS GUPTA : Sir, on the recommendation of the Governor. I beg to move that a sum not exceeding Rs. 10,91,41,00,000 only be granted to the Governor, on account, for or towards defraying the charges for the following services and purposes during the year ending on the 31st day of March, 1992, namely :–

Demand No.	Services and Purposes	Sums not exceeding
	REVENUE ACCOUNT	**Rs.**
	A–General Services	
	(a) Organs of State	
1.	2011-State Legislature	57,00,000
3.	2013-Council of Ministers	17,00,000
4.	2014-Administration of Justice	4,67,00,000
5.	2015-Elections	75,00,000
	(b) Fiscal Services	
	(i) Collection of Taxes on Income and Expenditure	
6.	2020-Collection of Taxes on Income and Expenditure	35,00,000
	(ii) Collection of Taxes on property and Capital Transactions	
	2029–Land Revenue	
7.	Capital Expenditure Outside the Revenue Account	
	C–Capital Account of Economic Services	15,18,00,000
	(i) Capital Account of General Economic Services	
	5475-Capital outlay on Other General Economic Services	
	REVENUE ACCOUNT	
	A-General Services	
	(b) Fiscal Services	
	(ii) Collection of Taxes on Property and Capital Trnsactions	
8.	2030-Stamps and Registration	2,24,00,000
9.	2035-Collection of Other Taxes on Property and Capital Transactions	3,00,000

Demand No.	Services and Purposes	Sums not exceeding
		Rs.
	(iii) Collection of Taxes on Commodities and Services	
10.	2039-State Excise	1,87,00,000
11.	2040-Sales Tax	3,00,00,000
12.	2041. Taxes on Vehicles	58,00,000
13.	2045-Other Taxes and Duties on Commodities and services	1,26,00,000
	(iv) Other Fiscal Services	
14.	2047-Other Fiscal Services	58,00,000
	(c) Interest Payment and Servicing of Debt	
16.	2049-Interest Payments	12,25,000
	(d) Administrative Services	
		Rs.
18.	2052-Secretariat General Services	3,27,00,000
19.	2053-District Administration	3,27,00,000
20.	2054-Treasury and Accounts Administration	2,30,00,000
21.	2055-Police	55,37,00,000
22.	2056-Jails	3,42,00,000
24.	2058-Stationery and Printing	1,55,00,000
	2059-Public Works	
	(Public Works under Functional Heads)	
	B-SOCIAL SERVICES	
	(a) Education, Sports, Art & Culture	
	2202-General Education (Buildings)	
	2203-Technical Education (Buildings)	
	2204-Sports and Youth Services (Buildings)	
	2205-Art and Culture (Buildings)	
	(b) Health and Family Welfare	
	2210-Medical and Public Health (Excluding public Health)(Buildings)	
	2210-Medical and Public Health (Public Health) (Buildings)	
	2211-Family Welfare (Buildings)	

Demand No.	Services and Purposes	Sums not exceeding
		Rs.
25.	(e) Water Supply, Sanitation, Housing and Urban Development	32,43,87,000
	2216-Housing (Buildings)	
	(f) Labour and Labour welfare	
	2220-Labour and Employment (Buildings)	
	(g) Social Welfare and Nutrition	
	2225-Social Security and Welfare (Social Welfare) (Buildings)	
	(h) Others	
	C-Economic Services	
	(e) Agriculture and Allied Activities	
	2401-Crop Husbandry (Buildings)	
	2403-Animal Husbandry (Buildings)	
	2404-Dairy Development (Buildings)	
	2406-Forestry and Wild Life (Zoological park and Lloyd Botanic Garden, Darjeeling)	
	2408-Food, Storage and Warehousing (Buildings)	
	(f) Industry and Minerals	
	2851-Village and Small Industries (Excluding Public Undertakings)(Buildings)	
	2852-Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries) (Buildings)	
	2853-Non-Ferrous Mining and Metallurgical Industries (Buildings)	
	(j) General Economic Services	
	3475-Other General Economic Services (Buildings)	
	Capital Expenditure Outside the Revenue Account	
	A-Capital Account of General Services	
	4059-Capital Outlay on Public Works (Capital Outlay on Public Works under Functional Heads)	
	B-Capital Account of Social Services	

Demand No.	Services and Purposes	Sums not exceeding
		Rs.
	(a) Education, Sports, Art and Culture	
25.	4202-Capital Outlay on Education, Sports. Art and Culture (Buildings)	
	(b) Health and family welfare	
	4210-Capital Outlay on Medical and Public Health (Excluding Public Health) (Buildings)	
	4210-Capital Outlay on Medical and Public Health (Public Health) (Buildings)	
	4211-Capital Outlay on Family Welfare (Buildings)	
	(c) Water Supply, Sanitation, Housing and Urban Development	
	4215-Capital Outlay on Water Supply and Sanitation (Excluding Prevention of Air and Water Pollution) (Buildings)	
	4216-Capital Outlay on Housing (Buildings)	
	(d) Information and Broadcasting	
	4220-Capital Outlay on Information and Publicity (Buildings)	
	(g) Social Welfare and Nutrition	
	4235-Capital Outlay on Social Security and Welfare (Social Welfare) (Buildings)	
	(h) Others	
	4250-Capital Outlay on Other Social Service (Buildings)	
	(C) Capital Account of Economic Services	
	(a) Capital Account fo Agriculture and Allied Activities	
	4403-Capital Outlay on Animal Husbandry	

Demand No.	Services and Purposes	Sums not exceeding
		Rs.
	(Excluding Public Undertakings) (Buildings)	
	4403-Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan) (Buildings)	
	4404-Capital Outlay on Dairy Development (Excluding Public Undertakings) (Buildings)	
	4408-Capital Outlay on Food Storage and Warehousing (Excluding Public Undertakings) (Buildings)	
	(g) Capital Account of Rural Development	
	4515-Capital Outlay on Other Rural Development Programme (Panchayati Raj) (Buildings)	
25.	4515-Capital Outlay on Other Rural Development Programmes (Community Development) (Buildings)	
	(f) Capital Account of Industry and Minerals.	
	4851-Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) (Buildings)	
	4851-Capital Outlay of Village and Small Industries (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-plan) (Buildings)	
	4853-Capital Outlay on Non-Ferrous Mining and Metallurgical Industries (Buildings)	
	4885-Other Capital Outlay on Industry and Minerals (Excluding Public Undertakings and Closed and Sick Industries) (Buildings)	
	REVENUE ACCOUNT	
	A-General Services	
	(d) Administrative Services	
26.	2070-Other Administrative Services (Fire Protection & Control)	2,55,00,000
	2070-Other Administrative Services (Excluding Fire Protection & Control)	

Demand No.	Services and Purposes	Sums not exceeding
		Rs.
	Capital Expenditure Outside the Revenue Account	
27.	(a) Capital Account fo General Services	10,23,00,000
	4070-Capital Outlay on Other Administrative Services	
	REVENUE ACCOUNT	
	(A) General Services	
	(a) Pension and Miscellaneous general Services	
28.	2071-Pensions and Other Retirement Benefits	33,25,00,000
	2075-Miscellaneous General Services Capital Expenditure Outside the Revenue Account	
29.	(A) Capital Account of General Services	94,00,000
	4075-Capital Outlay on Miscellaneous General Services	
	REVENUE ACCOUNT	
	(B) Social Services	
	(a) Education, Sports, Art and Culture	
	2202-General Education	
	2203-Technical Education	
	2205-Art and Culture	
	Capital Expenditure Outside the Revenue Account	
	(B) Capital Account of Social Services	2,86,11,61,000
30.		
	(a) Education, Sports, Art and Culture	
	4203-Capital Outlay on Education, Sports, Art and Culture	
	F-Loans and Advances	
	6202-Loans for Education, Sports, Art and Culture	
	Revenue Account	
	B-Social Services	
	(a) Education, Sports, Art & Culture	

Demand No.	Services and Purposes	Sums not exceeding
		Rs.
31.	2204-Sports and Youth Services	3,18,00,000
	(b) Health & Family Welfare	
	2210-Medical and Public Health	
	(Excluding Public Health)	
	Capital Expenditure Outside the Revenue Account	
	B-Capital Account of Social Services	52,03,00,000
32.	(b) Health & Family Welfare	
	4210-Captial Outlay on Medical and Public Health	
	(Excluding Public Health)	
	F-Loans and Advances	
	6210-Loans for Medical and Public Health	
	(Excluding Public Health)	
	Revenue Account	
	B-Social Services	
	(b) Health and Family Welfare	
	2210-Medical and Public Health	
	(Public Health)	
	Capital Expenditure Outside the Revenue Account	
	B-Capital Account of Social Services	9,66,00,000
	(b) Health and Family Welfare	
33.	4210-Capital Outlay on Medical and public Health (Public Health)	
	F-Loans and Advances	
	6210-Loans for Medical and Public Health	
	(Public Health)	
	Revenue Account	
	B-Social Services	
	(b) Health and Family Welfare	
	2211-Family Welfare	
	Capital Expenditure Outside the Revenue Account	
	B-Capital Account of Social Services	9,03,00,000
34.	(b) Health and Family Welfare	
	4211-Capital Outlay on Family Welfare	

Demand No.	Services and Purposes	Sums not exceeding
		Rs.
	F-Loans and Advances	
	6211-Loans for Family Welfare	
	REVENUE ACCOUNT	
	B-Social Services	
	(c) Water Supply, Sanitation, Housing & Urban Development	
	2215-Water Supply and Sanitation (Excluding Prevention of Air & Water Pollution)	
	Capital Expenditure Outside the Revenue Account	
	B-Capital Account of Social Services	
	(c) Water Supply, Sanitation, Housing & Urban Development	15,79,00,000
35.	4215-Capital Outlay on Water Supply & Sanitation (Excluding Prevention of Air and Water Pollution)	
	F-Loans and Advances	
	6215-Loans for Water Supply and Sanitation (Excluding Prevention of Air & Water Pollution)	
	REVENUE ACCOUNT	
	B-Social Services	
	(c) Water Supply, Sanitation, Housing and Urban Development	
	2216-Housing	
	Capital Expenditure Outside the Revenue Account	
36.	B-Capital Account of Social Services	5,36,50,000
	(c) Water Supply, Sanitation, Housing and Urban Development	
	4216-Capital Outlay on Housing	
	F-Loans and Advances	
	6216-Loans for Housing	

Demand No.	Services and Purposes	Sums not exceeding
		Rs.
	REVENUE ACCOUNT	
	B-Social Services	
	(c) Water Supply, Sanitation, Housing and Urban Development	
	2217-Urban Development	
	Capital Expenditure Outside the Revenue Account	
	B-Capital Account of Social Services	
37.	(c) Water Supply, Sanitation Housing and Urban Development	36,39,00,000
	4217-Capital Outlay on Urban Development	
	F-Loans and Advances	
	6217-Loans for Urban Development	
	REVENUE ACCOUNT	
	B-Social Services	
	(d) Information and Broadcasting	
	2220-Information and Publicity	
	Capital Expenditure Outside the Revenue Account	
38.	B-Capital Account of Social Services	2,57,50,000
	(d) Information and Publicity	
	4220-Capital Outlay and Information & Publicity	
	F-Loans and Advances	
	6220-Loans for Information and Publicity	
	REVENUE ACCOUNT	
	B-Social Services	
	(f) Labour and Labour Welfare	
39.	2230-Labour and Employment	5,79,00,000
	REVENUE ACCOUNT	
	(g) Social Welfare and Nutrition	
	2235-Social Security and Welfare (Rehabilitation)	
	Capital Expenditure Outside the Revenue Account	
	B-Capital Account of Social Services	
	(g) Social Welfare and Nutrition	
	4235-Capital Outlay on Social Security and	

Demand No.	Services and Purposes	Sums not exceeding
		Rs.
	Welface (Rehabilitation)	5,96,00,000
	C-Loans and Advances	
	6235-Loans for Social Security and Welfare (Rehabilitation)	
	REVENUE ACCOUNT	
	B-Social Services	
	(a) Education, Sports, Art and Culture	
	2202-General Education (Tribal Areas Sub-Plan)	
	2203-Technical Education (Tribal Areas Sub-Plan)	
	2204-Sports and Youth Services (Tribal Areas Sub-Plan)	
	(b) Health and Family Welfare	
	2210-Medical and Public Health (Excluding Public Health) (Tribal Areas Sub-Plan)	
	2210-Medical and Public Health (Public Health) (Tribal Areas Sub-Plan)	
	(c) Water Supply, Sanitation, Housing and Urban Development	
41	2215-Water Supply and Sanitation (Excluding Prevention of Air and Water Pollution) (Tribal Areas Sub-Plan)	22,82,50,000
	(c) Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes	
	2225-Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes	
	(g) Social Welfare and Nutrition	
	2235-Social Security and Welfare (Social Welfare) (Tribal Areas Sub-Plan)	
	C-Economic Services	
	(a) Agriculture and Allied Activities	
	2401-Crop Husbandry (Tribal Areas Sub-Plan)	
	2402-Soil and Water Conservation (Tribal Areas Sub-Plan)	
	2403-Animal Husbandry (Tribal Areas Sub-Plan)	

Demand No.	Services and Purposes	Sums not exceeding
		Rs.
	2404-Dairy Development (Tribal Areas Sub-Plan)	
	2405-Fisheries (Tribal Areas Sub-Plan)	
	2406-Forestry and Wild Life (Excluding Zoological Park and Lloyd Botanic Garden, Darjeeling) (Tribal Areas Sub-Plan)	
	2408-Food, Storage and Warehousing (Tribal Areas Sub-Plan)	
	2425-Co-operation (Tribal Areas Sub-Plan)	
	2435-Other Agricultural Programmes (Tribal Areas Sub-Plan)	
	(b) Rural Development	
41	2501-Rural Development (Tribal Areas Sub-Plan)	
	2506-Land Reforms (Tribal Areas Sub-Plan)	
	(c) Special Areas Programmes (Tribal Areas Sub-Plan)	
	2505-Other Rural Development Programmes (Community Development) (Tribal Areas Sub-Plan)	
	2575-Other Special Areas Programmes (Tribal Areas Sub-Plan)	
	(d) Irrigation and Flood Control	
	2702-Minor Irrigation (Tribal Areas Sub-Plan)	
	(f) Industry and Minerals	
	2851-Village and Small Industries (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan)	
	Capital Expenditure outside the Revenue Account	
	B-Capital Account of Social Services	
	(b) Health and Family Welfare	
	4210-Capital Outlay on Medical and Public Health (Excluding Public Health) (Tribal Areas Sub-Plan)	
	(e) Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes	

Demand No.	Services and Purposes	Sums not exceeding
		Rs.
	4225-Capital Outlay on Welfare of Scheduled Castes Scheduled Tribes and Other Backward Classes.	
	C-Capital Account of Economic Services	
	(a) Capital Account of Agriculture and Allied Activities	
	4401-Capital Outlay on Crop Husbandry (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan)	
41	4402-Capital Outlay on Soil and Water Conservation (Tribal Areas Sub-Plan)	
	4403-Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan)	
	4425-Capital Outlay on Co-operation (Tribal Areas Sub-Plan)	
	4435-Capital Outlay on Other Agricultural Programmes (Tribal Areas Sub-plan)	
	(d) Capital Account of Irrigation and Flood Control	
	4702-Capital Outlay on Minor Irrigation (Tribal Areas Sub-Plan)	
	4405-Capital Outlay on Command Areas Development (Tribal Areas Sub-Plan).	
	(f) Capital Account of Industry and Minerals	
	4851-Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan)	
	(g) Capital Account of Transport	
	5054-Capital Outlay on roads and Bridges (Tribal Areas Sub-Plan)	
	F-Loans and Advances	
	6225-Loans for Welfare of Scheduled Castes Scheduled Tribes and Other Backward Classes	

Demand No.	Services and Purposes	Sums not exceeding
		Rs.
	6401-Loans for Crop Husbandry (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan)	
41.	6425-Loans for Co-operation (Tribal Areas Sub-Plan)	
	6575-Loans for Other Special Areas Programme (Tribal Areas Sub-Plan)	
	6851-Loans for Village and Small Industries (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan)	
	REVENUE ACCOUNT	
	B-Social Services	
	(g) Social Welfare and Nutrition	
	2235-Social Security and Welfare (Social Welfare) Capital Expenditure Outside the Revenue Account	
	B-Capital Account of Social Services	
	(g) Capital Account of Social Welfare and Nutrition	13,95,00,000
42	4235-Capital Outlay on Social Security and Welfare (Social Welfare)	
	F-Loans and Advances	
	6235-Loans for Social Security and Welfare (Social Welfare)	
	REVENUE ACCOUNT	
	B-Social Services	
	(g) Social Welfare and Nutrition	
	2236-Nutrition	
	Capital Expenditure Outside the Revenue Account	
	B-Capital Account of Social Services	
43.	4236-Capital Outlay on Nutrition	1,11,00,000
	F-Loans and Advances	
	6212-Loans for Nutrition	

Demand No.	Services and Purposes	Sums not exceeding
		Rs.
	REVENUE ACCOUNT	
	B-Social Services	
	(g) Socia! Welfare and Nutrition	
44.	2245-Relief on account of Natural Calamities	13,35,00,000
	(h) Others	
45.	2251-Secretariat-Social Services	1,18,00,000
	REVENUE ACCOUNT	
	B- Social Services	
	(h) Others	
	2252-Other Social Services	
	Capital Expenditure Outside the revenue Account	
	B-Capital Account of Social Services	
46.	4250-Capital Outlay on Other Social Services	1,76,00,000
	F-Loans and Advances	
	6250-Loans for Other Social Services	
	REVENUE ACCOUNT	
	(c) Economic Sercices	
	(g) Agriculture and Allied Activities	
	2401-Crop Husbandry	
	Capital Expenditure Outside the Revenue Account	
	(c) Capital Account of Economic Services	
	(a) Agriculture and Allied Activities	
47.	4401-Capital Outlay on Crop Husbandry	16,19,00,000
	(Excluding Public Undertakings)	
	F-loans and Advances	
	6401-Loans for Crop Husbandry (Excluding Public Undertakings)	
	REVENUE ACCOUNT	
	C-Economic Services	
	(a) Agriculture and Allied Activities	

Demand No.	Services and Purposes	Sums not exceeding
		Rs.
	2402-Soil and Water Conservation	
	Capital Expenditure outside the Revenue Account	
১৯৮৮ অবসোলেট হয়ে গেল? স্যার, ওই ভদ্রোলোক আমার বন্ধু মাথা কামিয়ে এসেছেন কিন্তু জ্যোতিবাবুর মন্ত্রীত্বে ঢোকালেন না। এখন এখানে বসে বসে আর কি করবেন, সেই জন্য আমাকে বাধা দিচ্ছেন। উনি আমার বন্ধু মানুষ, অত্যন্ত বিদ্বান মানুষ, মাথা কামিয়ে এসেছেন। মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করি ওনার পারলামেন্টের অভিজ্ঞতা আছে, আপনি তো অনেক মন্ত্রী বাড়িয়েছেন, আপনি মন্ত্রীর সংখ্যা ৬০ করে দিন তাতে আমাদের আপত্তি নেই, মাথা কামিয়ে সিনিয়ার হয়েছেন, একটা জায়গায় ওনাকে অন্তত দিন। যাই হোক আপনাদের আপত্তিটা কি ছিল? নাইন্থ ফিনান্স কমিসনের যে নরমাটিভ এ্যাপ্রোজ, গুরুতর আপত্তি ছিল। what condition will be improved. Those are free.

বারবার করে এই কথা বলতে চাই এটা ফ্রি। আপনাদের আপত্তি ছাড়া যে রেকমেনডেশান দিয়েছে, What you have got more than that ? You have not. Here is the ex-member of parliament ready to become a ministor with his shaved head.

কিন্তু তা সত্ত্বেও আমরা দেখতে পাচ্ছি যে রিসোর্স এসেছিল। কি ইউটালাইজ করেছেন? মাননীয় অধ্যক্ষ মহাশয়, অর্থমন্ত্রী মহাশয়কে আরো জিজ্ঞাসা করতে চাই। আজকে মূল সমস্যা, ইউটালাইজেশান হচ্ছে না, প্রোডাকটিভিটির সমস্যা। রিডাকশান ইন কেস অফ প্রোডাকটিভিটি এটা নিয়ে একাধিকবার একাধিক বিশেষজ্ঞ একাধিক কমিটি করা হয়েছে মিনিমাইজেশান অফ দি কষ্ট অফ প্রোডাকটিভিটি। আমাদের এখানে মাননীয় মুখ্যমন্ত্রীর ১৫ বছরে রাজত্বকালে একটা জিনিস হয়ে গিয়েছে, ওয়ার্কের ব্যাপার নেই। আমাদের লিডার অফ দি ওপোজিশান বলে গিয়েছেন মহারাষ্ট্রে যদি ভ্যালু এ্যাডেড টু দি মেটিরিয়াল যদি ৬০০০ হয় আমাদের এখানে ৩০০০ ও হয় নি। আজকে লেবারদের দোষ দিয়ে কোন লাভ নেই, The political parties, political bosses are responsible for it.

আমাদের এফিসিয়েন্সী কোথায়? আপনারা দাবি করেছেন খাদ্যে আপনারা ভীষণ ভাবে করেছেন। এটা কংগ্রেস লায়ন স্টক করেছে বলেই সম্ভব হয়েছে। আজকে পাঞ্জাবের মতো রাজ্য থেকে ৬৪ লক্ষ টন গম এবং ৪৬ লক্ষ টন চাল মোট ১ কোটি টন দিল। স্যার, আপনি জানেন আমাদের দেশে বড় যদি কিছু বিড়ম্বনা আসে, খরা, বন্যা এই ধরনের যদি কিছু আসে তার জন্য সেভিং ওভার মোর দ্যান ২০ মিলিয়ান টন। এই ক্ষেত্রে যদি এক টাকা করে দাম ধরা হয় তাহলে ২০০ কোটি টাকা আছে। মাননীয় অর্থমন্ত্রী এখানে একটা প্রশ্নের অবতারনা করেছেন তিরস্কার করার জন্য যে সোনা দিতে আবদ্ধ করেছে। ভুললে চলবে না ১৫ মাস যে সরকার ছিল কেন্দ্রে আপনাদের সাহায্যের সরকার, বন্ধু সরকার। ৬ হাজার কোটি টাকার ফরেন এক্সচেঞ্জ রেখে এসেছিল কংগ্রেস যে দিন চলে এসেছিল ১৯৮৯ সালে ইলেকশানে হাবার পর। সেই টাকাটা বিস্কোয়ানডার্ড। এর ফলে হলো কি? ফল হচ্ছে ১৫ই জুলাই-এর মধ্যে ফরেন ডেট শোধ না করতে পারলে উই উড বি এয়ারমার্কড এজ ডিফলটার, আন্তর্জাতিক বাজারে আমরা ব্যাংক্রাপসি বলে পরিচিত হব। তাই আপনাদের সোনা সম্বন্ধে চিৎকার কোন কারণ নেই।

[11.50 - 12.00 a.m.]

আজকে গোল্ডে আমাদের অবস্থাটা কি তা যদি আমরা একটু দেখি তাহলে দেখবো যে '৮৫ সালের আগে পর্যন্ত সোনার দাম প্রতি দশ গ্রাম ছিল দু'হাজার টাকার কাছাকাছি। এখন এর দাম চার-পাঁচ হাজার টাকা হবে। বাজারে ভারতে সোনার দাম বেশী। রিজার্ভ ব্যাংককে সোনা ২২০.৫৮ কোটি টাকার, অবশ্য প্রতি গ্রাম চড়া দামে বিক্রি করলে আমাদেরলাভ হতো, কিন্তু আমাদের ডিফল্ট এ্যাভয়েড করার জন্য, ফাইট ফর প্রেস্টিজ ইন দি ইন্টারন্যাশানাল ষ্ট্যান্ডিং অব ইনডিয়া আমাদের এই সোনা বন্ধক রাখতে হয়েছে। এটা অবশ্য কনফিসকেটেড গোল্ড। আজকে আগের সরকারের অপকীর্তির জন্য এটা করতে হয়েছে। মজুত সোনার ১৫ পারসেন্ট যেটা লেজিটিমেটলি বাইরে নিয়ে যাওয়া যায় সেই পরিমাণ বাইরে নিয়ে যাওয়া হয়েছে। এটা করে আমরা যদি আমাদের ব্যালান্স অফ পেমেন্টকে রক্ষা করার চেষ্টা করি তাহলে এতে তো আপত্তির কারণ থাকতে পারে না। এখানে বলা আছে যে, ইট ইজ মর্টগেজড্। ইট ক্যান বি গট ব্যাক এগেন ইফ উই পে দি এ্যামাউন্ট। আজকে সেন্টার যে বাজেট প্রেজেনটেশান করেছে, আমাদের মনে একটা সন্দেহ দেখা দিয়েছে যে, আপনাদের কার্যকালে যা হয়েছে তারফলে যে ফ্লু অফ মানি, স্পার্ট অফ ইন্ডাষ্ট্রিয়ালাইজেশান এখানে আসবে তাতে উই উইল বি এ্যবল্ টু আর্ন দ্যাট মাচ্ মানি। কারণ দক্ষিণ কোরিয়াকে দেখুন, তারা আপটু '৬০, তাদের আয় এবং আমাদের আয় সমান ছিল। কিন্তু আফটার '৬০ তাদের আমাদের আয়ের দশ গুণ। জাপান, যুদ্ধোত্তর দেশ, যেখানে হিরোসীমা ও নাগাসাকি বোমার আঘাতে উড়ে গিয়েছিল, আজকে সেই জাপান কত উন্নত, বিকজ অফ দি ওপেনিং অফ দি ফরেন ইনভেষ্টমেন্ট দেয়ার। মার্শাল প্লানিংয়ের ফলে জাপান ইজ ওয়ান অফ দি স্ট্রংগেষ্ট ইকনমিক পাওয়ার ইন দি ওয়ার্ল্ড। আমাদের দুর্ভাগ্য প্রতিবেশী দেশের উৎপীড়নের জন্য—মুখ্যমন্ত্রী একবার ইঙ্গিত দিয়েছিলেন - ভারতের শত্রুর জন্য ডিফেন্স প্রিপারেশান রাখতে হচ্ছে। ইন দি ইয়ার '৬০ ইট ওয়াজ ১৫০ ক্রোরস্ অনলি। থ্রি ফ্রন্টে আমরা দুর্বল ছিলাম। প্রতিবেশী আক্রমণের ব্যাপারে

উই আর নট সার্টেন। সেজন্য আজকে ডিফেন্স প্রিপারেশান রাখতে হচ্ছে। এরজন্য আমাদের বরাদ্দ ছিল ১৬৫০ কোটি টাকা। এবারে ৬০ কোটি টাকা বাড়াতে হয়েছে। আমরা আমাদের দেশকে উইক হতে দিতে পারি না। ফলে আমরা বাধ্য হয়েছি বরাদ্দ বাড়াতে আন্ডার সারকামাসট্যান্সেস। অন্যদিকে আমরা যদি আমাদের একস্‌পোর্ট পসিবিলিটি বাড়াতে পারি বোথ কোয়ালিটেটিভ এ্যান্ড কোয়ানটিটেটিভ এটসেটরা - আপনি এক জায়গায় বলেছেন রেডিমেড গার্মেন্টস্‌ এর কথা আর নন-কনভেনশানাল আদার দ্যান দি ইঞ্জিনিয়ারিং, আদার প্রোডাকট্‌স তাহলে উন্নতি হতে পারে। আমরা চিংড়ি মাছের রপ্তানি বাড়াতে পারি। ইউ উই্‌ একস্পোর্ট ফিশ এ্যান্ড আদার প্রোডাকটস্‌, তাহলে আমাদের অবস্থার উন্নতি হতে পারে। আমরা বাইরে সোনা পাঠাতে পারি না ঠিকই কিন্তু জুয়েলারী ডায়মন্ড, ক্রাফটসম্যানশিপ ইজ একসেলেন্ট হেয়ার ইন ওয়েষ্ট বেঙ্গল, এগুলোর ভাল চাহিদা আছে, এগুলো পাঠাবার সুযোগ আমরা নেব না কেন? এগুলোর জন্য দরকার মনিটারিংয়ের। সেই্‌ সেল কোথায়? এরজন্য যে সুপারভিশান এবং মনিটারিং দরকার তা কোথায়? এরজন্য আমরা ট্রেনড্‌ আপ করতে পারি মানুষকে। এই ব্যাপারে সততা, অনেষ্টি, কোয়ালিটি এ্যান্ড কোয়ানটিটি এই তিনটির প্রয়োজন আছে। এরজন্য কোয়ালিটি কন্ট্রোলের দরকার আছে। যে কোন কাজের জন্য কন্টিনিউয়াস রিসার্চ এ্যান্ড ডেভালাপমেন্টের প্রয়োজন আছে। আই. এস. আই.য়ের কি ব্যবস্থা এখানে আছে? হাউ ডু উই টেষ্ট মাষ্টার্ড অয়েল? বেহালাতে চার-পাঁচশো মানুষ মরে গেল না বটে, পঙ্গু হয়ে গেল। এখানে তেল পরীক্ষার ব্যবস্থা নেই। এই যদি ঘটে তাহলে আমাদেব পরিবর্তন হবে কি করে? আমি মাননীয় অর্থমন্ত্রীর কাছে নিবেদন করবো, মাননীয় মুখ্যমন্ত্রী তাঁর রাজ্যপালের ভাষণের উপরে বক্তব্য রাখার সময়ে বলেছেন যে সারকারিয়া কমিশনের রিপোর্ট পৌঁছে গেছে। এর আগে পনের মাস ভি. পি. সিং সরকার, আপনাদের বন্ধু সবকার ক্ষমতায় ছিলেন। আমরা তাঁদের একবারও বলতে শুনিনি, আজকে বলছেন যে সারকারিয়া রিপোর্ট আছে। টু ইম্প্রুভ দি রিলেশানশিপ বিটুইন দি ষ্টেটস এ্যান্ড দি সেন্টার এই যে দাবী, এটা আমরাও চাই। উই আর নট অপোজড্‌ টু ইট। দেয়ার স্যুড নট বি এ স্পিরিট অব কনফ্রন্টেশান ইন দি ফিল্ড অব কো-অপারেশান। আমরা চাই যে রাজ্যের হাতে কিছুটা ক্ষমতা আসুক। স্মল সেভিংসের ব্যাপারে মাননীয় অর্থমন্ত্রী আয়ের বেশ খানিকটা সুযোগ নিতে পারেন। কিন্তু দেখলাম আপনি এক জায়গায় প্রচন্ড ধমক দিয়েছেন। আপনি বলেছেন স্মল সেভিংসে প্রচন্ড বাধার সৃষ্টি যদি করা হয় তাহলে সবাইকে রুখে দাঁড়াতে হবে। দিস ইজ এ্যান ওপেন চ্যালেঞ্জ ফর রিভল্ট। মানুষ খেতে পেলে রিভল্ট করে না। আজকে পূর্ব ইউরোপে দেখুন, রাশিয়াতে দেখুন। এখানে রেভোলিউশান হয়েছিল। কিন্তু আজকে মানুষ তা নাকচ করে দিচ্ছে। তারা বলছে তারা কমিউনিষ্ট হবে না। কমিউনিষ্ট পার্টি সেখানে নিষিদ্ধ। আপনি বাজেট ভাষণের মধ্যে দিয়ে সেন্টারের সঙ্গে একটা কনফ্রন্টেশানের ইঙ্গিত দিয়েছেন।

লাষ্টে আপনি যে বিস্তৃত ট্যাক্স বাড়ানোর প্রোপজালটি দিয়েছেন এটা ঠিক নয় বিকজ অফ দি ফেলিওর অফ জেনারেশন অফ ইলেকট্রিসিটি এ্যান্ড ম্যাল এ্যাডমিনিষ্ট্রেশান আজকে সকলে বিদ্যুৎ পাচ্ছে না। ইনভারটার আজকে সাধারণ মানুষ ঘরে রাখছে, তার ওপরে আপনারা ট্যাক্স বাড়িয়ে দিলেন এটা ঠিক নয়। যেখানে আপনারা জেনারেশান দিতে পারছেন না, সেখানে বিদ্যুতের উপরে ট্যাক্স বাড়িয়ে দিলেন। তারপরে মদের উপরেও ট্যাক্স বাসিয়েছেন ঠিক আছে, ওটা আপনাদের পার্টির লোকেরাই খায়, ওতে বসান কোন আপত্তি নেই। কিন্তু ইনভাটার যেটা সাধারণ ঘরের মানুষেরা ব্যবহার করে তার উপরে ট্যাক্স বসিয়ে দিলেন। হোয়াই হ্যাভ ইউ ব্রট ইনটু দিস? তারপরে ফুটবলে আপনারা প্রমোদ কর উঠিয়ে দিয়েছেন বললেন, কবে বসান হল তাই জানলাম না। আপনাদের আমলই বসিয়েছেন, আপনারাই তুলে দিলেন। সুতরাং আপনারা যে সেদিন ভুল করেছিলেন সেটা বুঝতেপারছেন। এটাতে যেহেতু পশ্চিমবঙ্গে কার্য্যকরী কোন উন্নতি বা কোন সম্ভবনা নেই সেখানে আপনি ২০ পৃষ্ঠার যে বাজেট বক্তব্য রেখেছেন তাতে কোন ইমপ্লিমেন্টের সম্ভাবনা নেই। প্রভারটি, দারিদ্রতা, নিশ্চিহ্ন করা, দারিদ্রতা সরানো বা গরিবী হটানোর কোন পন্থা এতে নেই। সেইজন্য এই বাজেট বক্তব্যকে সমর্থন করতে পারছি না। তবুও আপনি যে পরিশ্রম করেছেন সেইজন্য আপনাকে

সাধুবাদ জানাই। এই কথা বলে মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি যে সময় দিয়েছেন তারজন্য আপনাকে সাধুবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মানবেন্দ্র মুখার্জী : মাননীয় স্পীকার মহাশয়, আমি অর্থ মন্ত্রী যে বাজেট প্রস্তাব দিয়েছেন তার সমর্থনে বলছি। আমার পূর্ববর্ত্তী বক্তা ডাঃ জয়নাল আবেদিন সাহেব তিনি অর্থমন্ত্রীকে ভাগ্যবান বলেছেন, আমি এই ব্যাপারে একমত, কিন্তু যে কারণে ভাগ্যবান বলেছেন বাইরের দরজা খুলে গেছে বলে আমি তার সাথে কিন্তু একমত নই। বাইরের দরজা খুলে যায় নি বলে আমি তাঁকে ভাগ্যবান বলে মনে করি। আমাদের দেশের অর্থমন্ত্রী বিখ্যাত অর্থনীতিবিদ শ্রী মনমোহন সিং মহাশয়কে বাইরের দরজা খুলে দেওয়ার জন্য আই এম এফের অপারেশান ডিরেক্টর এস. এন কুড়েশির নির্দেশে বাজেট তৈরী করতে হয়েছে। আমাদের অর্থমন্ত্রী ভাগ্যবান যে ওয়াশিংটন থেকে ডিকটেশান নিয়ে তাঁকে বাজেট প্রস্তুত করতে হয় নি। এটাই আশ্চর্য্য এবং অভাবনীয় ব্যাপার যে জয়নাল আবেদিন সাহেব এরমধ্যে কোন ডিরেকশান খুঁজে পান নি। না পাওয়াটাই স্বাভাবিক, আমাদের আপনাদের দৃষ্টিভঙ্গী এক নয় বলেই তো আপনারা আজকে অপজিশানে রয়েছেন। এবং সেই দৃষ্টিভঙ্গীর পেছনে আপনাদের সঙ্গে আমাদের মূলগত কিছু পার্থক্য আছে। আপনারা বারবারই বলে থাকেন যে ভূমিসংস্কার করে কোন লাভ নেই। আপনারা জমিদারী মেজাজ নিয়ে কথাটা বলতে পারেন, আপনাদের গণতান্ত্রিক অধিকার আছে, কিন্তু জমিদারী দৃষ্টিভঙ্গীর সঙ্গে আমরা একমত নই। এবং একমত নই বলেই আমরা চতুর্থবার এখানে নির্বাচিত হয়ে এসেছি এবং আপনারা চতুর্থ বার বিরোধী আসনে বসে আছেন। আর যে বাজেট মাননীয় অর্থমন্ত্রী পেশ করেছেন নিশ্চয় সকলে তাতে একমত হবেন এবং সমর্থন করবেন। ভারতবর্ষের অন্যান্য রাজ্য যেমন বাজেট পেশ করেছেন, তাদের সমনে যে অর্থনৈতিক চিত্র আছে তার থেকে পশ্চিমবঙ্গ আলাদা নয়। গোটা দেশে যেখানে অর্থনৈতিক সংকট সেই সংকটের সামনে থেকে একটি রাজ্যের পক্ষে বেরিয়ে আসা কি সম্ভব? একটা দেশের সামনে যে অর্থনৈতিক সংকট এবং তার যে দৃষ্টিভঙ্গী সেটা যেকোন অঙ্গরাজ্যের পক্ষে প্রতিফলিত হতেই হবে। এবং শিল্প নীতির মাধ্যমে তার কিছু গুরুতর প্রভাব আমাদের বাজেটের উপরে পড়তে বাধ্য। আমি কেন্দ্রীয় বাজেট আলোচনা করতে যাচ্ছি না। পশ্চিমবঙ্গ একটি অঙ্গরাজ্য হিসাবে তার প্রত্যক্ষ প্রভাব কিছুটা পড়বেই। এখানেই তো বিরোধীদলের নেতা বলেছেন যে পশ্চিমবঙ্গের প্রতি যদি বঞ্চনা হয় তাহলে আমরা আপনাদের সঙ্গে হাতে হাত মিলিয়ে কেন্দ্রের কাছে গিয়ে বলবো এটা অন্যায় হয়েছে।

[12.00 - 12.10 p.m.]

আমি সেই ভরষায় দাঁড়িয়ে কথাটা বলছি এবারের বাজেটে প্রপোজালে ইনকাম ট্যাক্স বাড়েনি, বেড়েছে কর্পোরেট ট্যাক্স। এবং ইনকাম ট্যাক্স না বাড়ার ফল যে কি সেটা আপনারা জানেন। ইনকাম ট্যাক্স ৮৫ শতাংশ ডিভিসিবিল পুলে যায়। কিন্তু এইটথ ফিনান্স কমিশন যা বরাদ্দ্য করেছেন তাতে ভারতবর্ষ ১০০ শতাংশ বরাদ্দ করলে পশ্চিমবাংলায় আসে ৬.৬৩ পয়সা। ইনকাম ট্যাক্স যেহেতু বাড়েনি তাই কেন্দ্রীয় বাজেটে ডিভিসিবিল পুল থেকে পশ্চিমবাংলার ন্যায্য পাওনা অনেকটাই কমে গেল। আমি নিশ্চয় আশা করব এটা রাজ্যের প্রতি বঞ্চনা বলে আপনারা একমত হবেন। দ্বিতীয় বিষয় হচ্ছে পূর্বতম ফিনান্স কমিশনের সঙ্গে আলোচনা হয়েছে এবং সেই পরিপ্রেক্ষিতে ইনকাম ট্যাক্সের সঙ্গে সারচার্জ বসানো হয়েছে এবং সেটা কন্টিনিউ করা হয়েছে। ফিনান্স কমিশনের রিপোর্টের মধ্যে রাজ্য সরকারের পাওনা অংশ যদি দেখতে চান তাহলে দেখতে পাবেন কেন্দ্রীয় সরকার নির্দেশ দিয়েছে '৮৫-৮৬ সালের মধ্যে সারচার্জগুলি তুলে দিয়ে যাতে এই টাকার ন্যায্য ভাগ রাজ্য সরকারগুলি পেতে পারে সেটার ব্যবস্থা করতে, কিন্তু সেটা এখনও করা হয়নি। কালো টাকার বিস্তার নিয়ে কেন্দ্রীয় অর্থমন্ত্রী উদ্বেগ প্রকাশ করেছেন কিন্তু যদি অনেষ্টলি বলি কালো টাকার জন্য ক্ষতিগ্রস্থ হয় রাজ্য সরকার, কারণ ইনকাম ট্যাক্স ফাঁকি দিয়ে এই কালো টাকা তৈরী হচ্ছে। এই টাকা থাকলে তার ১০০ ভাগের মধ্যে ৮৫ ভাগ আসত রাজ্য সরকারের কাছে। কিন্তু সেই কালো টাকাকে সাদা

করার জন্য একটা নূতন প্রস্তাব অর্থমন্ত্রী উৎথাপন করলেন—কালো টাকাকে সাদা করার জন্য হাউসিং সোর্স বলে সেই টাকা জমা রাখতে পারেন। কিন্তু তার ৪০ ভাগ কেটে নেবেন কেন্দ্রীয় সরকার, অথচ এটার ন্যায্য পাওনা ছিল রাজ্য সরকারের। রাজ্য সরকারে পকেট কেটে যারা ফাঁকি দেয় সেই টাকা কেন্দ্রীয় সরকার নিচ্ছেন। যদি রাজ্যের প্রতি তাঁদের দৃষ্টিভঙ্গী সৎ হোত তাহলে ৪০ শতাংশ লেভি কাটবার প্রস্তাব দিতেন রাজ্য সরকারের প্রতি। দ্বিতীয়তঃ ওয়েল্‌থ ট্যাক্স বাড়েনি, কিন্তু আমাদের বাজেটে অর্থমন্ত্রীর প্রস্তাব যদি দেখেন তাহলে দেখবেন ডাইরেক্ট ট্যাক্সের ক্ষেত্রে যে শেয়ার আমরা গত বছরে বাজেট এস্টিমেটে বা রিভাইসড এস্টিমেটে পেয়েছি সেই তুলনায় ডাইরেক্ট ট্যাক্স পশ্চিমবাংলায় ডিভিসিবিল পুলে যাচ্ছে মাত্র ১২.১ শতাংশ বেশী, আপনারা সবাই একমত হবেন যেখানে ইনফ্রেশান রেট হচ্ছে ১২ ৪ শতাংশ সেখানে ১২.১ শতাংশ বাড়ার মানে হচ্ছে ডি-ফ্যাকটো, অর্থাৎ ডিভিসিবিল পুলে যে ডাইরেক্ট ট্যাক্স আমাদের রাজ্য সরকার পেয়েছে তার প্রকৃত বৃদ্ধি এখানে ঘটল না। যদি রাজ্য সবকারের প্রতি বঞ্চনার ব্যাপারে আপনারা সিরিয়াস হন তাহলে আপনারা পলিটিক্যাল গিমিক না দেখিয়ে আমাদের সঙ্গে একসাথে বলুন কেন্দ্রীয় সরকারের এই প্রস্তাবের সঙ্গে আমরা একমত নই। কারণ এতে রাজ্য সরকার ক্ষতিগ্রস্থ হচ্ছে। এরপর আসছি কর্পোরেট ট্যাক্সের ব্যাপারে, আপনারা নিশ্চয় ফিনান্স কমিশনের রিপোর্ট দেখেছেন—প্রতিটি রাজ্য সরকার যখন কংগ্রেস (আই) ছিল- সেখানে প্রতিটি রাজ্য সরকার কর্পোরেট ট্যাক্স যেহেতু এক সময় ইনকাম ট্যাক্সের ভেতরে ছিল তাই তাদের দাবী ছিল এর একটা বড় অংশ রাজ্য সরকারকে দিতে হবে। তাই এন. ডি. সি.-র মিটিংয়ে নতুন প্রয়াত রাজীব গান্ধী একমত হয়েছিলেন এই কর্পোরেট ট্যাক্স রাজ্য সরকারগুলি পাবে। কিন্তু এই কর্পোরেট ট্যাক্স-র ব্যাপারে কোন সংশোধন হলে সেখানে রাজ্যের শেয়াব থাকবে।

কাজেই যে ট্যাক্স প্রোপোজাল কেন্দ্রীয় সরকার করেছেন তাতে আমাদের রাজ্য সরকারে ক্ষেত্রে একটা অন্যায় করা হয়েছে। অবিচার করা হয়েছে। এই অবিচারের প্রতিবাদ না করে অর্থমন্ত্রী যে বাজেট প্রস্তাব রেখেছেন তার একটি লাইনের সমালোচনা করবার নৈতিক অধিকার আপনাদের থাকতে পারে না। দু নম্বর হচ্ছে, যে রাজনৈতিক বক্তৃতা দিচ্ছেন তার সাথে কিছু যোগাযোগ থাকা উচিৎ। ত্যাগস্বীকার করতে হবে—এই বলে বক্তৃতা দিচ্ছেন, অস্টারিটি মেজার নিতে হবে অনেক বড় বড় বক্তৃতা হয়েছে, আর তারপর প্রস্তাব করেছেন যে ইনকাম ট্যাক্স কিছু বাড়াবে না। আপনি আমাদের দৃষ্টিভঙ্গী বুঝতে পারেন নি। আমরা সরাসরি এই কথা বলি, আমরা বলতে গিয়ে আটকাইনা, আমরা চাই বড়লোকের উপর ট্যাক্স বাড়ুক। একমত না বলেই আপনারা বক্তৃতা দিচ্ছেন, অস্টারিটি মেজার আপনারা নেবেন, আপনারা নিয়েছেন। যখন বাজেট প্রস্তাব পেশ করলেন তখন ইনকাম ট্যাক্স ফ্রিজ হলো। বড়লোকেদের পিঠে হাত বোলানো হলো এবং রাজ্য সরকারগুলির যে রকম বঞ্চনা করবার নীতি চলছিল সেটা ঠিক অব্যাহত রেখে দেওয়া হল। যে প্রস্তাব বাজেটে পেস হয়েছে তাতে আমাদের রাজ্যের প্রতি অন্যায় হয়েছে বলে মনে করি। তৃতীয় বিষয় হচ্ছে, যে প্রস্তাবগুলি কেন্দ্রীয় বাজেটের মধ্যে দিয়ে এসেছে সেই ক্ষেত্রে আপনারা নজর দিলে দেখবেন যে, পরোক্ষভাবে পশ্চিমবাংলার অর্থনীতির উপর কতকগুলি আঘাত আসতে বাধ্য। ক্যাপিটাল গুডসের ক্ষেত্রে ইমপোর্টের উপর পাঁচ পার্সেন্ট ছাড় দিয়েছে কেন্দ্রীয় বাজেটের প্রস্তাব এবং ক্যাপিটাল গুডসকে ইমপোর্ট ডিউটি পাঁচ পার্সেন্ট ছাড় দিল। এর ধাক্কা পশ্চিমবাংলার উপর পড়বে। পশ্চিমবাংলা এমন একটি রাজ্য যে রাজ্যের উপর আসতে বাধ্য। গোটা ভারতবর্ষের মধ্যে হেভী ইঞ্জিনীয়ারিং ইনডাসট্রিতে প্রথম সারির রাজ্য। এই পশ্চিমবাংলায় আঘাত আসছে যে মুহূর্তে ক্যাপিটাল গুডসের ওপর ইমপোর্ট ডিউটি কমিয়ে বিদেশ থেকে ইমপোর্ট করবার পথ প্রশস্ত করে দিয়েছেন। পশ্চিমবাংলার হেভী ইঞ্জিনীয়ারিং কোম্পানিগুলি এবং হেভী ইঞ্জিনীয়ারিং ইণ্ডাসট্রির উপর নির্ভরশীল মাঝারি, ছোট শিল্পগুলি এতে করে গুরুতরভাবে আঘাতপ্রাপ্ত হবে। কেন্দ্রীয় সরকারের যে প্রস্তাব - ছোটশিল্পের ব্যাপারে - আমরা প্রত্যেকেই বলেছি, ছোটশিল্পই উন্নতির প্রধান ভিত্তি। আমি জিজ্ঞাসা করছি এই বিষয়ে, আপনাদের প্রতিবাদ পাবো কি না? মোলাসেসের ওপর যদি ট্যাক্স

বাড়ে তাহলে ইণডাসট্রিয়াল অ্যালকোহেলের দাম বাড়বে এবং ইণডাসট্রিয়াল অ্যালকোহলের দাম বাড়লে পশ্চিমবাংলার অসংখ্য ছোটশিল্প ক্ষতিগ্রস্থ হবে এবং এই বিষয়ে কোনো সন্দেহ নেই। এই ব্যাপারে আপনাদের ঐক্যমত আছে কি না? এই ব্যাপারটাতে আপনারা সহমত পোষন করছেন কি না? এল. পি. জি.র দাম বাড়লে পশ্চিমবাংলায় যে সমস্ত কেমিক্যাল এবং গ্লাস ফ্যাকটরী আছে এবং এল. পি. জি.র উপর নির্ভরশীল, এতে করে পশ্চিমবাংলার ছোটশিল্পগুলি ভীষণভাবে আঘাতপ্রাপ্ত হবে। এই বিষয়টাতে আমরা আপনাদের ঐক্যমত পাবো কি না? যেভাবে এল. পি. জি-র উপর ট্যাক্স বাড়লো এতে পশ্চিমবাংলার প্রতি সুবিচার করা হয়নি। আপনারা সকলেই জানেন যে, ইলেকট্রনিকস শিল্প গড়ে তুলতে চাইছি, সে ক্ষেত্রে এই করের প্রস্তাবগুলির ফলে পশ্চিমবাংলার ছোটশিল্প, মাঝারি ইলেকট্রনিকস শিল্পগুলিতে বিরূপ প্রতিক্রিয়া হবে। আমাদের রাজ্যের প্রকল্পগুলিতে কেন্দ্রীয় সরকারে কাছে কি পাবো বা না পাবো বা কি প্রযোজ্য সে আলোচনায় আমি যাচ্ছি না। যে ট্যাক্স প্রোপোজাল কেন্দ্রীয় সরকার করেছেন তাতে রাজ্য হিসাবে পশ্চিমবাংলার ক্ষেত্রে ক্ষতির সম্ভাবনা অনেক বেশী। কাজেই আপনারা যদি বলেন রাজ্যের পেছনে আছি, আপনারা যদি সিরিয়াস হন তাহলে আমাদের এই প্রস্তাব ঐক্যমত হওয়া উচিৎ। তবে আমাদের প্রস্তাব আপনাদের ঐক্যমত হওয়া উচিৎ। মূল সমস্যাটা এখানে নয়, মূল সমস্যাটা হচ্ছে এই জায়গায়, যে কথা জয়নাল আবেদিন সাহেব বললেন, যে বাইরের দরজা খুলে দেওয়া হয়েছে। কাজেই ভারত যদি জাপান হয় আমরা খুশী হবো কেননা তাহলে পশ্চিমবাংলা তার থেকে বাদ যাবে না কারণ পশ্চিমবাংলা তো ভারতেরই অঙ্গরাজ্য এবং আমরা এগিয়ে যেতে পারবো।

[12.10 - 12.20 p.m.]

আমাদের খুব ভালো লাগল, আমাদের বিন্দুমাত্র আপত্তি নেই, যদি আগামীকাল বা কোনদিন ভারতবর্ষ জাপান হয়ে যায়। কারণ পশ্চিমবাংলাকে বাদ দিয়ে তো ভারতবর্ষ জাপান হবে না। ভারতবর্ষ যদি জাপান হয় তাহলে আমরা খুশিই হব। কাজেই এই বিষয়ে আমাদের কোন আপত্তি নেই। আপনারা যে রাস্তা দিয়ে যাচ্ছেন, আপনারা যে দরজা দিয়ে বেরোবার কথা বলেছেন, সেই রাস্তায় কিন্তু জাপান বা কোরিয়া যায়নি। সেই রাস্তার আসল প্রতীক হল আরজেন্টিনা, মেক্সীকো ও ব্রাজীল। আর আমাদের সাথে জাপানের তুলনা করার কোন মানে হয়না। তার কারণ ভারতবর্ষে ভূমির ক্ষেত্রে মালিকানার যে প্যাটার্ন তাতে জাপান বা দক্ষিণ কোরিয়ার সঙ্গে আমাদের তুলনা করা উচিত নয়। জাপান বা দক্ষিণ কোরিয়ার মত দেশে শিক্ষার যে মান, কারিগরীর যে মান, সেই জায়গায় দাঁড়িয়ে ৫৭ পারসেন্ট মানুষকে শিক্ষিত করা কখনোই সম্ভব নয়। এটা নিয়ে বক্তৃতা করা যেতে পারে কিন্তু এটা কখনো বাস্তবে সম্ভব নয়। আসুন, আমরা তৃতীয় বিশ্বের গরীব দেশগুলোকে দেখি, যে রাস্তায় আমরা যেতে চায়, সেই রাস্তায় গিয়ে তাদের চেহারাটা কি হয়েছে। আমি শুধু কয়েকটা সামান্য তথ্য দেব। একটা হচ্ছে ডিভেল্যুয়েশান, কারেন্সি ডিভেল্যুয়েশান এবং কনজিউমার প্রাইস ইনডেক্স। অর্থাৎ মূল্যবৃদ্ধির হারটা কি রকম। আর জাপান বা দক্ষিণ কোরিয়া আই. এম. এফের ঋণ নিতে যায়নি, কিন্তু আর্জেন্টিনা, ব্রাজিল ও দক্ষিণ কোরিয়া আই. এম. এফের ঋণ নেই এবং আপনাদের অর্থমন্ত্রী সেই রাস্তাতেই যাচ্ছেন এবং সেই খোলা রাস্তা দিয়ে বেরিয়ে পড়তে চাইছেন। দশ বছর আগে সেই রাস্তায় গিয়ে আর্জেন্টিনা, মেকসিকো বা ব্রাজিল দেশটার অবস্থা কি হয়েছে? ১৯৮১ সাল থেকে ১৯৮৯ সাল পর্যন্ত আর্জেন্টিনায় ডিভেল্যুয়েশান হয়েছে ১৭,৯৯,২০০ পারসেন্ট, ব্রাজিলে ডিভেল্যুয়েশান হয়েছে ৮৭,৩৬,৯০০ পারসেন্ট আর মেকসিকোর ক্ষেত্রে ডিভেল্যুয়েশান হয়েছে ১১,০০০ পারসেন্ট। ১৯৮৫-৮৯ সালে ইনফ্লেশান রেট আরও এগিয়ে গেছে আর্জেন্টিনায় জিনিসপত্রের দাম বেড়েছে ৬২,১৬২ পারসেন্ট, ব্রাজিলেন ক্ষেত্রে ৮৭,৭২২ পারসেন্ট, মেকসিকোর ক্ষেত্রে ১১,০০০ পারসেন্ট। ১৯৮৫ সালে আপনারা যে রাস্তায় বেরিয়ে পড়তে চাইছিলেন, সেই রাস্তায় অতীতে বেরিয়ে ওদের চেহারাটা হয়েছে এই রকম। প্রাক্তন প্রধানমন্ত্রী পন্ডিত জওহারলাল নেহেরু আপনাদের নেতা ছিল, কিন্তু তিনি যে পথে যেতে চেয়েছিলেন এটা

সেই পথ নয়। আমি আপনাদের কাছে আবার আবেদন করছি ঐ পথে যাবেন না। ভারতবর্ষ যদি জাপান হয় তবে পশ্চিমবাংলার লাভ, কিন্তু আগামীদিনে যদি ভারতবর্ষ ব্রাজিল হয় হবে সেটা পশ্চিমবাংলার ক্ষতি। সেইজন্য আমি আপনাদের কাছে অনুরোধ করছি আপনারা সেই পথে যাবেন না। জয়নাল সাহেব আপনি বক্তৃতা দেওয়ার সময় একবার উল্লেখ করেছেন যে ভি. পি. সিং যখন ক্ষমতায় আসেন ৬ হাজার কোটি ডলার বিদেশী মুদ্রা তখন রাখা ছিল। আপনি হাউসকে ভুল ইনফর্মেশান দিয়ে হাউসকে বিভ্রান্ত করবার চেষ্টা করেছেন। ১৯৮৯ রাজীব গান্ধী যখন চলে যান এবং ভি. পি. সিং যখন ক্ষমতায় আসেন তখন আমাদের ৩৮৫.৯ কোটি ডলার বিদেশী মুদ্রা ছিল, এটা আমি বলছি ইন্টারন্যাশনাল ফিনানসিয়াল স্ট্যাটিসটিক্স ইয়ার বুক ১৯৯০-৯১ কে ভিত্তি করে এবং ১৯৯৫ সালে রাজীব গান্ধী যখন ক্ষমতায় এলেন তখন সেটা ছিল ৬৪২ কোটি ডলার এবং তার রাজত্বে সেটা কমতে কমতে ৩৮৫.৯ কোটি ডলারে গিয়ে পৌঁছায়। কাজেই আমাদের এই ফরেন কারেন্সি ক্রাইসিসের উৎস ভি. পি. সিং, না চন্দ্রশেখর, সেটা দেখে লাভ কি ? এই জিনিসটাইতো বহুদিন আগে তৈরী হয়ে গেছে। যখন ১৯৮৫ সালে আই. এম. এফের শর্তানুযায়ী আপনারা ধার নিয়েছিলেন তখনই এই ইমপোর্ট লিবারালাইজেশন হয়ে গেছে। আপনারা ভোটে শ্লোগান তুলেছেন একবিংশ শতাব্দীর দিকে এগিয়ে যেতে হবে। আপনাদের অর্থনৈতিক নীতি আজকে দেশকে কোথায় নিয়ে গেছে। মনমোহন সিং টাকার ডিভেল্যুয়েশান করেছে, ভদ্রলোককে দেখলে আমার সত্যি কষ্ট হয়, এই অপ্রিয় কাজটা আজকে তাকে দিয়ে করাচ্ছেন। কিন্তু কোন পাবলিক স্টেটমেন্ট না নিয়ে ডেলি রিএ্যাডজাস্টমেন্ট করে ১৯৮০ সাল থেকে ১৯৮৯ সাল আপনাদের শেষ কেন্দ্রীয় সরকারের যে সময়টা সেই সময়ে আপনারা ডিভ্যালুয়েশান করেছেন ৪২.৮ পার্সেন্ট। সংকটের মুখে দাঁড়িয়ে বেচারা নরসিমা রাও এবং মনমোহন সিংকে প্রধানমন্ত্রীত্ব এবং অর্থমন্ত্রীত্ব চালাতে হচ্ছে বলে খারাপ সিদ্ধান্ত তাঁদের বলতে হচ্ছে, কিন্তু এই সর্বনাশের ভিত্তি শুরু হয় ১৯৮১ সালে ঋণ নেওয়া থেকে এবং তার চূড়ান্ত চেহারা পেয়েছে ১৯৮৪ সাল থেকে ১৯৮৯ সালের মধ্যে যে ৫ বছর আপনারা কেন্দ্রীয় সরকারে ছিলেন এবং এই রকম একটা ধারণা দেওয়ার চেষ্টা হচ্ছে যে পেট্রোলিয়ামের জন্য আমাদের নাকি এই সংকট। মিঃ স্পীকার, স্যার, গোটা দেশকে বিভান্ত করার জন্য এই অপপ্রচার চালান হচ্ছে। আমি শুধু একটা তথ্য আপনার সামনে উপস্থিত করব। ১৯৮৪-৮৫ সালে আমাদের টোটাল যা ইমপোর্ট বিল ছিল, বাইরে থেকে জিনিস কিনবার জন্য আমাদের যে পরিমাণ টাকা খরচ করতে হয়েছিল তার ৩১.৬ পার্সেন্ট ছিল পেট্রোলিয়াম, ডেফিনিটলি আপনি বলতে পারেন টোটাল ইমপোর্ট বিলের ওয়ান থার্ড ছিল পেট্রোলিয়াম! পেট্রোলিয়ামের দাম যদি ওঠানামা করে তাহলে ওয়ান থার্ড পেট্রোলিয়ামের দাম বাড়ার জন্য আমাদের ইমপোর্ট বিল বাড়তে বাধ্য। কিন্তু ইমপোর্ট লিবারালাইজেসান এবং একবিংশ শতাব্দিতে চলে যাবার পরেও ফরেন টেক্নোলজিকে ইনভাইট করার ফল হচ্ছে এই ১৯৮৯-৯০ সালের পর যে সময় ওঁরা ক্ষমতা ছেড়ে দেন, যখন ভি পি সিং আসেন, তখন পেট্রোলিয়ামের উপর আমাদের টোটাল ইমপোর্ট বিল নির্ভর করছে মাত্র ১৭.৭ পার্সেন্ট। ১৯৮৫ সালে ছিল ৩১.৬ পার্সেন্ট, ১৯৮৯-৯০ সালে সেটা নেমে গেছে ১৭.৭ পার্সেন্টে। স্যার, অত্যন্ত বিস্ময়জনকভাবে বেড়েছে সেই জিনিসের আমদানি যা একটা দেশের অর্থনৈতিক স্বনির্ভরতাকে ভেঙ্গে চুরমার করে দেয় সেটা হচ্ছে ক্যাপিট্যাল গুডসের আমদানি। ১৯৮৪-৮৫ সালে আমাদের টোটাল ইমপোর্ট বিলের মাত্র ১৮.৫ পার্সেন্ট আমদানি হত ক্যাপিট্যাল গুডস, একবিংশ শতাব্দিতে এসে ফরেন টেক্নোলজির দরজা খুলে দেওয়ার ফলে যে নীতি আপনাদের কেন্দ্রীয় সরকার করেছেন ১৯৮৪ সাল থেকে ১৯৮৯ সাল পর্যন্ত ১৯৮৯ সালে সেই ক্যাপিট্যাল গুডসের আমদানি কিন্তু দাড়িয়েছে মোট আমদানির ২৩.৫ পার্সেন্ট। সুতরাং পেট্রোলিয়ামের উপর আমাদের নির্ভরশিলতা মোট ইমপোর্ট বিলের ক্ষেত্রে এটা অপপ্রচার। প্রকৃতপক্ষে ১৯৮৪ সাল থেকে ১৯৮৯ সাল পর্যন্ত গোটা ৫ বছরে আপনাদের নীতি আজকে এই ব্যালেন্স অব পেমেন্টের জন্য দায়ী। স্যার, ক্যাপিট্যাল গুডসে আমদানি তখন আমাদের কাছে বাধ্যতামূলক ছিল না। আমাদের দেশের ইঞ্জিনিয়ারদের হাতে এই টেক্নিকাল নলেজ ছিল, আমাদের এখানেকার রাষ্ট্রায়ত্ত শিল্পগুলির এই অর্থনৈতিক ভিত্তি ছিল যে এই ক্যাপিট্যাল গুড়সের

রিপ্লেসমেন্ট তাঁরা এই ভারতবর্ষের মাটিতে করতে পারতেন। আমি জানি না কোন উৎসাহে বিদেশী কোম্পানীগুলির সাথে চুক্তি করে দরজা খুলে ক্যাপিট্যাল গুড্‌সের আমদানি বাড়ান হল, আর তার ফলে এখন ৬ হাজার কোটি ডলারের বদলে রাজীব গান্ধী চলে যাওয়ার সময় ৪০০ কোটি ডলারের মত জায়গায় বিষয়টা নেমে চলে এসেছে! আজকে যে সংকটের দিকে গোটা দেশ যাচ্ছে এই সংকটের জন্য এক দুই বছরের ঘটনা দায়ী নয়, ১৯৮১ সালে আই এম এফের কাছ থেকে ধার নেওয়ার ফলে যে চুক্তির শর্ত আমাদের মানতে হয়েছে তার সাথে ১৯৮৪ সালে নতুন সরকারের অর্থনৈতিক নীতি গুলি যুক্ত হয়ে আজকে আমাদের বেচারা মনমোহন সিংকে বাধ্য করেছে এস এম কুরেসি ডিকটেশান টেকার হিসাবে লোকসভাতে দাঁড়িয়ে বাজেট প্লেস করার জন্য। এই নীতি যদি কংগ্রেস দল পরিত্যাগ না করে ন তাহলে স্বনির্ভরতার সর্বনাশ হবে যা কিছুটা করে ফেলেছেন, এবং গোটা দেশ একটা ভয়ানক অর্থনৈতিক সংকটের মধ্যে পড়বে। আপনাদের কাছে আমাদের যেটা অনুরোধ সেটা হচ্ছে এই বিপজ্জনক পথ থেকে আপনারা ফিরে আসুন, আপনাদের নেতা জওহরলাল নেহেরুর সাথে আমাদের নীতির পার্থক্য থাকতে পারে কিন্তু স্বাধীন ভারতবর্ষের স্বনির্ভরতা গড়ে তোলার ক্ষেত্রে তাঁর যে মূলগত ধারণাগুলি ছিল অন্তত: সেই জায়গায় আপনারা ফিরে আসুন, তাতে দেশের একটা ভয়ানক উন্নতি না হলেও দেশের এই সর্বনাশ দেশের এই মেক্সিকানাইজেসানকে অন্তত: আটকান যাবে বলে আমাদের ধারণা। টাকার ডিভ্যালুয়েশান করেছেন, এই যে ২০ পার্সেন্ট ডিভ্যালুয়েশান হল এরজন্য হলদিয়া পেট্রো কেমিক্যালসের জন্য যে এসেনসিয়াল পার্টস বাইরে থেকে আমাদের আনতে হবে তারজন্য ২০ পার্সেন্ট বাড়তি টাকা দিতে হবে, একটু দয়া করে আমাদের সঙ্গে একমত হয়ে বলবেন যে ২০ পার্সেন্ট বাড়তি টাকা কেন্দ্রীয় সরকারকে দিতে হবে। কারণ, ডিভ্যালুয়েশান আমরা পশ্চিমবঙ্গ সরকার করিনি, এবং ডিভ্যালুয়েশানের ক্ষেত্রে কতকগুলি হাস্যকর যুক্তি হাজির করেছেন যে ডিভ্যালুয়েশান করে ওঁদের দাবি ইমপোর্ট কমাবেন, এক্সপোর্ট বাড়াবেন এবং ব্যালেন্স অব ট্রেড সিচুয়েশান ওঁদের ফেভারেবল হবে।

[12.20 - 12.30 p.m.]

এই সব ছেলে ভোলানো গল্প বলে কি লাভ যে, আপনারা ইমপোর্ট কমাবেন ? কোথা থেকে কমাবেন ? ১নং আইটেম ক্যাপিটাল গুডসে সরকারী নীতি না পাল্টে ক্যাপিটাল গুডস আমদানি বন্ধ না করলে কমাতে পারবেন না। ২নং হচ্ছে পেট্রোলিয়াম। পেট্রোলিয়ামের ক্ষেত্রে আপনি বাধ্য - কারণ মাথার উপর যে সংস্থাটিকে বসিয়ে রেখেছেন সেটি হচ্ছে ও. এন. জি. সি.। দেশের টাকায় পরিচালিত সংস্থা দেখে বিদেশের স্বার্থ। আপনাদের সাধানবাবু যে চিঠি দিয়েছিলেন মুখ্যমন্ত্রীকে সঠিক ভাবেই তিনি দিয়েছিলেন - ও. এন. জি. সির এই প্রশ্ন নূতন করে গোটা দেশের তোলা উচিত যে, পেট্রোলিয়াম অনুসন্ধানের ব্যাপারে তাদের দৃষ্টিভঙ্গী আসলে কি - কারণ, ভারতবর্ষে যে পরিমান পেট্রোলিয়াম ব্যবহার করা হয় - ৮০ দশকে ধরে এ্যাভারেজ করলে দেখবেন ভারতবর্ষে উৎপাদিত পেট্রোলিয়ামের পারসেনটেজ বিশেষ করে ভারতবর্ষের পেট্রোলিয়াম ক্রমশ কমছে। হাজার হাজার কোটি টাকার তেল আনতে হচ্ছে বাইরে থেকে এবং এটা একটা মেজর ইমপোর্ট আইটেম হয়েছে। বিজ্ঞানীরা অভিযোগ করছেন ও এন জি সি প্রকৃত দেশের স্বার্থ না দেখে জানি না কার স্বার্থ দেখছেন। যেখানে খুঁড়লে তেল পাওয়া যাবে সেখানে না খুঁড়ে গোটা দেশের দৃষ্টিভঙ্গী অন্য দিকে ঘুরিয়ে দেবার জন্য এই কাজ হচ্ছে। কাজেই পেট্রোলিয়াম আমদানি কমাতে পারবেন না। ৩নং হচ্ছে দামি মুক্ত, বজ্র ইত্যাদি প্রেসিয়াস ষ্টোন যেগুলিকে বলা হয় - এক পয়সাও আপনারা কমাতে পারবেন না। কারণ, এই ইমপোর্ট হচ্ছে এক্সপোর্ট ওরিয়েন্টেড্ ইমপোর্ট। সেমি-ফিনিসড্, আন-ফিনিসড্ জিনিস আমাদের এখানকার দক্ষ কারিগররা ফিনিসড্ করে বাইরে বিক্রী করে। এটা কমাতে পারবেন না। কারণ, ডভ্যালুয়েসন করে ইমপোর্ট বিন্দুমাত্র আপনারা কমাতে পারবেন না। আর এক্সপোর্টের ক্ষেত্রে আপনারা বলছেন এক্সপোর্ট বাড়বে। সব চেয়ে বড় কথা হল, এই ধরণের শঠতা করে কোন লাভ নেই। আপনারা বলছেন ডিভ্যালুয়েসন করে ইমপোর্ট কমাবেন। অন্য দিকে অর্থমন্ত্রী বাজেট প্রস্তাবে কাস্টমস ডিউটি নামিয়ে

দিলেন। অর্থাৎ টাকার মূল্য কমিয়ে দিয়ে বিদেশ থেকে জিনিস আসা রোধ করে দিলাম বলছেন। কাস্টমস ডিউটি কমিয়ে দিয়ে বাজেট তৈরী করলে ইমপোর্টের গতি রোধ করতে পারি না। এই দুটি কাজই হচ্ছে পরস্পর বিরোধী এবং বাম পন্থী অর্থনীতিবিদরা অর্থমন্ত্রী উদ্দেশ্য সম্পর্কে আশঙ্কা প্রকাশ করেছিলেন। তারা এই আশঙ্কা প্রকাশ করেছিলেন ডিভ্যালুয়েসনের পরে ইমপোর্ট ব্যারিয়ার কমিয়ে দেওয়াতে ও যদি ইমপোর্ট প্রকৃতই না কমে তাহলে মুস্কিল। এক্সপোর্টের ক্ষেত্রে কিছু করার নেই। ভারতবর্ষের সব চেয়ে বড় যেটা এক্সপোর্ট হয় সেটা হচ্ছে ওয়ান থার্ড এ্যামাউন্ট অব এক্সপোর্ট রেডিমেড গারমেন্টস এ্যান্ড টেকস্টাইল। সেখানেও কিছু করার নেই। কারন, গোটা পৃথিবী জুড়ে তার একটা কোটা ঠিক করে দেওয়া আছে। এই কোটার বেশি আপনারা বিক্রী করতে পারবে না। কারন, ডিভ্যালুয়েসন করে এক্সপোর্টের ক্ষেত্রে আপনারা ওয়ান থার্ড অব দি এক্সপোর্ট এ্যামাউন্ট গারমেন্ট এবং টেক্সটাইলের ক্ষেত্র বাড়াতে পারবেন না। কারন, আন্তর্জাতিক কনফারেন্স করে এর কোটা ঠিক করে দেওয়া আছে। তাহলে এক্সপোর্ট বেশি কি করে হবে? এমনিতেই এক্সপোর্টের ইনক্রিজড্ রেট হচ্ছে ১২.৪%। এর সাথে ডিভ্যালুয়েসনের ধাক্কা এসে পরবে এক্সপোর্ট প্রোডাকসনে দাম বেড়ে যাবে ডিভ্যালুয়েসনের ফলে এবং যার জন্য ১০% খেয়ে যাবে। ডিভ্যালুয়েসন করে যেটা দাঁড়াবে সেটা একটু ভাল করে বুঝে দেখুন। তারই উপর আপনারা ফলাও করে বক্তৃতা দিচ্ছেন। কারণ, ব্যালান্স অব ট্রেড যে জায়গায় ছিল, সেই জায়গাতেই থাকবে। ৪২% ডিভ্যালুয়েসন করেছেন ১৯৮৪/৮৯ সালে, আর আপনাদের ট্রেড ডেফিসিট বেড়েছে ১৩১%। ডিভ্যালুয়েসন করলে ব্যালান্স অব ট্রেড, ব্যালান্স অব পেমেন্ট-এর সিচুয়েসনটা আপনারা সলভ করবেন? আপনাদের ১৯৮৪ সাল থেকে ১৯৮৯ সালের স্ট্যাটিসটিক্সটা দেখুন। ডিভ্যালুয়েসন করে কমাতে পারবেন না। কারণ, এটা টাকার ভ্যালুর উপর নির্ভর করে না, একটা সরকারের শিল্প নীতির উপর নির্ভর করে এবং যে নীতি নিয়ে আপনারা চলেছেন তাতে এই রাস্তায় গেলে মানুষকে মুক্তি দেওয়ার রাস্তা আপনাদের নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শেষ করার আগে আমি একটি বিষয় আপনার কাছে বলতে চাই। জয়নাল সাহেব বলাবর সময় উল্লেখ করেছেন, এই রাজ্যের শিল্প বিকাশ ইত্যাদির ক্ষেত্রে আমাদের বাজেটে কোন দৃষ্টিভঙ্গী নেই। বিরোধী দলের নেতা রাজ্যপালের ভাষণ প্রসঙ্গে এই কথা উৎথাপন করে বলেছিলেন, কেন এখানে ইনডাষ্ট্রি হবে। একটি রাজ্যে ইনডাষ্ট্রি হবে কি হবে না, এটা প্রধানতঃ কোন্ ফ্যাকটরের উপর নির্ভর করে? কোন্ ফ্যাকটরের উপর নির্ভরশীল? যেটা নির্ভরশীল সেটা হচ্ছে এই, সেই রাজ্যের মানুষের হাতে পয়সা আছে কিনা। তাদের ক্রয়ক্ষমতা বাড়ছে কিনা সেটাই হচ্ছে প্রশ্ন।

(ভয়েস ঃ— ইলেকট্রিসিটির কি অবস্থা সেটা একটু বলুন।)

ঐসব ইলেকট্রিসিটির কথা বলে লাভ নেই। কারণ ইলেকট্রিসিটিতে আমাদের ৭.৯ পারসেন্ট ডেফিসিট। ৮ টি রাজ্যের নাম বলতে পারি যাদের ডেফিসিট এর চেয়ে বেশী তারমধ্যে আমাদের চেয়ে ইনডাষ্ট্রিয়ালি ডেভালপড অনেক স্টেটও আছে। সময়ের অভাবের জন্য আমি সে বিষয়ে আলোচনা করছি না। একটা রাজ্যের শিল্পায়নের মূল প্রশ্ন এটাই যে সে রাজ্যের মানুষের ক্রয় ক্ষমতা আছে কিনা এবং এটাই হচ্ছে অর্থনীতিবিদদের কাছে একটা স্বীকৃত বিষয়—এটা আমাদের শিক্ষকদের কাছ থেকে শিখেছি যে এগ্রিকালচারাল ইনকাম বাড়া বা কমা হচ্ছে ইনডাষট্রিয়ালাইজেসানের রিয়েল ইনডিকেটার। কোন রাজ্যের এগ্রিকালচারাল ইনকাম যদি বাড়ে তাহলে তার ২/৩ বছর বাদে ইনডাষ্ট্রিয়াল ডেভালপমেন্ট হতে বাধ্য। আর যদি এগ্রিকালচারাল ইনকাম কমে যায় অনেক উন্নত জায়গায় শিল্প উৎপাদন কমে যায়। যেহেতু আমাদের দেশের ৭০ভাগ মানুষ গ্রামে থাকে তাদের ইনকাম কমলে, ক্রয় ক্ষমতা কমলে বাজার সংকুচিত হয়, শিল্পের উর্দ্ধ গতি আটকে যায়। আমি বিনয়ের সঙ্গে বিরোধীপক্ষের সদস্যদের বলব, এটা ঘটনা কিনা তারা বলুন যে কৃষি থেকে মাথাপিছু আয়-এর ক্ষেত্রে এই মুহূর্তে ভারতবর্ষের মধ্যে তিন নং রাজ্যের নাম পশ্চিমবঙ্গ কিনা। এক নং-এ পাঞ্জাব, দু নং-এ হরিয়ানা, তিন নং-এ পশ্চিমবঙ্গ। পাঞ্জাব এবং হরিয়ানায় তাদের মাথাপিছু

আয় কৃষি থেকে বেশী কেন এটা আর আমাকে বক্তৃতা করে বলতে হবে না। সেখানে ভাখরানাঙ্গল কি ভাবে তৈরি হয়েছিল সেটাও যেমন সবাই জানেন তেমনি আমাদের তিস্তা যে টাকার অভাবে আটকে আছে সেটাও সবাই জানেন। এসব পুরানো বক্তৃতা, আমি আর তার মধ্যে যাচ্ছি না। কিন্তু এ কথা বলব, আমাদের তিস্তার জন্য টাকা না দেওয়া সত্ত্বেও পাঞ্জাব ও হরিয়ানার পরে কৃষি থেকে মাথাপিছু আয়ে আমাদের পশ্চিমবঙ্গ যে ভারতবর্ষের মধ্যে তিন নম্বর স্থানে আছে সেটা কিন্তু ঘটনা। আপনারা পঞ্চায়েতেহিসাবের কথা বলেছেন। আসলে এই পঞ্চায়েতে আমাদের ঐ জায়গায় যেতে সাহায্য করেছে। যে ভূমি সংস্কারকে আপনাদের দলনেতা অর্থহীন বলে মনে করেন সেই ভূমি সংস্কারই আমাদের কৃষি থেকে মাথাপিছু আয়কে বাড়িয়ে দিয়েছে। এর ফলে কৃষির উৎপাদনের হার বৃদ্ধি পেয়েছে এবং তারজন্যই পশ্চিমবঙ্গে শিল্প স্থাপনে একটা অনুকূল পরিবেশ সৃষ্টি হয়েছে। অর্থমন্ত্রীমহাশয় বাস্তবের উপর দাঁড়িয়ে তার বাজেট ভাষণ রেখেছেন।

স্যার, আমাদের অতীতে অভিজ্ঞতা খুব খারাপ। এখন পশ্চিমবঙ্গে শিল্পায়নের একটা স্বাভাবিক পরিবেশ তৈরি হয়েছে, এখানে ক্যাপিটাল এ্যাট্রাকটেড হবে। এখানে বিরোধীপক্ষকে একটা কথা বলব, এ বিষয়ে একমত হবেন কিনা বলুন, আমরা কেন্দ্রীয় সরকারে কাছে কোন বাড়তি সাহায্য চাইছি না কিন্তু পশ্চিমবঙ্গের স্বাভাবিক অর্থনৈতিক উন্নয়নের পথে বাধা দেবেন না কেন্দ্রীয় সরকার এই গ্যারান্টিটা দিল্লী থেকে করিয়ে আনুন। কেন না দিল্লীতে যে সরকার রয়েছে সেই সরকার আপনাদের সরকার। আপনারা এটা গ্যারান্টি করুন যে লাইসেন্সের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার কোন বাধা দেবেন না। ব্যাঙ্কের ক্রেডিট ডিপোজিট রেসিওটা আমরা ১০০ সপারসেন্ট চাইছি না, সেটা এ্যাডভান্স ইনডাষট্রিয়াল ষ্টেটের মতন অল ইন্ডিয়া এ্যাভারেজে দিন। আমরা আপনাদের কাছে বাড়তি কোন সুযোগ চাইছি না। আপনারা টাকা দেন নি কিন্তু তা সত্ত্বেও হলদিয়া আমরা করছি। কেন্দ্রীয় সরকারের কাছে বাড়তি সাহায্য চাইছি না। পশ্চিমবঙ্গের অর্থনৈতিক ভিত্তি আজকে স্বাভাবিকভাবে যে জায়গায় এসেছে তাতে আর্থিক উন্নয়ন এবং শিল্পের উন্নয়ন হ'তে বাধ্য। এটা অর্থনীতির স্বাভাবিক নিয়ম। আপনারা শুধু এইটুকু গ্যারান্টি দিন যে কেন্দ্রীয় সরকার বাগড়া দেবেন না। রাজ্যের প্রতি বঞ্চনার ব্যাপারে আপনারা যদি সত্যি সত্যি সিরিয়াস হ'ন, বিরোধীদলের নেতার বক্তব্য যদি রাজনৈতিক গিমিক না হয়ে থাকে তাহলে দাঁড়িয়ে বলুন যে নতুন কেন্দ্রীয় বাজেট প্রস্তাবে যে যে বিষয় গুলি পশ্চিমবঙ্গের অর্থনৈতিক সংগতি এবং পশ্চিমবঙ্গের অগ্রগতির পথে বাধা হচ্ছে তার বিরুদ্ধে অন্ততঃ প্রতিবাদ করবেন। জয়নাল সাহেব বলে ফেলেছেন, বাকি যারা আছেন তারা অন্ততঃ আমাদের সঙ্গে এ ব্যাপারে একমত হ'ন। পশ্চিমবঙ্গের ভবিষ্যত উন্নয়নের পথে যে বাধাগুলি আছে সেগুলি যাতে দূর করতে পারি আসুন সেটা সকলে মিলে করি। পরিশেষে মাননীয় অর্থমন্ত্রীমহাশয়ের কাছে একটি অন্য প্রসঙ্গের অবতারণা করে এ ব্যাপারে তাঁর বক্তব্য জানাতে চাইবো। '৮৯ সালের বাজেট বক্তৃতায় আপনি প্রতিশ্রুতি দিয়েছিলেন যে স্বনিযুক্তি প্রকল্পে যে সব জিনিষপত্র উৎপাদিত হবে তার বাজার সৃষ্টি করার ব্যাপারে রাজ্যসরকার ভূমিকা নেবেন। এ বিষয়ে আপনার দৃষ্টিভঙ্গী কি বা রাজ্যসরকার কি ব্যবস্থা করছেন সে সম্পর্কে আমি আপনার বক্তব্য আশা করবো। কারণ সাধারণভাবে আমার একটু মনে হয়েছে যে এ ব্যাপারে রাজ্যসরকার যদি যত্নশীল হ'ন এবং স্বনিযুক্তি প্রকল্প যে সমস্ত ছোট ছোট শিল্পকে টাকা দেওয়া হয়েছে তাদের মার্কেটটা সম্পর্কে যদি গ্যারান্টি দেওয়া যায় রাজ্যসরকারের তরফ থেকে তাহলে এই স্বনিযুক্তি প্রকল্পগুলি বেঁচে থাকবে এবং এগিয়ে যাবার ক্ষেত্রে অনেকখানি প্রেরণা পাবো। বাজেটের উপর সাধারণ আলোচনার জবাবী ভাষণের সময় আশা করি আপনি এ বিষয়ে আলোকপাত করবেন। এটা করলে ব্যক্তিগত ভাবেও আমি উপকৃত হ'ব। এই বলে বাজেট প্রস্তাবকে সমর্থন করে এবং মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনাকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করলাম।

Mr, Speaker : Hon'ble Members are reminded that today lunch packets would be served for to all the members. The members of the press

are also invited to the same.

[12.30 - 12.40 p.m.]

শ্রী সৌগত রায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের বাজেট নিয়ে প্রায় গত ৪ বছর ধরে বলার সুযোগ আমার হয়েছে। এবারে ভাবছিলাম পশ্চিমবঙ্গ নিয়েই মূলতঃ কথা বলবো। কিন্তু আমাদের তরুন বন্ধু মানব মুখার্জী অর্থমন্ত্রীর প্রসঙ্গে কিছু কিছু বক্তব্য এনেছেন যা আর্ন্তজাতিক অর্থনীতি, দেশের অর্থনীতি নিয়ে। কাজেই আমাকে দু'চারটি কথা এখানে বলতে হচ্ছে। মানববাবু হয়ত যে আত্মবিশ্বাস নিয়ে বললেন যে ডিভ্যালুয়েশান হচ্ছে, ইমপ্যাক্ট কমবেনা, একসপোর্ট বাড়বে না। মন মোহন সিং ওঁর বক্তৃতা শুনলে ওকে একটা প্রিকোসিয়াস অর্থাৎ বাংলায় যাকে বলে এঁচড়ে পাকা সেই রকম মনে করতেন। এত কনফিডেন্সের সঙ্গে অর্থনৈতিক প্রিডিকশান করতে আমি কোন অর্থনীতিবীদকে দেখিনি। আমি যে কথা বিনয়ের সঙ্গে অর্থমন্ত্রীকে বলতে চাই, মানববাবু হয়ত না জেনে অনেক কথা বলেছেন, কিন্তু আপনি তো এম. আই. টি থেকে ডক্টরেট, পৃথিবীর যে গ্লোবেল ইকনমিক ট্রেন্ড সেটা আপনি জানেন। তাসত্বেও পার্টির ষ্ট্রেইট জ্যাকেটের মধে থাকারজন্য অনেক সত্য কথা আপনি বলেন নি, বা স্বীকার করেও বলতে পারেন নি। আমি সেই রকম ২।১ কথা এখানে বলবো। আমি একটা ছোট্ট কোটেশান এখানে উল্লেখ করছি। একজন রাষ্ট্র নায়ক বলেছেন, ''We have been hampered by inertia, ingrained dogmatie views, habitual stagnation, and command management, All these handicaps are still there. Iwould say that considering the economic and social difficulties and other thorny problems inflexible thinking remains the biggest stumbling block to change.'' এখানে পরিষ্কার ভাবে বলা হয়েছে Inflexible thinking remains the biggest stumbling block to change.

এটা কার কথা? এটা মনমোহন সিংহের কথা নয়, এই ভদ্রলোকের নাম হচ্ছে মিখাইল গর্বাচভ, সোভিয়েট ইউনিয়নের রাষ্ট্র প্রধান। সারা পৃথিবীতে যখন অর্থনৈতিক পরিবর্তন হচ্ছে তখন পশ্চিমবঙ্গে একমাত্র ষ্টালিনিষ্ট দল, সারা পৃথিবীর মধ্যে একমাত্র ষ্টালিনিষ্ট দল উঠ পাখীর মত বালিতে মুখ গুজে থাকার চেষ্টা করছে, পরিবর্তন তারা দেখতে চান না। আমি সুধীন দত্তকে উদ্ধৃতি দিচ্ছি সেই উট পাখীর কবিতা থেকে - ''অন্ধ হলে কি প্রলয় বন্ধ থাকে।'' আপনারা না দেখলে কি পৃথিবীতে পরিবর্তন হবেনা? আমি আরো এক জায়গায় গর্ভাচভ কি বলেছেন তা থেকে উদ্ধৃতি দিচ্ছি। তিনি বলেছেন, The necessary measures in this respect are reforms in pricing supply and marketing change in the way state orders are placed, and creation of first commodity and then stock exchanges. A changeover to a tax in kind on basic form produce and raw materials, combined with free trade in surplus agricultural products, will be a major step. গর্বাচভ বলেছেন যে ষ্টক একচেঞ্জের দিকে যাবো, মার্কেট ইকনমির দিকে যাবো। আর এখানে বস্তাপচা সমালোচনা কারা করছে? পশ্চিমবাংলার মার্কসবাদীরা। শুধু তাই নয়, অর্থমন্ত্রী নিশ্চয়ই সম্প্রতি যে জি-৭ মিটিং হল লন্ডনে তার রিপোর্ট পড়েছেন। গর্বাচভ কাতর ভাবে বলেছেন যে আমাদের অর্থনীতি চলছে না, তোমরা আমাকে বাঁচাবার জন্য লোন দাও, আই. এম. এফ-এর সদস্য কর, ওয়ার্ল্ড ব্যাঙ্কের সদস্য কর, আমাকে লোন দাও। আমি তার প্রতিদানে কথা দিচ্ছি, আমি বাজারের অর্থনীতিতে যাবো। একথা গর্বাচভ বলেছেন এক বছর আগে। তিনি আরো বলেছেন, The market is of course not all powerful. But humanity has not worked out another more effective and democratic mechanism for managing the economy. The socialist planned economy can not do without it, comrades, this must be recognised.

আপনি বললেন যে পৃথিবীতে একটা অর্থনৈতিক মডেল তৈরী হয়েছে, সেটা বাজারের অর্থনীতি নয়, সমাজবাদী অর্থনীতি, নিয়ন্ত্রিত অর্থনীতি, সেখানে দাম এবং চাহিদাকে নিয়ন্ত্রিত করা যায়। সে ধারণা গত দু'বছর গোটা পৃথিবীতে ভেঙেচুরে পড়েছে। কেবল মাত্র পশ্চিমবাংলার কমরেডদের মনে এখনো ভেঙে পড়ে নি। শ্রী জি.পি. দেশ পাণ্ডে নামে একজন অর্থনীতিবিদের সম্প্রতি চীন সম্পর্কে একটা লেখা বেরিয়েছে। চীন সম্পর্কে তিনি বলছেন, "The political process in China today in marked by several things. The most outstanding feature of it however is the changed political discourse. Now politics is seen mainly as the working out of the development process of a backward socialist economy. In this backward state dependence on capitalism and international capital in particular is seen as an unavoidable stage."

ভারতবর্ষে যেরা আইনের ট্রাইবুনাল করার আগেই চীন ইন্টারন্যাশনাল ক্যাপিটলকে সে দেশে নিয়ে এসেছে, তং শিয়াও'র মর্ডানাইজেশন শুরু হয়ে গেছে। "Market decides everything in advanced states. So shall it in China as well. The Chinese Leadership has not abandoned the use of the word 'socialism' but it certainly has abandoned all the political attitudes to capitalism and imperialism that were traditionally associated with it. It is difficult to see how this tendency can change. Now the political and institutional changes have gone too far ahead on the way of modernisation to make any major reverse possible" চীনও মার্কেট ইকনমির মধ্যে ঢুকছে। তং শিয়াও ফিং রাজনৈতিক ক্ষমতা কন্টোল করা সত্ত্বেও চীনকে তাঁরা ইন্টারন্যাশনাল ক্যাপিটালিজমে লিংক্ করে দিয়েছেন। আপনি এটা ভালই জানেন, আপনি এম. আই. টি-তে পড়েছেন, আপনি খুব ভালই ইকনমি জানেন। সুতরাং ভারতবর্ষের যে বর্তমান সমস্যা সেটার পরিপ্রেক্ষিতেই এটা দেখতে হবে। আপনি খুব দায়িত্বশীল লোক, আমি দুঃখের সঙ্গে আপনাকে বলছি, আপনি ভারতবর্ষের ফরেণ এক্সচেঞ্জ ক্রাইসিসকে'৮১ সাল থেকে কোটেশন দিয়ে দেখাবার চেষ্টা করেছেন। আপনি এখানে এ বিষয়ে যে বিবৃতি রেখেছেন সেই বিবৃতির ইংরাজী অনুবাদে যা আছে তা প্রায় সবই আপনি 'ফ্রন্টলাইন' পত্রিকায় লিখেছেন। দুটো লেখা একদম এক। আমি 'ফ্রন্টলাইন' পত্রিকায় লেখাটা আগেই পড়েছিলাম। আপনি বলেছেন, 'দেয়ার ইন্ এ্যান অল্টারনেটিভ'। এটা 'ফ্রন্টলাইন', জুলাই ২০ থেকে আগষ্ট ২, '৯১ সংখ্যায় বেরিয়েছে। অল্টারনেটিভের কথা আপনি বাজেট বক্তৃতার মধ্যে বলেছেন। ঐ একই ভাষা আপনি বাজেট বক্তৃতার মধ্যে কোট্ করেছেন। আপনি যা বলেছেন, বস্তা-পচা কথা, নতুন কথা কিছু নয়,—ল্যাণ্ড রিফর্মস-এর ওপর জোর দিতে হবে, স্মল স্কেল ইণ্ডাস্ট্রির ওপর জোর দিতে হবে, ইম্পোর্ট কাট্ করতে হবে, আই এম এফ-এর কাছে না গিয়ে এন আর আই-দের টাকা আনতে হবে। 'টাইমস অব ইণ্ডিয়া' এবিষয়ে একটা এডিটোরিয়াল লিখেছে। যদিও তারা কোন কোন লেখা আপনাদের স্বপক্ষে লেখে, কিন্তু এ বিষয়ে তারা বলেছেন, বামপন্থীদের এই রাস্তা, এটা পপুলিষ্ট রাস্তা, কিন্তু এটা থেকে সরে আসতে হবে। কেন না, NRTs will be helpful the country's so long as credit rating is acceptable to commercial lenders who, alas, have turned sceptical, To coax the latter, the IMF has to be brought into the picture."

'টাইমস অব ইণ্ডিয়া'-তে এটা লিখেছে 'দি লেফট ডিমারস', বামপন্থী প্রত্যয় নিয়ে। পপুলিজিম লাইন নেবেন না। তবে আপনারা 'টাইমস অব ইণ্ডিয়া'র কথা পছন্দ নাও করতে পারেন। অনেক সময় তাঁরা আপনাদের সমর্থনে লেখে দেখেছি। যে দিন রাজীব গান্ধী ক্ষমতা থেকে চলে গিয়েছিলেন সে দিন ৬০০০

কোটি টাকার মত আমাদের ফরেণ এক্সচেঞ্জের রিজার্ভ ছিল। গত বছর ইরাক-কুয়েতের যুদ্ধের ফলে যে সমস্যা দেখা দিয়েছিল, বিশেষ করে অয়েলের ক্ষেত্রে যে খরচ বেড়েছিল তার সাথে সাথে এন আর আই-দের পাঠান টাকা আসাও বন্ধ হয়ে গিয়েছিল। অথচ বাড়তি ৫০০০ কোটি টাকার খরচ বেড়ে গিয়েছিল। এই অবস্থায় মাত্র ২৫০০ কোটি টাকায় আমাদের ফরেন এক্সচেঞ্জ রিজার্ভ নেমে আসে। এমন কি সেটা ১৫ দিনের খরচ চালাবার জায়গায় নেমে আসে। এরপর আবার ১৫ই জুলাই-এর মধ্যে ইন্টারেষ্ট পেমেন্টের কথা ছিল। 'ফ্রন্টালাইনে' আপনার লেখা বেরবার পরে একজন লিখেছেন, ডঃ এ বৈদ্যনাথন, আপনি জানেন তিনি একজন নামকরা অর্থনীতিবিদ, তিনি কংগ্রেসের লোক নন, তিনি লিখেছেন, 'গোয়িং টু দি আই এম এফ আনয়্যাভয়েডেবল্।' তার কারণ লোন না পেলে কারেন্ট ফরেন এক্সচেঞ্জ ক্রাইসিস্ মিট্ করা যাবে না। আই এম এফ লোন ছাড়া মিট্ করা যাবে না।

[12.40 - 12.50 p.m.]

আপনি কি বলছেন যে আমরা ইনটারেস্ট ডিফল্ট করছি, আমরা বৈদেশিক ঋণের সুদ দিতাম না। ভারতবর্ষ কি তাহলে সারা বিশ্বের কাছে তার বিশ্বাসযোগ্যতা হারাতো - এইসব বিষয় মানববাবু বুঝবেন এটা আমি আশা করি না, আমি আশা করি, আপনি অন্তত বুঝবেন। আপনার স্বীকার করা উচিৎ ছিল যে দেশের সংকট খুব গভীরে। এই সংকট যখন আমাদের সামনে এল তখন দেখা গেল আমাদের অর্থনীতিতে এটা একটা সুযোগ, সংকট কাটাবার সময়। কিছু ষ্ট্রাকচারাল চেঞ্জেস করা দরকার, কাঠামোগত পরিবর্তন করা দরকার। কিন্তু যেকথা আমাদের মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বলেছেন তাঁর বাজেট বক্তৃতায় তা ঠিক নয়। না, স্ট্রাকচারাল চেঞ্জেস করতে গিয়ে আমরা নেহেরু নির্দেশিত রাস্তা ছেড়ে দিইনি। খুবই দুঃখ হয়, মানব বাবু বললেন নেহেরু মারা গেছেন। না, নেহেরু যেটা তৈরী করেছেন ভারতবর্ষের অর্থনীতিতে, পরিকল্পিত অর্থনীতিতে, বিজ্ঞান ও প্রযুক্তিতে দেশী শক্তি তৈরী করা সেগুলি আজকেরদিনে আমাদের অর্থনীতিতে সহায়তা করবে। কিন্তু মূল কথা যেটা, আমাদের মানববাবু এটা ঠিক বলেননি, মূল কথা তিনি এড়িয়ে গেছেন। তিনি বলেছেন যে আমাদের তেল এবং সার-অয়েল এ্যন্ড ফার্টিলাইজার আনতে আমাদের ৫০ পারসেন্ট চলে যায়। শুধু তার জন্য নয়, তেলের জন্য নয়, ট্রান্সপোর্ট সিসটেমের জন্য নয়, আমাদের যারা ফারমার, যারা কৃষক তারা মাঠে জল দেয় তারজন্য ডিজেল লাগবে, আমাদের কৃষকরা জমিতে ট্রাকটার চালায় তারজন্য ডিজেল লাগবে। আমরা ফার্টিলাইজার নিয়ে আসি আমাদের কৃষকদের স্বার্থে, এরজন্য আমাদের ৫০ পারসেন্ট চলে যায়। এই ইমপোর্ট বিলকে ড্রাসটিক্যালি হ্রাস করা সম্ভব নয়। তবে হ্যাঁ, নন-এসেনসিয়াল ইমপোর্ট কাটতে পারেন। আপনি মারুতি গাড়ি বন্ধ করে দিতে পারেন, তাতে কিছু লোক ছাঁটাই হতে পারে। আপনাদের ইউনিয়ন যদি না থাকে তাহলে আপনারা সেটা মেনে নেবেন। কিন্তু ইমপোর্ট যদি এই লেভেলে রাখতে হয় তাহলে ১১ হাজার কোটি টাকা আমাদের গত বছর ব্যালেন্স অফ পেমেন্ট ডেফিসিট হয়। তাহলে এক্সপোর্ট বাড়াতে হবে। তবে এক্সপোর্ট বাড়াবার ফরমূলাটা কি ? exporter of raw materials and importer of capital goods.

আমরা কি চিরকাল এইভাবে থাকবো? না ভ্যালু এ্যডেড আইটেম তৈরী করতে হবে। তাহলে কি করতে হবে? ইন্টারন্যাশনাল মার্কেট প্রেস কমপিট করতে হবে। আর্ন্তজার্তিক যে বাজারে - গ্লোবাল মার্কেট যেমন, চীন রাশিয়া দাঁড়াচ্ছে, সেই প্রতিযোগিতায় ভারতীয় মান নিয়ে গিয়ে দাঁড়াতে হবে। আমাদের কষ্ট্ এফেকটিভনেস আনতে হবে। ভারতের অর্থনীতি হচ্ছে হাই কষ্ট্ ইকনমি। তাই যদি দাঁড়াতে হয় তাহলে আমাদের কি করতে হবে? আমাদের প্রডাক্সন কষ্ট্ কমাতে হবে। তা যদি করতে হয় তাহলে প্রডাকটিভিটি বাড়াতে হবে। তা যদি করতে হয় তাহলে আমাদের কি করতে হবে? তাহলে আধুনিক প্রসেস যাতে আসে সেটা দেখতে হবে। এখন এই আধুনিক প্রসেস পৃথিবীতে টেকনোলজি প্রতিদিন চেঞ্জ হচ্ছে। আপনারা পশ্চিমবাংলায় মান্ধাতার আমলে পড়ে থাকতে পারেন কিন্তু মর্ডান টেকনোলজি প্রতিদিন চেঞ্জ হচ্ছে। চীনের

ঝেন সিয়াও পিং একটি কথা বলেছিলেন মর্ডান টেকনোলজি যদি আনতে হয় তাহলে ডায়রেক্টলি ফরেন ইনভেষ্টমেন্ট আনবো। ফরেন এইড আনার জন্য ফেরা আইনের সংশোধন। আজকে দেশে এই রকম মর্ডান ইন ভেষ্টমেন্ট নিয়ে আসুক এবং সাথে মর্ডান টেকনোলজি নিয়ে আসুক তাই দিয়ে আমরা আমাদের ইনডাসট্রিকে মর্ডানাইজ করবো। সেই আধুনিক ইনডাসট্রি আর্ন্তজাতিক বাজারে প্রতিযোগিতা করুক। আমি মূল যে জায়গায় ছিলাম সেই জায়গায় পরে আসবো, সেই জায়গা থেকে সরে যাইনি। আমাদের এ্যন্টি পর্ভাটি প্রোগ্রামের টাকা কমেনি। গ্রামীন উন্নয়নের টাকা কেন্দ্রীয় বাজেটে বেড়েছে। রাজ্যের যে শেয়ার ছিল সেটা প্রায় ১ হাজার কোটি টাকা বেড়েছে। রাজ্যের প্রতি কোন বঞ্চনা নয় ষ্টেট শেয়ার অফ্ ট্যাকসেস - এবারের বাজেটে ১১০০ কোটি টাকা বেড়েছে। সুতরাং আজকে মূল ব্যাপার যেটা সেটা হচ্ছে ভারতবর্ষের অর্থনীতিকে আনশ্যাকেল করার একটা চেষ্টা হচ্ছে। এটাতে আপনারা লাভবান হতে পারেন আপনি যদি পশ্চিমবাংলায় তারজন্য প্রয়োজনীয় ইনফ্রাস্টাকচার তৈরী করেন। কিন্তু এটা নিতান্তই মূর্খের কথা। অর্বাচীনরা এই কথা বলতে পারেন। পাওয়ার - টাওয়ার কিছু নয়, পশ্চিমবঙ্গের পাওয়ারের চেয়ে অন্যান্য অনেক রাজ্যে পাওয়ারের অবস্থা খারাপ আছে অথচ সেখানে ইনভেন্টমেন্ট হয় - এই কথা আর্বাচীনের পক্ষে বলা সম্ভব, আপনাদের পক্ষে সম্ভব নয়। আমি আপনাকে বলব যে, দুটো ব্যাপার, যদি এম. আর. টি. পি. হাউসের উপর রেষ্ট্রিকসন চলে যায় তো কি অসুবিধা। পশ্চিমবাংলায় মনোপলি হাউসেস হেডকোয়াটারস আছে, আপনার এ্যাডভানটেজ নেওয়া উচিত যাতে ওরা এর সুযোগ নিয়ে বেশী ইনভেষ্ট করে আপনার রাজত্বে। দরকার হলে জয়েন্ট সেকটার হবে এবং দ্বিতীয়তঃ যেটা আপনার এবং আমার বিচার করতে হবে যে, যখন আপনি এখানে মনোপলি হাউস করছেন - এর আগে আপনার অভিযোগ ছিল ওয়েষ্টবেঙ্গল ইনডাসট্রিয়াল লাইসেন্স এখানে আসেনা, ডি-লাইসেন্সড হয়ে গেল, ডি কনট্রোল হয়ে গেল, এভাবে আপনি ইনডাসট্রি তৈরী করতে পারবেন কিনা। এই আন্তর্জাতিক বাজারে পশ্চিমবঙ্গের কোন জায়গায় থাকবে কিনা সেটা আপনার উপর নির্ভর করে আপনি সেই দায়িত্ব গ্রহণ করেন নি, আপনি অলটারনেটিভ বিকল্প প্ল্যানের বেড়াজালে জড়িয়ে পড়েছেন। আমি এখানে অনেক অর্থনীতিবিদের লেখা - ছোট ছোট লেখা খুব একটা ইনডে পথ নয়, আপনারটাও খুব ইনডেপথ নয়, প্রভাত পট্টনায়েক থেকে সুরু করে বামপন্থী অর্থনীতিবিদ, এন, রায় ছেপেছেন, আমি একটাও দেখলাম না যে ইমিডিয়েটলি ফরেন এক্সচেঞ্জ ক্রাইসিস কাটাবার আই. এম. এফ লোন নেওয়া ছাড়া একটা বিকল্প করতে পেরেছেন? ভারতবর্ষের উপর মানববাবুদের বিশ্বাস নেই, উনি বলছেন যে আমরা মেকসিকান ওয়েতে চলে যাব। ভারতবর্ষ কি মেকসিকোর সাথে তুলনীয় না ভারতবর্ষে আরজিন্টিনার সাথে তুলনীয় ৮০ কোটি মানুষের দেশ, তাদের নেতৃত্ব যদি এই ভরসা রাখতে না পারে যে, না ডেবট ট্র্যাপে পড়ব না। বললেন যে ১৯৮১ তে আমরা আই. এম. এফ. লোন নিয়েছি, আপনাদের বাজেট বক্তব্যে আছে, পড়লেন তো ডেবট ট্যাপে? ২ বছর আমরা আই. এম. এফ. লোন বন্ধ করে দিয়েছি, ভারতবর্ষ ছাড়া কোন্ দেশ পেরেছে, দু বছরের মধ্যে কোন লোন না নিয়ে তা রিপেমেন্ট করতে পেরেছে। হ্যাঁ, পুরণো ঋণের শোধ আমাদের দিতে হয়েছে। আমাদের একস্টারন্যাল বাজেট বেশী হয়েছে। এক্সটারন্যাল ডেবট বেশী হয়েছে, সেই ডেবট আস্তে আস্তে কমাতে হবে। এই সহজ সত্যগুলি সমাধানগুলি আপনারা, বামপন্থীরা দেখেও দেখছেন না। এটাই দুর্ভাগ্য যে আপনি অন্ততঃ দেখতে পারতেন, আপনার যে যোগ্যতা ছিল, দুর্ভাগ্যের কথা যে দেখলেন না। দ্বিতীয় ব্যাপার কি ? দ্বিতীয় ব্যাপার, এটা আপনি নিশ্চিত বোঝেন যে, যদি আমাদের এখানে ইনফ্লেসন কমাতে হয় তাহলে মূল পদক্ষেপ কি হবে? বাজেট ডেফিসিট কাট করতে হবে। বাজেট ডেফিসিট কাট কোথায় হবে? ভারতবর্ষে ডিফেন্স সাবসিডাইসড এবং ইনটারেস্ট পেমেন্ট আপনি জানেন কেন্দ্রীয় বাজেটের বেশী অংশটা চলে যায়। আপনি ডিফেন্সে কমাতে পারবেন না, এবারেও ৬০০ কোটি টাকা বাড়াতে হয়েছে। আপনি ইনটারেস্ট পেমেন্ট ডিফলট করতে পারেন না। ইনটারন্যাল ডেবট এবং এক্সটারন্যাল ডেবটে আপনার সাবসিডি কমাতে হবে। তার জন্য আমাদের সতসাহস আছে, আমরা দেখে কমিয়েছি। কৃষকদের মধ্যে আমাদের জনপ্রিয়তা আছে, ফার্টিলাইজার

সাবসিডি না দিলে ফার্টিলাইজারের দাম বাড়বে, আমরা তার জন্য রাজনৈতিকভাবে কিছুটা লোকসান করতে পারি, কিন্তু দেশের স্বার্থে আমরা করছি, আপনাদের সে সত-সাহস আছে? আপনারা ছোট ছোট কৃষকদের কথা বলেন, গত ১০ বছর পশ্চিমবাংলায় বড় কৃষকদের গায়ে হাত দিয়েছেন আপনারা? না করেছেন লেভী, না করেছেন প্রকিওরমেন্ট এবং আপনি যেটা করতে পারতেন, আপনি এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স করতে পারতেন, সেটা করার সুযোগ ছিল, একস্ট্রা রিসোর্সেস করার সুযোগ ছিল, ফেল হয়েছে, তার কারণ এগুলি বিশেষভাবে ছোট কৃষকদের জন্য, আসলে আপনাদের সমঝোতা বড় কৃষকদের জন্য। যেখানে যেখানে একসটারন্যাল রিসোর্সেস মপ আপ করার সুযোগ ছিল, সেখানে করেন নি, মনমোহন সিং কে ধন্যবাদ, তিনি সতসাহস দেখিয়েছেন। দেশের অর্থনীতিবিদরা বলেছেন এই অবস্থায় জনপ্রিয়তা কিছুটা লোকসান করেও পদক্ষেপ নিতে হয়, কেন্দ্রীয় বাজেটে সেই পদক্ষেপ ছিল। কোন্ জায়গায় সতসাহস দেখিয়েছেন, না, ইমাজিনেসন কিছু নয়, কেন্দ্র ট্যাক্স রিসোর্সেস খোলেন নি, কোথা থেকে ইনকাম হবে? কেন্দ্রীয় সরকার ফরেন লোন ছেড়ে দেন, আপনি জানেন এটাও অর্থনীতির গোড়ার কথা। কেন্দ্রীয় সরকার ইনকাম করেন ৩টে জায়গা থেকে Atternative taxes.

মিঃ স্পীকার : আপনারা শুনুন সৌগতবাবু বলছেন, জয়নাল সাহেবকে কেন ছেড়ে দিলেন? ওঁকেও ধরা উচিত।

শ্রী সৌগত রায় : শুধু জয়নাল সাহেবকে ধরবেন কেন? উনি আপনার শত্রু, আর সবাই বন্ধু? বড় বড় জোতদাররা তো আপনাদের বন্ধু, এটা তো সত্য? হ্যাঁ, ৩টে জায়গা থেকে ইনকাম আসতে পারে। একটা হচ্ছে ডিরেকট ট্যাকসেস, এর মধ্যে আছে কো-অপারেটিভ, ট্যাক্স, সেভিংস, এবং ইনকাম অফ পাবলিক আন্ডারটেকিংস ট্যাকসেস যা বেড়ে বেড়ে আমাদের উই আর ওয়ান অফ দি হাইয়েসট ট্যাকসেড কানট্রিজ ইন দি ওয়ার্লড। এখানে আমাদের নেতা আছেন ওয়ান অফ দি হায়েষ্ট ট্যাক্স কানট্রিজ ইন দি ওয়ার্লড ইনকাম ট্যাক্স একটা লেবেলে গিয়ে পৌছেছে। এর পর সেভিংস চাচ্ছে, ট্যাক্স যা আছে, বাড়ান, ট্যাক্স আদায় কমে যাবে। দ্বিতীয় আপনি দেখেছেন কেন্দ্রীয় বাজেটে এটার সেভিংসের জন্য বিশেষ সুযোগ দেবার কথা বলা আছে এবং ইনকাম অফ পাবলিক আন্ডারটেকিংস টা আমাদের ভাবার দরকার, সময় এসেছে, কত দিন এটা হেভী ইনডাসট্রি বেস তৈরী করার দরকার ছিল তারজন্য অনেক টাকা রাষ্ট্রায়ত্ত শিল্পে লাগিয়েছে।

[12.50 - 1.00 p.m.]

কিন্তু বছর বছর সেগুলোতে লোকসান হবে? কিছুমাত্র এক্যাউন্টেবেল্ হবে না? প্রাই[illegible] সেকটরে টপ্ ম্যানেজার আজকে এইরকম ব্যবহার করবে এবং লোকসান পূরণ করবার [illegible] করবে না - এটা হতে পারে না। এক্ষেত্রেই মনমোহন সিং তাঁর বক্তব্য রেখেছেন। ষ্টেটের সব প্রাইভেট সেকটর আন্ডার টেকিং[illegible] ওদের ইউনিয়ন আছে এবং আমার কাছে ইকোনোমিক রিভিউর ষ্টেট এ্যাপেন্ডিকস্ [illegible]। অসীমবাবু প্রতিবার বাজেট বক্তৃতায় প্রাইভেট আন্ডারটেকিং নিয়ে কথা বলেন। বিপ্লবের কথা, সমাজতন্ত্রের সব কথা বলেন। রাজ্যে ৬৫টি পাবলিক সেকটর আন্ডারটেকিং আছে যারমধ্যে ফিনান্স কর্পোরেশন এবং ষ্টেট অয়্যারহাউসিং কর্পোরেশন ছাড়া সবটাতেই লোকসান। কিন্তু জয়নাল সাহেব যখন এই দপ্তরের মন্ত্রী ছিলেন তখন কিন্তু এতে লাভ হত। গত বছর কল্যাণী স্পিনিং মিলে ৫ কোটি টাকা লোকসান হয়েছে। কিউমুলোটিভ লস ৫৬ কোটি টাকা। একবারও বলেননি যে, এগুলো সম্বন্ধে কিছু বিকল্প চিন্তা করছি। ইউ শ্যাল নট টাচ্ দি সেক্রেড কাউস্। আপনাদের কিছু পবিত্র গরু আছে এবং সেগুলোতে হাত দেবার ক্ষমতা আপনাদের নেই। কিন্তু মনমোহন সিং সেই সাহস দেখিয়েছেন। দরকার হচ্ছে তিনি পাবলিক আন্ডারটেকিং-য়ে ২০ পারসেন্ট ডিসইনভেষ্টমেন্ট করবেন। এখানে অম্বিকাবাবু আছেন। তাঁরা পাবলিক আন্ডারটেকিং কমিটির যে রিপোর্ট দিয়েছেন তাতে পাবলিক আন্ডারটেকিংয়ে চুরি, মিসম্যানেজমেন্ট, অপদার্থতার কথা বলা হয়েছে। কিন্তু এর

থেকে রিভাইভ করবার ব্যাপারে একটি লাইনও বাজেট বক্তৃতায় যুক্ত হয়নি। আজকে মনমোহন সিং এর সেই সাহস আছে, তাই তিনি বলেছেন। এটা মনে রাখা দরকার, ৬৫টি পাবলিক আন্ডারটেকিংকে যদি লাভজনক না করতে পারেন, এক্ষেত্রে যদি বিকল্প নীতি গ্রহণ করতে না পারেন, তাহলে আপনাদের অর্থনীতি কখনই নিজ পায়ে দাঁড়াবে না।

স্যার, আমি এবারে আসল কথায়, বাজেট বক্তৃতায় আসছি। একটি লাইন উনি বাজেট বক্তৃতায় দিয়েছেন - ল্যান্ড রিফর্মস নিয়ে বলেছেন। বামফ্রন্ট সরকার প্রথমবার নির্বাচনকালে ১৯৮২ সালে তাঁরা কি করেছেন সেটা ছিল। তারমধ্যে ছিল এক, অপারেশন বর্গা, দুই, পঞ্চায়েত নির্বাচন, তিন ১২ শ্রেণী পর্যন্ত শিক্ষাকে অবৈতনিক করা। আজও ঐ ভাঙ্গা রেকর্ডই ওঁরা বাজাচ্ছেন। অপারেশন বর্গার পর সাকসেসিভ ল্যান্ডরিফর্মস্! কিন্তু পঞ্চায়েত নির্বাচনের পর এডুকেশন অবৈতনিক করবার ফলে এফিসিয়েন্সী ব্রেক থ্রু করলো। তখন শ্লোগান উঠলো - রাজ্যের হাতে অধীক ক্ষমতা দিতে হবে। প্রথমবার নির্বাচনে রাজ্যের হাতে অধীক ক্ষমতা, তারপর জি এন এল এফ আন্দোলন, তৃতীয়বার বোফোর্স এবং এবারে নির্বাচনে ১৯৭২ এর সন্ত্রাস। হোয়াট ইজ দি ষ্টোরি অফ ইওর এ্যাচিভমেন্ট বিকজ ইউ হ্যাভ নান্ হোয়াট-সো-এভার। আমি আপনাকে জিজ্ঞাসা করছি। ল্যান্ড রিফর্মস্ ইজ এ গুড ষ্টেপ, বাট ল্যান্ড রিফর্মস্ ক্যান নট মিট দি নিড ইটসেল্ফ। আপনারা বলছেন, ল্যান্ড রিফর্মস্ করেছেন, কিন্তু কত কৃষককে সাসটেন করেছেন? পশ্চিমবঙ্গে তথাকথিত ল্যান্ড রিফর্মস্ এর দ্বারা গরীব মানুষের কতটুকু উন্নতি করেছেন? বিনয়বাবু, সেটা জানলে আপনার দুঃখ হবে। আমি একটি ষ্ট্যাটিসটিকস্ দিয়ে আপনাকে সেটা জানাচ্ছি। আপনি জানেন, পশ্চিমবঙ্গে -র মানুষের ক্যালোরি ইনটেক ভারতবর্ষের মধ্যে সবচেয়ে কম। এখানকার মানুষ সবচেয়ে কম খেতে পায়। যেখানে অল ইন্ডিয়াতে মানুষের প্রোটিন ইনটেক ৬২, সেখানে পশ্চিমবঙ্গে মাত্র ৫২। আব ক্যালোরি ইনটেক অল ইন্ডিয়া এ্যাভারেজ যেখানে ২২২১, সেখানে পশ্চিমবঙ্গের মানুষ ক্যালোরি পান ২০২৭। ল্যান্ড রিফর্ম করেছেন, কিন্তু মানুষকে খেতে দিতে পারছেন না। প্লিজ লিসন্ টু মি। আমি সেই দিন আপনাকে বলেছিলাম যে ভারতবর্ষের ন্যাশানাল স্যাম্পেল সার্ভে-র এই ফিগার গুলি দিচ্ছি, আপনি মিলিয়ে নেবেন অসীমবাবু। এটা জেড এন. এস. এস ও. মানে জোনাল ন্যাশানাল স্যাম্পল সার্ভে অর্গানাইজেশান, কেন্দ্রীয় সরকারের যে স্টাটিসটিক্যাল অরগাইজেশান তার যে পত্রিকা ডিপার্টমেন্ট অফ ...Statistics, Ministry of planning issue 41-42 April, June - 1991-92.

তার থেকে বলছি। একদম লেটেষ্ট স্টাটিসটিক্স, এই গুলি আপনারা বুঝবেন না, অসীমবাবু বুঝবেন, এই গুলি আপনাদের জন্য নয়। ওয়েষ্ট বেংগলে ক্যালরি ইনটেক মিনিমাম, ওয়েষ্ট বেঙ্গলে প্রোটিন ইনটেক মিনিমাম এবং সেখানে উল্লেখ করেছিলাম যে পারসেনটেজ ডিসট্রিবিউশান of rural househalds by the type of response whether members could get square meals a day.

থ্রু আউট দি ইয়ার বলছি ইন্ডিয়া ৮০ পারসেন্ট সেখানে ওয়েষ্ট বেঙ্গল ৬০ পারসেন্ট। কি হলো আপনার পঞ্চায়েত করে? কি হলো আপনার ভূমি সংস্কার করে? যেখানে ভারতবর্ষে ৮০ পারসেন্ট মানুষ দুবেলা দুমুঠো খেতে পায় সেখানে পশ্চিমবাংলায় ৬০ পারসেন্ট মানুষ দুবেলা দুমুঠো খেয়ে পায়। সেখানে আপনারা পেছিয়ে গিয়েছেন। কিন্তু সেই ক্ষেত্রে অন্য রাজ্য গুলিযেমন হিমাচল প্রদেশ ৮০ পারসেন্ট, হরিয়ানা ৭৮ পারসেন্ট সেখানে, পশ্চিমবাংলা ৬০ পারসেন্ট। আজকে পশ্চিমবাংলার সঙ্গে তুলনা করে দেখুন ক্যালরী ইনটেক কত ? হোয়াই ভাস দিস হ্যাপেন? এটা আপনাকে বোঝাতে হবে। আমি যেটা বার বার বলছি যে বস্তা পচা রেকর্ড বারে বারে বাজাবেন না, তাতে মানুষের অর্থনৈতিক উন্নতি হবে না। উন্নতি করেছেন, কোথায় করেছেন সেটা দেখাতে হবে। এবারে আমি ইনডাসট্রি সম্পর্কে বলছি। আপনারা বারে বারে বলেছেন যে আপনাদের স্মল স্কেল ইনডাসট্রির সংখ্যা বেশী। স্মল স্কেল ইনডাসট্রির সংখ্যা বেশী হওয়াটা তো কোন ক্রেডিটের নয়। স্মল স্কেল ইনডাসট্রির ক্ষেত্রে হ্যাঁ, একটা মাত্র জায়গায় আপনারা সাফল্য

পেয়েছেন, সেটা হচ্ছে তন্তুজ। তন্তুজতে বিক্রি বেশী। তার মধ্যে আবার দুনীর্তি আছে, চুরি-টুরির অভিযোগ আছে, দুর্নীতির অভিযোগ আছে চেয়ারম্যানের বিরুদ্ধে। তা হলেও ইয়োর অনলি সাকসেস স্টোরী হচ্ছে তন্তুজ। আপনার স্মল স্কেল ইনডাসট্রি মানে যে তাঁত, আর কিছু নয়? আপনার ২১ হাজার স্মল স্কেল ইনডাসট্রি বন্ধ হয়ে আছে। আপনার স্মল স্কেল ইনডাসট্রিতে প্রোডাকশান ইজ not reflected in the index of industrial production.........

আপনার ইকনমিক রিভিউতে বলছে ভারতবর্ষ যেখানে ১৯৮৮ সালে ১৭৭ ছিল সেখানে ১৯৮৯ সালে ১৮৮ তে পৌচেছে ইনডেক্স অফ ইনডাসট্রিয়াল প্রোডাকশান। এই ক্ষেত্রে পশ্চিমবাংলা যেখানে ১১৬ ছিল সেটা ১২২-এ পৌচেছে। অর্থাৎ পশ্চিমবাংলায় ৬ পয়েন্ট বেড়েছে সেই ক্ষেত্রে ভারতবর্ষে বেড়েছে ১১ পয়েন্ট। এই হল অবস্থা! কেন আপনাদের ইনডেক্স অফ ইনডাসট্রিয়াল প্রোডাকশান রিফ্লেকশান হলো না? কেন আপনারা দিনের পর দিন পেছিয়ে যাচ্ছেন? এর কোন ব্যাখ্যা এখনও পর্যন্ত অসীমবাবু আমাদের কাছে দিতে পারেন নি। আমি এবারে অসীমবাবুর মূল বাজেটের দু-একটা বক্তব্যে আসছি। আপনার যে বক্তব্য সেই বক্তব্য গুলি পরস্পর বিরোধী। প্রথমটা ভাল করে পড়লে পরে তার সঙ্গে কোন মিল খুঁজে পাওয়া যাবে না। এক দিকে আপনি বলছেন সামগ্রিক প্রয়োজনের তুলনায় এক অতিরিক্ত পুঁজি নিযুক্ত প্রযুক্তির দিকে গিয়েছে কেন্দ্রীয় সরকার। তারপর আপনি প্রথম প্যারায় লিখেছেন দেখছি হলদিয়া নিয়ে। হলদিয়া কি পুঁজি নিযুক্ত প্রকল্প নয়? হলদিয়া কি কম পুঁজি নির্ভর প্রকল্প আর বেশী এমপ্লয়মেন্ট নির্ভর প্রকল্প? এটা কি আপনার বক্তব্য? আপনি হলদিয়া করছেন, আপনাকে আবার বলছি - হলদিয়ায় টাটা আছে বলে হয়ত হলদিয়ার কাজ কিছুটা হবে - আপনি ইমপোর্টেড ন্যাফথার উপর বেস করে একটা পুরো পেট্রোকেমিক্যাল প্রকল্প তৈরী করতে যাচ্ছেন। এখন দিনের পর দিন পৃথিবীর বাজারে ন্যাপথার দাম বাড়ছে। ন্যাপথার দাম বাড়ছে সেখানে শুধু আপনার আমদানির উপর নির্ভর করে একটা প্রকল্প করার উচিত নয়। হলদিয়ার ব্যাপারে আপনার দলের লোকেরা বুঝবেন না কিন্তু আপনাকে বাবে বারে বলছি হলদিয়া আপনি টাই আপ করছেন কেন্দ্রীয় সরকার আপনাকে ঋণ দিয়েছে কিন্তু হলদিয়া ক্যান be in problem. There is an inter-national crisis.

হলদিয়ার ব্যাপারে আপনাকে ১০ বার বলেছি এই হাউসে - আপনি তো কোন কথা শোনেন না - যে আপনি একটা হোয়াইট পেপার সাবমিট করুন যে ব্যাপারে আপনি বারে বারে বলেন যে দেড় লক্ষ চাকুরী হবে, কোথায় হবে, কোথায় কি ভাবে দেড় লক্ষ ছেলের চাকুরী হবে সেটা আমরা জানতে চাই। এবারে ইলেকশানের আগে অনেকে বলেছেন ৩ লক্ষ ছেলের চাকুরী হবে। মানুষকে দিন-রাত ভাঁওতা দেওয়া চলবে না। কেন আপনার ভাঁওতা দিয়ে যাচ্ছেন? আপনারা বারে বারে বলেছেন এবং এবারও আপনার কাছে জানলাম, আপনি বলেছেন ৫ লক্ষ নাকি এবারে স্পেশাল এমপ্লয়মেন্ট প্রোগ্রামে চাকুরী পেয়েছে।

[1.00 - 1.10 p.m.]

আমি জানি 'সেসরু'তে কিছু এ্যালটমেন্ট পেয়েছে। কিন্তু আমি জানতে চাই কত ছেলে লোন নিয়েছে? আই ওয়ান্ট হোয়াইট পেপার - এক বছর পরে কত লোন তারা শোধ করেছে এবং ইকোনমিকালি ভায়াবল্ হয়েছে? দু'একটি প্রোজেক্ট সফল হয়েছে যারা লোন নিয়েছে। বাকীরা কনজামশান লোন নিয়েছে - গরীব ছেলে, তারা পয়সা খেয়ে ফেলেছে। এর সাথে নন-প্রোডাকটিভে মাচিংয়ের জন্য যে ট্রেণিং প্রোগ্রাম ছিল - পলিটেকনিক্স, আই. টি. আই. গুলোর জন্য কন্ট্রিবিউশান নেই। আজকে আমরা দেখছি যে আই. টি আই গুলোতে জায়গা পাওয়া যাচ্ছে না এবং তারফলে প্রোগ্রামটা সফল হচ্ছে না। এবারে আমি মূল বাজেটের কয়েকটি ফিগার্সে যাব। তার আগে দু'একটি কথা বলে নিই। দু'একটি ব্যাপারে আপনাকে ধন্যবাদ দেওয়া দরকার, আবার কিছু ব্যাপারে বলাও দরকার। আপনি যে ট্যাক্স করেছিলেন তা বসানোর আগে এই হাউসে

আমি আগে বলেছিলাম পেস্ মেকারের উপরে সেলস্ ট্যাক্স বসাবেন না। সেলস্ ট্যাক্স না বসাবার ব্যাপারটি দেরিতে হলো। এই বছর থেকে জীবন দায়ী এই মেশিনের উপর থেকে রেহাই দিয়েছেন। টি. ভি ইন্ডাষ্ট্রী পশ্চিমবাংলায় চলছে না। টি. ভি.-র উপর থেকে যে কর ছাড় দিচ্ছেন সেটা যথেষ্ট নয়। ইলেকট্রনিক ইন্ডাষ্ট্রীর জন্য আপনি কি করবেন? টি.ভি. কোম্পানীগুলো একের পর এক বন্ধ হয়ে গেছে। লেটেষ্ট টেলেরামাতে লে-অফ্ হয়েছে। আপনি নতুন কয়েকটি ক্ষেত্রে ট্যাক্স ছেড়ে দিলেও ১৫ পারসেন্ট সেলস্ ট্যাক্স বসাচ্ছেন। ইজ নট সেলস্ ট্যাক্স এ্যান ইনডাইরেকট ট্যাক্স- ইজ নট ইনডাইরেক্ট ট্যাক্স এ্যান ইনফ্রেশানারী ট্যাক্স? এই সেলস্ ট্যাক্স বসাবার ফলে সব জিনিসের দাম বাড়বে। হ্যাঁ, আপনাকে রিসোর্স মপ-আপ করতে হবে, তারজন্য আপনি আর কি অলটারনেটিভ এভিনিউ খুজবেন সেলস্ ট্যাক্স বসানো ছাড়া ? আমরা জানী আপনার সীমা বদ্ধতা আছে, আপনার সেলস ট্যাক্স আছে, অকট্রয় আছে। আপনি এলাষ্টিক অবস্থা বজায় রাখতে ঘুরেফিরে একসাইস ডিউটি বাড়িয়েছেন, কোনবারে দেখছি জুটের উপর, আর কোনবারে চা-বাগানের উপরে। ঠিকই করেছেন। ওরা কোটি কোটি টাকা লাভ করছে একস্পোর্ট মার্কেট থেকে। এবারে আপনি বসিয়েছেন জুটের উপরে। এটা করার সঙ্গে সঙ্গে জুট মিলগুলোকে মডার্ণাইজ করার জন্য আপনার দুটো কথা বলা উচিত ছিল। জুট হচ্ছে একটা ষ্টেবল্ ইন্ডাষ্ট্রী। এতবড় একটা ইন্ডাষ্ট্রী, আরও অন্যান্য যে সমস্ত ইন্ডাষ্ট্রী আছে - আমাদের মাননীয় সদস্য জয়নাল আবেদিন সাহেব বলেছেন - সেখানে আপনারা বিদ্যুৎ ঘাটতি করেছেন। লোকে বাঁচার জন্য ইনভার্টার কেনে, তার উপরে আপনি ট্যাক্স বসাচ্ছেন। বিদ্যুতের যেখানে এই রকম অবস্থা, এই অবস্থায় আপনি মানুষকে ইনভার্টার কিনবার সুযোগ দিন। গ্রিডের গোলযোগে শংকর সেনের মন্ত্রীত্বে আসার কয়েকদিনের মধ্যেই আমরা ২৪ ঘন্টা লোড-শেডিংয়ের মধ্যে ছিলাম। তাঁর তো কয়েকদিন ঘুম ছিল না। আমাদেরও ঘুমোতে দেন নি। জেনারেটার কেনে তারাই যাদের অবস্থা ভালো। কিন্তু ইনভার্টার কেনে অত্যন্ত সাধারণ লোকে। আপনি ইনভার্টারের উপরে ট্যাক্স বসিয়ে তাদের সেই সুযোগ কেড়ে নিচ্ছেন। আমি সেজন্য আপনাকে বলছি ইনভার্টারের উপরে ট্যাকস্টা আপনি রি-কনসিডার করুন। এটা মোটামুটি ছোট ইন্ডাষ্ট্রীতে তৈরী হয়। এবারে আমি আসল বাজেটের মধ্যে যাই। এই যে জিরো ডেফিসিট বাজেট আপনি আবার করেছেন, আপনাকে দেখিয়ে বলা হয়, এই সেই অর্থমন্ত্রী যিনি জিরো ডেফিসিট বাজেট উপহার দেন। নির্বাচনের ঠিক পর কন্ট্রাকটরদের কথা ছেড়ে দিন, ষ্টেট গভর্ণমেন্ট-এর কর্মীদের মাইনে হবে কিনা ঠিক ছিল না। আপনি আগের বাজেটে বলেছিলেন যে, এই এই কন্ডিশান ফুলফিল হলে জিরো ডেফিসিট বাজেট ফুলফিল হবে। আপনি নিজে এটা বলেছিলেন। আপনি কয়েকদিন নিজে এবং লোকেদের ঘুমোতে দেন নি। আপনি আবার কেন এই জিরো ডেফিসিট বাজেট করছেন? যারা হ্যান্ড টু মাউথ খায়, যাদের ওয়েস্ এ্যান্ড মিনস্ কিছু নেই, তাদের আবার এই অবস্থা হবে। কতকাল সব কাগজের সাংবাদিক আপনাকে জিজ্ঞাসা করেছে ষ্টেটে চূড়ান্ত এই যে আর্থিক ক্রাইসিস গেল কয়েকদিন আগে - দে আর ভেরি কাইন্ড টু ইউ, তারা এটা কাগজে ছাপায় নি - আপনি সেটা নিয়ে একবারও বললেন না। কেবল কয়েকটা উড়ু উড় কথা বলেছেন। আপনি বক্রেশ্বর করার কথা বলেছেন। সোভিয়েতের লোন নিয়ে বক্রেশ্বরকে করবেন এবং সেজন্য এই হাউসে একটি প্রস্তাবও পাশ করিয়ে নিয়েছেলেন। তাদের কাছে হাত জোড় করে বলুন, 'এই প্রোজেকট থেকে তোমরা নিজেদের উইথড্র করো। আমরা অন্য জায়গা থেকে লোন নিয়ে করবো।'

[1.10 - 2.00 p.m.]

(Including adjourment)

আপনারা লোন পাবেন না, বরং আপনারা সোভিয়েট লোন না করে বড় বড় যে বয়লারগুলো আছে সেগুলো এ বি এলকে দিয়ে দিন এবং টারবাইনগুলোকে বিএইচএলকে দিয়ে দিন, তা না হলে বক্রেশ্বর আপনাদের যে তিমিরে রয়েছে সেই তিমিরেই থাকবে। মাননীয় মুখ্যমন্ত্রীর রুসী মোদীর সঙ্গে ভালো সম্পর্ক আছে তাদের বলুন এগিয়ে আসতে। অথবা টাটা যদি রাজি হয় তাতেও আমরা খুশী হব এবং বক্রেশ্বর প্রকল্পটি

অন্তত রূপায়িত হতে পারবে, কিন্তু আবার প্রবলেম থেকেই যাচ্ছে, সেটা হচ্ছে আপনাদের রিসোর্সেস কোথায়। এরপরে রাজস্বের আসল ব্যাপারে আমি যাচ্ছি, আপনাদের রাজ্যে কোন সারপ্লাস জেনারেশন নেই, আপনাদের এমন অবস্থা যে রাজ্যের ভুল অর্থনীতির ফলে একটা চূড়ান্ত রিসোর্সের ক্রাঞ্চের মধ্যে এসে পড়েছে এবং সেই রিসোর্সের ক্রাঞ্চের জন্য আপনারা কি করেছেন? আপনারা এখনো সর্বক্ষেত্রে পে কমিশন ইমপ্লিমেন্ট করতে পেরেছেন কি? তারপরে নতুন ডি. এ. ছিল সেগুলো স্ট্যাগার করে দিন। আপনাদের কো-অর্ডিনেশান কমিটি আছে, তারা জিন্দাবাদ জিন্দাবাদ করবে এবং সংগঠনের সঙ্গে সমঝোতা করে আপনারা ডি. এ. দিয়ে দেবেন। আপনি এখনো পর্যান্ত কতগুলি সংস্থায় পে কমিশন দেন নি। আপনি গত বছর বলেছিলেন হাউসে যে সি. আই. টি, সি এস এস -এ হুগলী ব্রিজ রিভার কমিশন প্রভৃতি কয়েকটি আধা সরকারী সংস্থাগুলিকে আগষ্ট মাসের মধ্যে পে কমিশন দিয়ে দেবেন। কিন্তু টুডে ইজ জুলাই, এখনো পর্যান্ত পে কমিশন ইমপ্লিমেন্ট হয় নি। এই সমস্ত সংস্থাগুলি যে প্রোটেকশান দিয়ে পে কমিশনের কাছে পাঠিয়েছিল যাতে ইমপ্লিমেন্ট হয় সেইজন্য, এবং আপনিও বলেছিলেন এই বাজেটের মধ্যে আমরা সমস্ত সরকারী সংস্থাগুলিকে পে কমিশন ইমপ্লিমেন্ট করবো। তাই অসীমবাবু আপনি স্বীকার করতে বাধ্য হবেন যে আপনার এই বাজেট ডিফেকটিভ এবং সেখানে কখনোই ঠিক পথে চলা যেতে পারে না। আপনাদের ক্যাপিটাল এক্সপেনডিচার যত বেশী, রেভিনিউ এক্সপেনডিচার তত কম। আপনাদের ক্যাপিটাল এক্সপেনডিচার ৬৯৫ কোটি টাকা আর রেভিনিউ এক্সপেনডিচার ৬১১ কোটি টাকার মত। ফলে আমরা সেখানে মোর প্রোডাকটিভ, মোর এ্যাসেটস বিল্ডিং করতে পারছেন না। আসলে আপনাদের বেসিক ব্রেক থ্রু বলে কিছু করতে পারছেন না। আপনারা সেন্টারকে নিয়ে অনেক কথা বলেছেন যে সেন্টার দিচ্ছে না, সেন্টার থেকে প্রচুর টাকা আসছে, গত বছরে স্টেটস্ শেয়ারে ১ হাজার ৪৪ কোটি টাকা প্ল্যানের জন্য পেয়েছিল এবং এই বছরে সেটা সেন্টার থেকে পাচ্ছে ১ হাজার ১৪০ কোটি টাকার মত, এটা একটা শেয়ার অফ ইউনিয়ন ট্যাকসেস এ্যাণ্ড ডিউটিজের জন্য পেয়েছে। শুধু তাই নয়, আপনারা প্ল্যান এ্যাসেসটেন্সের জন্য গত বছরে যে টাকা ছিল এই বছরে এ্যাসেসটেন্স ফর স্টেট প্ল্যানে ৮৬৩ কোটি টাকায় দাঁড়িয়েছে। আপনাদের নিজস্ব কোন আয়ের সূত্র নেই, কেবল ঢককা নিনাদ করে বলে চলেছেন যে সেন্টার কিছু দিচ্ছে না, প্ল্যানের টাকা দিচ্ছেন না। আপনাদের রিসোর্স মবিলাইজেশানের জন্য ৬০০ কোটি টাকা সেন্টার দিয়েছে, সেন্ট্রাল প্ল্যানের জন্য ২,২৩৩.৬০ কোটি টাকা আর সেন্টার সাপলিমেন্ট স্কীমের ক্ষেত্রে ১৮৫ কোটি টাকা দিয়েছে, তাহলে আপনাদের সেন্টার এ্যাসেসটেন্স কমলো কোথায়? গত বছরে সেন্ট্রাল প্ল্যানে ২ হাজার ২৩৩.৬০ কোটি টাকা ছিল, এইবার সেটা বেড়ে দাঁড়িয়েছে ২ হাজার ৫০৮.৫১ কোটি টাকা। আসলে আপনারাই তো রিসোর্স রেভিনিউ এক্সপেনডিচার বাড়াতে পারছেন না। এবং অবস্থা যতদিন চলতে থাকবে ততদিন স্টেট প্ল্যানে আপনারা টাকা ঠিকমত খরচ করতে পারবেন না, অথচ মহারাষ্ট্রকে দেখুন, তারা এরমধ্যে ৪গুন স্টেট প্ল্যান নিয়েছে, আপনি গতকাল যে বাজেট বিবৃতি দিয়েছেন সেটা আমি পড়েছি। এই যে আপনি বারেবারে বলেছেন যে স্বনিযুক্ত প্রকল্পে শিল্পোদ্যোগ দেওয়া হবে এবং তারসঙ্গে আবার ২৮ নং বলেছেন যে স্বনিযুক্ত প্রকল্পে যোগসূত্র স্থাপন করতে হবে। তারপরে ২৯ নং বলেছেন যে স্বনিযুক্ত শিক্ষা ব্যবস্থার কথা বলেছেন, ৩০ নং স্বাস্থ্যের কথা বলা হয়েছে, ৩১ নং রাস্তা নির্মাণ ও উন্নয়নের পরিকল্পনা আর সমন্বয় করে রূপায়িত হবে এবং ৩২ নং বলেছেন আগামীদিনে বিদ্যুৎ পরিবহন ও বন্টনের দিকে বিশেষ নজর দিতে হবে। ৩৩ নং সঙ্গে যুক্ত আছে উৎপাদন ও পরিকল্পনা। সুতরাং সব কিছু হবে হবে। এই গত ১ বছর ধরেই শুনে আসছি সব কিছু হবে হবে। এই কারণে আপনার এ হবে হবে শুনে শুনে আমার রবীন্দ্রনাথের একটি কবিতার কথা মনে পড়ে গেলো এবং সেই কথাটি আমি রবীন্দ্রনাথের ভাষায় বলছি — নিশিদিন ভরসা রাখিস হবেই হবে। এই হবে হবে ভরসা রেখে আর আমরা থাকতে পারছি না এবং এই কারণে বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker : Lunch packets would be served to the hon'ble

members during recess. Members of the Press are also invited to the same.

(At this stage the House was adjourned till 2 P. M.]

[2.00 - 2.10 p.m.]

After Adjourment

শ্রীভক্তিভূষণ মণ্ডল ঃ মিঃ স্পীকার স্যার, আমি বাজেটকে সমর্থন করে কয়েকটি কথা বলব। প্রথমেই আমাদের মনে রাখা উচিৎ যে আমরা থার্ড ওয়ার্ল্ডের লোক। কাজেই থার্ড ওয়ার্ল্ডের লোকেদের কিভাবে চিন্তাভাবনা করতে হবে সেই সমস্ত বিষয়ে আলাপ আলোচনা করে আমাদের এগিয়ে যেতে হবে। এবং সেখানে আমি দেখছি যে যদিও নামটা মেনশান করেননি আমাদের ফিনান্স মিনিষ্টার কিন্তু ভাবটা আছে। থার্ড ওয়ার্ল্ড নিয়ে সাধারণত আমাদের ভাবতে হবে যে আজকে সারা পৃথিবীকে গ্রাস করে ফেলেছে নর্থ। সেই নর্থ-র যে ইকননি সেই ইকনমির একটা বিশ্লেষণ করতে গেলে আমাদের মনে হয় আরো সর্বাঙ্গ সুন্দর হোত। কারণ এই যে নর্থ যেখানে আই. এম. এফ. এবং ওয়ার্ল্ড ব্যাঙ্ক তারা সারা পৃথিবীকে শোষণ করছেন, এই যে শোষণ, এই শোষণটার সম্বন্ধে আমরা যদি সম্যক বিষয়টা উপলব্ধি না করি তাহলে কেবল পশ্চিমবাংলার বাজেটই চলবে না। তাঁর কারণ হচ্ছে যদি উপরেতে নানাভাবে আমরা শোষিত হই তাহলে সেখানে শুধু পশ্চিমবাংলার বাজেটকে রেহাই দিতে পারবে? পারবে না বলেই আমি মনে করি। তাই আমি মনে করি আজকে সবাইকে মনে রাখতে হবে নর্থ বিশেষ করে আই. এম. এফ. এবং ওয়ার্ল্ড ব্যাঙ্ক আমাদেরকে যে ভাবে শোষণ করছে সেই কথাটা থাকা দরকার। এবং নর্থের এই যে শোষণটা করে যে সাহায্যে, এই সাহায্যটা দিচ্ছে আমাদের ভারতবর্ষের সেই সেন্ট্রাল গভর্ণমেন্ট। যদি এই সেন্ট্রাল গভর্ণমেন্ট এর বাজেট যদি আমরা দেখি তাহলে এই রকম হোপলেস বাজেট আর হয় না। আর মানুষের দূর্গতি যে চরম অবস্থায় উঠেছে সেটা সম্পর্কে ভালো করে বিশ্লেষণ করে বলতে হবে। যতগুলি জিনিস করতে চেয়েছেন সবগুলিতেই প্রায় ফেলইওর। সাধারণ মানুষের যে অবস্থায় নিয়ে আসবে তাতে সেই দুঃখ দুর্দশার বর্ণণা করা যাবে না। আমি তাই আপনার কাছে বলছি, যে আপনারা সেন্ট্র্যাল গর্ভণমেন্টের যে বাজেট এই বাজেটটা সম্বন্ধে কয়েক মিনিট কিছু অংশ আমি বলতে চাই। প্রথমতঃ হচ্ছে, এতো হই, রই রই করলেন, নানা রকম বলেন, উনি আগে একস গভর্ণর ছিলেন, রিজার্ভ ব্যাঙ্কের ছিলেন কিন্তু সেই ডেফিসিট বাজেটই নিয়ে এলেন। দু নম্বর হচ্ছে, আমদানী রফতানীর কথা বলতে গিয়ে দেশের মানুষের সর্বনাশ করে ফেললেন। এমন করলেন, দেখবেন রফতানী কম হয়েছে এবং আমদানীটা বেড়ে যাচ্ছে! হবেই, এটা যদি কেউ চিন্তাভাবনা করেন অর্থনৈতিক দিক দিয়ে তাহলে দেখবেন রফতানীটা বেড়ে যাবে আর আমদানীটা কমে যাবে। দুটো যদি টোটাল করে অ্যাট পার করা যায় তখন দেখা যাবে যে, রফতানীর যে টাকাটা সেটা কমে হয়ে যাচ্ছে। অতএব, সেখানে একটা বিরাট গ্যাপ থাকবে এবং আমাদের সর্বনাশ হবে। কাজেই এইসব জিনিসগুলি আমাদের ভাবতে হবে। প্রথমে আমি বলি, আপনার কাছে ডেফিসিট বাজেট, আমদানী রফতানীতে এলাম তারপর আমরা আই. এম. এফ. এবং ওয়ার্লড ব্যাঙ্কের লোন এর ফিরিস্থি টা বলি তাহলে তা ভয়াবহ অবস্থা হবে। আজকে একসটারনাল ডেট এক লক্ষ তেরো হাজার কোটি ডলার। তো এই অবস্থা চলছে। ব্যাঙ্কের ইন্টারেস্ট যদি বেড়ে যায় তাহলে সেটা পেমেন্ট করতে হবে। বিশেষ করে এই সাউদার্ন দেশগুলি অর্থাৎ আমি আপনার কাছে বলছি, যে থার্ড ওয়ার্লডের যাঁরা আছেন তাঁদের কাজ। আমরা থার্ড ওয়ার্ল্ডের বাইরে নই। অর্থাৎ এই সর্বনাশগুলি ভোগ করতে হবে। এবং এইসবের মধ্যে দিয়ে যে দাম, ইনডেক্স নাম্বার বাড়তে বাধ্য। অতএব ইনডেক্স নাম্বার বাড়বে। ইণডেক্স নামবার যদি বেড়ে যায়, আপনি বুঝতে পারছেন যে, সমস্ত ব্যাপারটা সেন্ট্রাল গভর্ণমেন্ট এর যে বাজেট সেই বাজেটের জন্য এইগুলি সমস্ত বেড়ে যাবে। কাজেই এই সমস্ত জিনিষগুলি আমাদের বিশদভাবে আমাদের ফিনান্স মিনিস্টার বিবেচনা করেছেন। এবং তার জন্য তাঁকে বলছি যে তিনি ঠিকই করেছেন। এই জিনিষগুলি

যদি না করা যায় তাহলে আমরা ঠিক পশ্চিমবাংলার লোকেদের কি ভাবে, পশ্চিমবাংলার জনসাধারণকে সাহায্য করতে পারি সেটা পশ্চিমবাংলার লোকেদের রিয়ালাইজেশান হবেনা।

[2.10 - 2.20 p.m.]

তাই আমাদের পরিস্কারভাবে এই জিনিসগুলো বুঝিয়ে দিতে হবে যাতে সাধারণ মানুষ পরিষ্কারভাবে বুঝতে পারে যে তাদের দুঃখ-কষ্ট লাঘব করবো বললেই আমাদের পশ্চিমবাংলার ফিনান্স মিনিষ্টার সেটা পারবেন না। তার হাতে যেটুকু ক্ষমতা আছে, উইথইন দি জ্যুরিসডিকসান, সেটা খুব সামান্য। কারণ এই যে সেন্ট্রাল মার্কেটিং সিস্টেম বা মনোপলি ট্যাকসেশান এটা এতো ভয়াবহ, সেই ভয়াবহতার মধ্যে আমাদের ফিনান্স মিনিস্টার চেষ্টা করলেও এগিয়ে যেতে পারবেন না এবং মানুষকে বেশী সুবিধা দিতে পারবেন না। একথা কেন বলতে চাই সেটা আপনারা নিশ্চয় বুঝবেন। আমাদের যে কন্সটিটিউশান, সেই কন্সটিটিউশানে একটা লিমিটেড পাওয়ার দেওয়া হয়েছে স্টেটগুলোকে। সেই লিমিটেড পাওয়ারের মধ্যেই তারা থাকে, তার বাইরে তারা এগিয়ে যেতে পারে না। কাজেই এই যে জ্যুরিসডিকশান, এই জ্যুরিসডিকশানের ভেতরই তাদের চালাতে হবে, অর্থ সংগ্রহ করতে হবে। আমি বলতে চাই সেই জ্যুরিসডিকশানে ডাইরেক্ট যে ট্যাকস্‌শেসান, সেই ডাইরেক্ট ট্যাকসেশান করার কোন স্কোপ আমাদের নেই এবং বাধ্য হয়ে কন্সটিটিউশান আমাদের মানতে হবে। কাজেই কন্সটিটিউশান মেনে আমাদের করতে হয় বলে, এই ডাইরেক্ট ট্যাক্স করা হতে আমাদের বঞ্চিত হতে হচ্ছে। কাজেই সমস্ত বিষয়টা বিবেচনা করতে হবে। সেইজন্য আমাদের বন্ধুদের বলছি in the light of this you are to Judge this budget.

তাহলে ভালো হবে। এই সমস্ত বিষয়গুলি নিয়ে যদি চিন্তাভাবনা না করা যায়, তাহলে শুধু শুধু বাজেট খারাপ হলো এইসব কথা বলে কোন লাভ নেই, সেইজন্য আমি বলছি আমাদের স্কোপ কোথায়। আমাদের রাজ্যের ফিনান্স মিনিষ্টারে ডাইরেক্ট ট্যাক্স করার স্কোপ কোথায় আছে বলুন এবং সেটা পয়েন্ট আউট করুন। আপনারা পয়েন্ট আউট করুন তাহলেই বুঝব কন্সট্রাকটিভ ক্রিটিসিজম্। আমরা তো বিপ্লব করে আসিনি, যে সেন্ট্রাল গর্ভণমেন্ট মানিনা। আমাদের সরকার কন্সটিটিউশানাল প্রসেসে, পার্লামেন্টারী ওয়েতে এখানে এসেছে। কাজেই ইন টোটো আমাদের এই কন্সটিটিউশানে গরীব মানুষের ভালো করার কিছু নেই। সেই কন্সটিটিউশানকে মেনে নিয়ে আমাদের ট্যাক্সসেশান বা বাজেট করতে হবে। কাজেই আমি খুব পরিষ্কারভাবে বলছি এটা ভেবে-চিন্তে দেখা দরকার ইনডাইরেক্ট ট্যাক্সের মধ্যে আমাদের যেন ট্যাক্সেসান হচ্ছে সেলস ট্যাক্স। এই সেলস ট্যাক্স হচ্ছে আমাদের একমাত্র ইনকাম, বাকি যা আছে রেভেনিউ থেকে কি আসবে কি অন্য থেকে কি আসবে সেটা নেগলিজিবলি স্মল। কাজেই আমাদের স্ক্রুটিনাইজ করে দেখতে হবে এই যে সেলস ট্যাক্স এই সেলস ট্যাক্সের ভেতর তিনি কতটা গরীব মানুষের জন্য করলেন আর কতটা উপর তলার লোকদের জন্য করলেন। আমি দেখছিলাম অনেক জিনিস আছে যেগুলি গরীব লোকদের মধ্যে করা প্রয়োজন, উনি করার চেষ্টা করেছেন, সেটা আপনারাও পড়ে দেখবেন। যেমন ধরুন কনভেনসনাল নেসাসিটি যেমন রেসটুরেন্ট যেগুলিতে উনি কিছু কিছু ট্যাক্সেসান করেছেন, কিন্তু যেগুলি এসেনসিয়াল ফর হিউম্যান কনজামশ্সান সেখানে তিনি অনেক ট্যাক্স রিলিফ করার চেষ্টা করেছেন, যেমন জীবনদায়ী ওষুধ এবং আরো অন্য যেসমস্ত আছে সেগুলিতে তিনি চেষ্টা করেছেন এগজেমপ্ট করার। কাজেই এটা ভেবে দেখেছি এবারের ট্যাক্সেসান বা বাজেট এদিক দিয়ে অন্ততঃ ভাল হয়েছে। উনি আর একটা জিনিস করার চেষ্টা করেছেন আমি যা মনে করি যে পশ্চিমবঙ্গকে যদি বাঁচাতে হয় তাহলে এ্যাগরেরিয়ান প্রসেস কি হবে এটা সবচেয়ে বড় কথা। কারণ, রুরাল প্রোজেক্টটা যদি তিনি ঠিকভাবে করতে না পারেন তাহলে যতই চেষ্টা করা যাক অধিকাংশ লোকের ভাল কার যাবে না।। এই বিষয়ে আমি এইটুকু বলতে পারি আমাদের যা ফর্মেশান অব মেম্বারস তাতে আমরা বেশীর ভাগ মিডিল-ক্লাস ইনটেলেক্টুয়্যালস বাড়ী থেকে

এসেছি, যারা নিচের তলার লোক অর্থাৎ রুরাল প্রোলেটেরিয়েট যদি বলেন কনস্টিটিউসান অব দিস হাউস ঠিক তাদের নয়, এটা অস্বীকার করা যায় না, উই আর রিপ্রেজেনটেটিভ অব দি রুরাল প্রোলেটেরিয়েট। বাট রুরাল প্রোলেটেরিয়েট বা রুরাল প্রোলেটিরিয়ান এখানে কনসটিটিউমেন্ট এ্যাসেম্বলীতে খুব কম এসেছে। এটা অস্বীকার করে লাভ নেই। ইট ইজ এ ফ্যাক্ট উই আর দি রিপ্রেজেনটেটিভস অব দ্যাট রুরাল প্রোলেটেরিয়েট, রুরাল প্রোলেটেরিয়ান খুব বেশী আসেনি। কাজেই তাদের চিন্তাধারা আর আমরা যতই বলি আমাদের চিন্তাধারা এক হতে পারে না। কারন, আমি রিপ্রেজেনটেটিভ অব দ্যাট প্রোলেটেরিয়েট, কিন্তু আই এ্যাম নট দি রুরাল প্রোলেটেরিয়েট, রিপ্রেজেনটেসান এন্ড এ্যাকচুয়্যালিটি এই দুটোর মধ্যে অনেক তফাত আছে সেটা নিশ্চয়ই পড়াশুনা করে বুঝবেন আর নিজেদে ' ব্যাক্তিগত এক্সপিরিয়েন্স এবং এক্সপেরিমেনন্টের ভেতর দিয়ে বুঝবেন। আমি বলতে চাই সেই হিসাবে তিনি এটা করার চেষ্টা করেছেন যে রুরাল অবস্থা কিভাবে ফেরান যায়, তাদের কিভাবে কতটা রিলিফ দেওয়া যেতে পারে, যেমন আপনাদের কাছে কনক্রিট এই কথা বলছি ১৪ শো কোটি টাকা দিয়ে এই নিচের তলায় রেল লাইন করা হল।

[2.20 - 2.30 p.m.]

চিন্তা করে দেখুন। এই ১৪০০ কোটি টাকা যদি রুরাল আপলিফটমেন্ট বা ডেভেলাপমেন্টে ব্যয় করা হত তাহলে আমরা অনেক সুবিধা পেতাম। এই টাকায় ইরিগেসন করা হলে ইকনমি অন্য রকম হত, অর্থাৎ যেটা রিপ্রেজেনটেটিভস অব দি রুরাল - আর্বান্স প্রলিতারিয়েত করা হচ্ছে। সেটা করার স্কোপ ওঁর নেই। কারণ, কনসটিটিউসন আছে। We have the representation for the rural proletariat, but we are not the representatives of the rural proletariat.

সব চেয়ে বড় কথা হচ্ছে এই, গ্রামে গঞ্জে গিয়ে আমরা দেখেছি দুটি জিনিস তারা চাইছে। একটা হচ্ছে ইরিগেসন, আর একটি হচ্ছে ইলেকট্রিসিটি। এবারের ভোটে আমি অনেক জায়গায় গিয়েছিলাম। এখন আর কেউ স্কুলের কথা বলে না, এখন শুধু জলের কথা বলে। ছোট ছোট টিউবওয়েল, মাইনর ইরিগেসনের কথা বলে। তারা ইলেকট্রিকের কথা আজকাল খুবই বলছে। কিন্তু ওঁর সেই স্কোপ নেই। কারণ, আমরা রিপ্রেনটেটিভস অব দি ইন্টেলেকচুয়্যাল সেকসন - এটাকে অস্বীকার করে লাভ নেই। ফ্যাক্টস স্বীকার করে নেওয়াই ভাল বলে আমি মনে করি। সেই জন্য আমি বলছি যে সামান্য যেটুকু করার সেটাও তিনি করতে পারবেন না। উনি যেটুকু করেছেন সেটুকু করা ছাড়া ওঁর অন্য কোন উপায় ছিল না। এইটুকু বলে আমি বাজেটকে সমর্থন করছি।

শ্রী নির্মল দাস ঃ মাননীয় স্পীকার মহোদয়, প্রথমেই আমি রাজ্য মন্ত্রীসভার অর্থমন্ত্রী ডঃ অসীম দাশগুপ্ত যে বাজেট প্রস্তাব গতকাল এখানে উত্থাপন করেছেন আমি সেই প্রস্তাবকে সমর্থন করছি। আমরা সকলেই জানি যে, এমন একটা আর্থ সামাজিক ব্যবস্থার মধ্যে দিয়ে চলেছি সেই আর্থ সামাজিক ব্যবস্থার কিছু রিফ্লেকসন বাজেট প্রস্তাবে এসে যাচ্ছে। পশ্চিমবাংলায় প্রায় ২৮ বছর কংগ্রেস শাসন ক্ষমতায় ছিলেন এবং তাদের সেই শাসন ক্ষমতায় পশ্চিমবাংলার মানুষ জেরবার হয়ে গিয়েছিল। পঞ্চায়েতের তাদের অধিকার হারিয়েছিল ১৮, ১৪, ১৬ বছর নির্বাচন হয়নি। আমরা দেখেছি মন্ত্রীসভা এমন একটা জায়গায় চলে গিয়েছিল যে মন্ত্রীসভার বিরুদ্ধেই মুখ্যমন্ত্রীকে দুর্নীতির তদন্তের জন্য কমিসন বসাতে হয়েছিল। পশ্চিমবাংলায় কংগ্রেস এই রকম একটা অবস্থার সৃষ্টি করেছিলেন। সঙ্গত কারণেই এই সমস্ত পিছিয়ে পড়া মানুষ যন্ত্রণায় কাতর হয়ে পড়েছিল। সেই সমস্ত মানুষগুলিকে ওরা বোঝাতে পারেন নি। সেই জন্যই রবীন্দ্রনাথ বলেছিলেন, ''যারে তুমি ফেলিছ নীচে, সে তোমাদের বাঁধিবে যে নীচে, পশ্চাতে রেখেছ যারে, সে তোমারে টানিবে পশ্চাতে।'' সেই জন্যই বাম ফ্রন্ট সরকার এখানে ক্ষমতায় এসেছেন। দীর্ঘ ২৮ বছর ধরে তারা এই কথাটি উপলব্ধি করেছিলেন এবং উপলব্ধি করেছিলেন বলেই বাম ফ্রন্টকে তারা ক্ষমতায় নিয়ে এসেছেন। আর বাম ফ্রন্ট

সরকার'ও মনে করেছেন, "সেই সব ম্লান মুখে দিতে হবে ভাষা, শ্রান্ত, ক্লান্ত, শীর্ণের মুখে ধ্বনিয়া তুলিতে হবে ভাষা।"

এই যে আর্থ সামাজিক ব্যবস্থার কথা বললাম সেই আর্থ সামজিক ব্যবস্থার প্রতি এদের কোন দায়বদ্ধতা নেই। কেন্দ্রের যিনি কংগ্রেসের প্রধানমন্ত্রী তিনি নির্বাচিত নন কাজেই জনসাধারণের কাছে তার কোন দায়বদ্ধতা নেই। যিনি অর্থমন্ত্রী তিনি নিজেও নির্বাচিত নন। তিনি মহা পণ্ডিত অনস্বীকার্য কিন্তু তিনি বুর্জোয়া পণ্ডিত, বড় লোকদের পক্ষের পন্ডিত তিনি। সব চেয়ে বড় কথা স্যার, যে কেন্দ্রীয় সরকার এবারে কেন্দ্রে বাজেট পেশ করলেন সেই কেন্দ্রীয় সরকারের পেছনে ভারতবর্ষের অধিকাংশ মানুষের সমর্থন নেই। এবারের কেন্দ্রীয় সরকার একটি সংখ্যালঘু সরকার। এবারের সরকার তো পুতুল সরকার। জনসাধারণ যাকে বলেছেন বেইমান মিরজাফরের সরকার, সেই চন্দ্রশেখরের সরকার আপনারা বলেছেন এসব শুরু করেছিলেন। আমি আজকে অভিনন্দন জানাই মাননীয় সৌগতবাবুকে কারণ তিনি সত্য কথাটা স্বীকার করেছেন। এতদিন ওদের ধারণা ছিল জাতীয় মোর্চা সরকার যখ ন ছিল তখনই তারা দেশকে দেউলে করেছেন কিন্তু আজকে আমাদের বাজেটকে বিরোধিতা করতে উঠে তিনি বললেন যে যখন গালফ ওয়ার হয় তখনই আমরা জেরবার হয়ে গিয়েছি, ৫ হাজার কোটি টাকা লুটপাঠ করে নিয়েছে ঐ আমেরিকান সাম্রাজ্যবাদ এবং তাদের মিত্ররা। আর যেটুকু বাকি ছিল পরবর্তীকালে সেটাও নিঃশেষ হয়ে গিয়েছে। ঐ চন্দ্রশেখরের সরকার যা পরে কেয়ারটেকার সরকার হয়ে ছিল সেই সরকার তো কংগ্রেসের সমর্থনেই সরকার করেছিল। আমরা জানি তারা ২০ টন সোনা বিক্রি করেছিলেন। উনি বলেছেন, দেউলে হবার উপক্রম হয়েছিল। আমি বলি, দেউলি হই নি তা কি করে অস্বীকার করবেন? আপনাদের তো বিশ্বাস করে না কারণ লনডনের ব্যাঙ্কে ২৫ টন সোনা রেখে বলতে হচ্ছে, ঐ আমার সোনা আছে আমাকে কিছু ঋণ দাও। ওরা বলছেন আজকে মুক্ত অর্থনীতি ঢুকছে, আমরা জানলা খুলে দিয়েছি। তাহলে আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন মানুষ পন্ডিত নেহেরু, তার কন্যা শ্রীমতী ইন্দিরা গান্ধী, তার পুত্র রাজীব গান্ধী যখন ছিলেন তখন অর্গল মুক্ত করা হয়নি, জানলা খোলার ব্যবস্থা হয়নি. তাহলে তারা সকলে ব্যর্থ, অতীতের তাদের সমস্ত অর্থমন্ত্রী অপদার্থ এটাই কংগ্রেসীরা বলছেন। স্যার, বঙ্গ সন্তান শচীন চৌধুরী মহাশয় যখন কেন্দ্রীয় অর্থমন্ত্রী ছিলেন তখন তাকে কোতল করা হয়েছিল কারণ ডিভ্যালুয়েশান তার সময় হয়েছে আর আজকে যখন রিজার্ভ ব্যাঙ্কের প্রাক্তন গর্ভর্নার মনমোহন সিং ডিভ্যালুয়েশান করলেন তখন তাকে কি বলবেন? নির্বাচনের আগে আপনারা বলেছিলেন, নির্বাচিত হবার ১০০ দিনের মধ্যে সমস্ত জিনিষপত্রের দাম কমিয়ে দেব। আপনাদের অর্থমন্ত্রী মহাশয় সত্যি কথাটা বলে ফেলেছেন যে ১ শো বছরেও পারবেন না। আপনারা বলেছিলেন নির্বাচিত হবার পর ৪০ লক্ষ মানুষকে কাজ দেবেন অথচ যে কেন্দ্রীয় বাজেট পেশ করা হ'ল তাতে দেখছি বলা হচ্ছে, কাজ সংকোচন করো, দুর্বল জায়গা উঠিয়ে দাও, কেন্দ্রীয় সরকারের সংস্থা উঠিয়ে দাও। সমাজতন্ত্রের ১২ টা আপনারা বাজাচ্ছেন। আবাদী কংগ্রেসের প্রেসিডেন্ট ইউ. এন. ডেবর বলেছিলেন, সমাজতান্ত্রিক সমাজব্যবস্থার কথা। তার আপনারা ১২ টা বাজাচ্ছেন। আগে আমরা বলতাম যে ধনতান্ত্রিক সমাজব্যবস্থা কায়েম করছেন, এখন বলছি ধনতন্ত্রের সঙ্গে সাম্রাজ্যবাদীদের লুন্ঠনের ব্যবস্থা করেছেন।

[2.30 - 2.40 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওরা বলছেন যে ১৯৮১ সালে আই. এম. এফ - এর ঋণ নিয়েছিলেন ৫ হাজার কোটি টাকা। ১৯৮৫ থেকে ১৯৯০ সালে আপনারা নিশ্চয়ই মনে আছে যে ৩১ পারসেন্ট অবমূল্যায়ন হয়েছে টাকার এবং ইতিমধ্যে ১৮ হাজার ৪ শত কোটি টাকার বৈদেশিক ঋণ যেটা ৮০ দশকে ছিল সেটা বেড়ে ১ কোটি টাকা হল। আপনারা বলছেন দেউলিয়া হওয়ার উপক্রম হয়েছে, খাতায় নামটা ঘোষণা হয়নি কিন্তু আসলে দেউলিয়া করেছেন। সেখানে দাঁড়িয়ে পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে ডঃ অসীম দাসগুপ্ত নিশ্চই দুঃসাহসের পরিচয় দিয়েছেন। আপনাদের সমস্ত অবহেলা সত্ত্বেও এই সাহস তিনি দেখিয়েছেন।

আপনারা সেখানে কি করেছেন? ১৯৯০-৯১ আপনারা প্রত্যক্ষ কর বসিয়েছেন ২০%। সেটাকে কমিয়ে দিয়ে আপনারা কাদের রিপ্রেজেন্ট করছেন কেন্দ্রে? আপনারা বড় লোক, শিল্পপতিদের জন্য কমিয়ে ২০.২ ভাগ করেছেন। এটা আপনাদের রাজত্বেই হয়েছে। আই. এম. এফ -এর ঋণের প্রসঙ্গে আমি এখানে কয়েকটি কথা বলতে চাই। আপনারা সকলে জানেন এটা আমার কথা নয়। ইন্দিরা গান্ধী, জওহরলাল মাঝে মাঝে জনসভায় বলতেন, রাজীব গান্ধী বিভিন্ন সময়ে যে সমস্ত আন্তর্জাতিক সম্মেলন হয়, বিশ্ব সম্মেলন হয় সেখানে বলতেন যে আই. এম. এফ থেকে ঋণ নেওয়া আর্থিক স্বাধীনতার পরিপন্থী। সেই আর্থিক স্বাধীনতা আপনারা বিকিয়ে দিয়েছেন। সংগত কারণে অর্থ মন্ত্রী বলেছেন, কেননা আই. এম. এফ যে কন্ডিশান আরোপ করে, আমরা জানি যে যিনি ঋণ দেন আর যিনি ঋণ গ্রহণ করেন তাকে অনেক বাজে কন্ডিশানে আরোপ করা সত্বেও ঋণ নিতে হয়। এগুলি কংগ্রেস দলের ব্যাপার নয়, এটা ভারতবর্ষের ইজ্জতের ব্যাপার। সেখানে আপনারা যা করেছেন সেটা নিশ্চয়ই আমাদের বলতে হবে। ভারতবর্ষের কেন্দ্রীয় সরকারে আপনারা ৪৪ বছরের মধ্যে ৪০ বছর ছিলেন, এবং আপনারা সেখানে রাজত্ব করেছেন। তার মধ্যে প্রশাসনিক নির্দেশে বারবার জিনিসপত্রের দাম বেড়েছে, পেট্রোলের দাম বেড়েছে, রেলের ভাড়া বেড়েছে, চাল, গমের দাম বাড়িয়েছেন। এখানে ঘটনা হচ্ছে ভরতুকী কোথায় দেওয়া হয়? অসীমবাবু ঐ সমস্ত নিপীড়িত মানুষ, গ্রামবাংলার হত দরিদ্র মানুষ, যাদের মাসের অনেক সময়ে রোজগার থাকেনা, তাদের সুবিধা দেবার জন্য সেখানে ভরতুকী দিয়ে চাল গম দেবার ব্যবস্থা করেছেন। আমাদের বামফ্রন্ট সরকার বারবার যে দাবী করেছেন সেই দাবীতে কি ছিল? আমাদের দাবী ছিল যে কেন্দ্র-রাজ্য সম্পর্কের পুর্নবিন্যাস করতে হবে। পান্ডে কমিশন মাশুল সমীকরণ প্রত্যাহার করার কথা বলেছেন কিন্তু সেটা কেন্দ্রীয় সরকার মেনে নেননি। তার ফলে গোটা দেশের অর্থনীতি আজকে জেরবার হয়ে গেছে। তার মধ্যেও পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার নতুন পথ নির্দেশ রচনা করে আমাদের মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় অর্থমন্ত্রী, প্রধানমন্ত্রীর কাছে পাঠিয়েছেন। তারা বলেছেন যে এটা মেনে নেওয়া যাবেনা। সেই মানার মনিব হচ্ছে আই. এম. এফ, হচ্ছে বিশ্ব ব্যাঙ্ক, এ্যামেরিকা। তাদের হুকুমে মনমোহন সিং, প্রধান মন্ত্রীকে এই ভাবে চলতে হবে। সেই জনাই বলেছি যে জেরবার হয়ে গেছে। আপনারা অনেক রাজ্যে ক্ষমতায় আছেন। পশ্চিমবঙ্গে জমির ক্ষেত্রে, প্রান্তিক চাষী, আধিয়ার, বর্গাদারের যে রেকর্ড রয়েছে, তাদের হাতে আজকে ৭০ ভাগ জমি এসেছে। ভারতবর্ষের আর কোন রাজ্যে এটা হয়েছে। আজকে সেচের আওতায় ৪০ ভাগ জমি এনে ৭৪ লক্ষ টন ফসল উৎপাদন থেকে বাড়িয়ে ১ লক্ষ ১৮ হাজার টন করা হয়েছে। এটা আপনারা আগে কখনও দেখেছেন? গতকাল ডঃ দাশগুপ্ত তাঁর বাজেট বিবৃতির মধ্যে তিস্তার কথা উল্লেখ করেছেন। তিস্তার বাঁহাতি খাল খননের ব্যাপারে আপনারা কি প্রতিবন্ধকতার সৃষ্টি করেছেন, সে কথা কি আপনারা ভুলে গেছেন? সিদ্ধার্থ শংকর রায়, জয়নাল আবেদিন উত্তর বাংলার কথা বলছেন। তাঁরা কি ভুলে গেছেন, তাঁরা উত্তর বাংলার জন্য কি করেছিলেন? জয়নাল আবেদিন সাহেব বলুন, তিনি বলুন, তিনি উত্তর বাংলার জন্য কি করেছেন? সিদ্ধার্থ শঙ্কর রায় বলুন, তিনি উত্তর বাংলার জন্য কি করেছিলেন? খালি কিছু প্রতিশ্রুতি দিয়েছিলেন। স্যার, আমরা দেখেছি '৭৬-৭৭ সালে পশ্চিমবঙ্গে কৃষি জরুরদের মজুরী ছিল ৫ টাকা ৬০ পয়সা, '৯০-৯১ সালে হয়েছে ২০ টাকা। কংগ্রেস যখন এখানে ক্ষমতায় ছিল তখন তাঁরা মানুষকে মাইলো খাইয়ে রেখেছিল। অধ্যাপক বন্ধু সৌগতবাবু বলেছেন, সর্বভারতীয় ভিত্তিতে পশ্চিম বাংলার মানুষদের খাদ্যের ক্যালোরির পরিমাণ কম। কেন কম? একটা দেহের মাথা যদি বড় এবং মোটা হয়ে যা, আর অন্যান্য অঙ্গ-প্রত্যঙ্গ যদি শুকিয়ে যায় তাহলে বলা হয় সেই দেহে রিকেট্ হয়েছে। গোটা দেশের এই যে রিকেট্ হয়েছে, এটা কারা করেছে? আপনারা করেছেন। ১৪ বছর আগে আপনারা এখানে ক্ষমতায় ছিলেন, আপনাদের অনেকেই মন্ত্রী ছিলেন, আপনাদের কাছে প্রশ্ন করছি আপনারা কি অস্বীকার করতে পারেন লক্ষ লক্ষ মানুষকে আপনারা সে সময়ে মাইলোর খৈ খাইয়ে রেখেছিলেন? তখন কি আপনাদের এই ক্যালোরির-এর কথা মনে হয় নি? গাছের নীচে, হাটখোলায়, বাজারে স্টেশনে লক্ষ লক্ষ মানুষ মাইলোর খৈ খেয়ে উদরাময় রোগে জেরবার হয়ে গিয়েছিল। তখন আপনাদের মনে হয় নি যে, তারা ক্যালোরি কত পাচ্ছে? আজকে ক্যালোরির

কথা বলছেন! আপনাদের দিল্লীর সরকারের প্রতিশ্রুতি অনুযায়ী যদি রাজ্যকে ডাইরেক্ট ট্যাক্স যেভাবে বসিয়েছেন সেভাবে তাতে তার প্রাপ্য ৭০ কোটি টাকা তাঁরা দিতেন, তাহলে অসীমবাবু নিশ্চয়ই উত্তরবঙ্গের দ্বার কিছুটা খুলে দিতে পারতেন। আপনারা দেন নি, আপনারা পশ্চিমবঙ্গকে বঞ্চিত করেছেন। অবশ্য আপনাদের কেন্দ্রীয় সরকার যে প্রতিশ্রুতি পালন করবেন না, সেটা আমরা জানি। কারণ ঐ সরকারের জনগণের কাছে কোন দায়-বদ্ধতা নেই। যে সরকারের প্রধান নির্বাচিত নন অর্থমন্ত্রী নির্বাচিত নন সে সরকারের কাছ থেকে এ ছাড়া ভারতবর্ষের মানুষ আর কি পাবে! মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এখানে বলতে চাই যে, ওঁদের সময়ে আমাদের এই রাজ্যে যেখানে তাঁত শিল্পে কাপড়ের উৎপাদন ছিল ২০ কোটি মিটার, সেখানে আজকে আমাদের এই রাজ্যে বামফ্রন্ট রাজত্বকালে তা বৃদ্ধি পেয়ে হয়েছে ৪৩ কোটি মিটার। যেটা ভাল সেটাকে তো ভাল বলতেই হবে। আজকে ব্যাঙ্ক গুলি আমাদের পশ্চিম বাংলাকে বঞ্চিত করছে। আই. আর. ডি. পি., সেসরু, এস এস ই পি প্রভৃতি প্রকল্পের মাধ্যমে যেখানে সাধারণ বেকার যুবকদের কর্ম্ম সংস্থানের সুযোগ সৃষ্টি করা হয়েছে সেখানে আমরা দেখছি ব্যাঙ্ক ঋণ পশ্চিম বাংলায় মোট আমানতের ৫৫ ভাগ, যার সর্বভারতীয় গড় হচ্ছে ৬৫ ভাগ। সংগত কারণেই এটাকে আমরা বঞ্চনা বলেই মনে করি। আমরা দেখছি এত অসুবিধার মধ্যেও পশ্চিমবঙ্গে মোট ২ হাজার ৪৯ লক্ষ শ্রম দিবস সৃষ্টি করা হয়েছে। পশ্চিমবাংলার মোট পরিকল্পনার ৫০ ভাগই গ্রামের সাধারণ গরীব মানুষের জন্য ব্যয় করা হচ্ছে। তথাপি আজকে গোটা ভারতবর্ষের স্বাস্থ্য রুগ্ন বলেই পশ্চিম বাংলার স্বাস্থ্যও রুগ্ন। এটা অস্বীকার করার উপায় নেই! সেই স্বাস্থ্য উদ্ধারের দায়িত্ব কেন্দ্রীয় সরকারের নিতে হবে। আজকে আমাদের যোজনা খাতে যে সমস্ত ব্যয় বরাদ্দ হচ্ছে তা আমাদের সঠিকভাবে কার্যকরী করতে হবে। বিদ্যুৎ, গ্রামীন উন্নয়ন প্রভৃতি খাতের উন্নয়ন কর্মসূচী যাতে সঠিক-ভাবে কার্যকরী হয় তা আমাদের দেখতে হবে।

[2.40 - 2.50 p.m.]

বিশেষ করে বন্যা নিয়ন্ত্রনের জন্য আপনি যা বরাদ্দ করেছেন - আমি মাননীয় অর্থমন্ত্রী মহাশয় কে অনুরোধ করবো, সর্বভারতীয় ক্ষেত্রে দেখতে পাচ্ছি ১৫।২০ ভাগ বন্যানিয়ন্ত্রনের জন্য, সেচের জন্য ব্যবহার করা হয়, - এক্ষেত্রে সর্বভারতীয় গড় বিবেচনা করা যায় কিনা সেটা আপনি একটু চিন্তা করে দেখবেন। পরিশেষে আমি আর একটি কথা বলছি, আজকে ৫১ ভাগ বিদেশী বিনিয়োগের যে সর্বনাশা রাস্তা কংগ্রেস নিয়েছে তার দ্বারা গোটা দেশে অস্থিরতা সৃষ্টি করছেন। আসামে, কাশ্মীরে, পাঞ্জাবে, অর্থাৎ গোটা ভারতবর্ষে সেই অস্থিরতা সৃষ্টি করবে। সাম্রাজ্যবাদী আই. এম. এফ সেইজন্য ঋণ দিয়েছে। আজকে ডঃ অসীম কুমার দাশগুপ্ত মহাশয় যে কথা বলেছেন আমি তাঁর সাথে সহমত যে প্রতিরোধ করতে হবে। সেই প্রতিরোধ হবে, "বাম হাতে যার কমলার ফুল, ডাহিনে মুধুক মালা, ভালে কাঞ্চন শৃঙ্গ মুকুট, কিরণে ভুবন আলো"। বাংলার মানুষের হয়ে কংগ্রেসের বন্ধুরা আমাদের সঙ্গে মিলিতভাবে আওয়াজ তুলুন যে আই. এম. এফের ঋণের শর্ত জানাতে হবে। পশ্চিমবাংলার মানুষের বঞ্চনার বিরুদ্ধে আমাদের যে লড়াই সেই লড়াইতে আপনারা সামিল হবেন - এই আশা আমি করবো। সবশেষে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় গতকাল যে বাজেট উপস্থাপিত করেছেন তাকে পরিপূর্ণভাবে সমর্থন জানিয়ে এবং মাননীয় অধ্যক্ষমহাশয়কে আন্তরিকতার সাথে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুকুমার দাস ঃ মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী বিদগ্ধজন। তিনি বাজেট পেশ করেছেন সেই বাজেটের মধ্যে আমি গভীরভাবে যাওয়ার চেষ্টা করেছি। তিনি বাজেটের মধ্যে শব্দচয়ন, ভাষার সংযোজন সব কিছু করেছেন কিন্তু বাস্তব পরিকল্পনাতেই বাজেটে গরমিল। সুতরাং আমার পক্ষে সমর্থন করা অসুবিধা আছে। আমাদের মাননীয় সদস্য শ্রী সৌগত রায় মহাশয় প্রাঞ্জলভাষায় সারা ভারতের অবস্থা কথা বিশ্বের অবস্থার পরিপ্রেক্ষিতে পশ্চিমবঙ্গের ক্ষেত্রে যে প্রতিবেদন রেখেছিলেন আমার আশা ছিল শাসকদলের সদস্যরা বিশেষ করে নির্মলবাবুর জ্ঞানোদয় হবে। কিন্তু দেখলাম, উনি সাম্রাজ্যবাদী, সামন্তবাদ,

তার অবস্থান, গ্রামীন ভারতবর্ষ জর্জরিত প্রভৃতি এইসব কথা বলে কথার ফুলঝুড়ি ছড়িয়ে গেলেন, তাঁর বক্তৃতায় কোন পজিটিভ দৃষ্টি-ভঙ্গি আছে বলে আমার মনে হয়নি। সৌগতবাবু রাশিয়ার কথা বলেছিলেন। সি. পি. এম বন্ধুরা বলে থাকেন, রাশিয়া-সামন্ততান্ত্রিক, কি সাম্রাজ্যবাদী, কি শোষণকারী, কি শোষণবাদ, কি সুবিধাবাদ বিভিন্ন ক্ষেত্রে ব্যাখ্যা দিয়েছেন। আমি ভ্যানগার্ড অফ দি কমিউনিষ্ট ওয়ার্ল্ড চায়নার কথা বলছি, একটু শোনবার চেষ্টা করুন। প্রাক্তন চেয়ারম্যান তেং জিয়াও বলেছিলেন. I do not know whether a cat is white or black, I want to know only whether it catches mouses. That means, in the age of modernisation we have to follow such a thing which will be more Practicale than dogmatic views in the twentieth centuary.

এই টোয়েনটিয়েথ সেঞ্চুরিতে ডগমাটিক ভিউস সারা গ্লোবাল ওয়ার্ল্ডকে আক্রমন করছে। আমি বিশেষ করে বিচলিত বোধ করছিলাম, ভাবতে পারছিলাম না যে, ৭২ বছর পরে ২৮ কোটি লোককে নিয়ে ওয়ান পার্টি ডিকটেটরশিপ এর মাধ্যমে এবং সাম্রাজ্যবাদের বিরুদ্ধে লড়াই না করে ভারতের মত জারের বিরুদ্ধে লড়াই না করে ৭ সমুদ্র ১৩ নদীর পাড়ে লুনঠিত সম্পদ ভারতবর্ষের বাইরে যেমন চলে গিয়েছিল, রাশিয়ায় তেমনি জারের বিরুদ্ধে লেলিনের লড়াই করার পর সেই দেশ যখন বলশেভিক পার্টি তথা কম্যুনিষ্ট পার্টির নেতৃত্বে ৭২ বছরের রাজত্বে যখন গরবাচভ মুখ খোলেন তখন প্রারম্ভে আমার বিশ্বাস জনমায়নি, কিন্তু দিনের পর দিন এবং বিশেষ করে লন্ডনে ৭টা ক্যাপিটালিষ্ট দেশের সমন্বয়ে গরবাচভের কণ্ঠস্বরে যে ধ্বনি প্রতিধ্বনিত হল যে ডগমেটিক ভিউজ ক্যানন্ট ফাংশান প্রপারলি, সো কল্ড ভক্তি বাবুর ভাষার রুরাল প্রোলোটারিয়েট আজ কাল কার যুগে অর্থনীতিকে করতে হবে, মোর প্র্যাকটিক্যাল দ্যান দি ডগমেটিক ইডিওলজি, এটা ৭২ বছর পরে রাশিয়ায় যখন খুলে দেয়, চীনের যখন ১০০ কোটি লোকের রেসট্রিকটেড ইকনমি এবং আয়রণ কার্টেন এর মধ্যে দিয়ে রাজত্ব চালিয়েও সেই ডগমেটিক নর্মস যখন এষ্টাবলিস করতে গুলী চালাতে হয় সেই প্রেক্ষাপটে সারা ভারতবর্ষের অর্থের প্রাঞ্জল কথা গুলি আমি আমার সীমিত জ্ঞানে বলবার চেষ্টা করব। সে ভাষায় তথাকথিত ষ্ট্যালিন বাদে বিশ্বাসী কমিউনিষ্ট পার্টির প্রাক্ত, বিদগ্ধ, পনডিত ব্যক্তি মাননীয় অসীম দাশগুপ্তের যে অর্থনৈতিক বাজেট, প্র্যাকটিশে কতটা বৈষম্য তা আমি বিচার করে দেখাব। আপনাদের, মাননীয় নির্মলবাবু বলে গেলেন "হে মোর দুর্ভাগা দেশ, যাদের করেছ অপমান, অপমানে হতে হবে তাদের সবার সমান।" এ কথা মানি, কিন্তু আমি বলি, আমরা, যারা রইলাম পিছুর টানে, তারা কি চিরকালই কাঁদব? এ হতে পারে না। মাননীয় নির্মল বাবু যেটা বললেন, শচীন চৌধুরীর ডিভলিউসন আমি স্মরণ করতে পারি, ৭২ বছরেও রাশিয়া খাদ্যে স্বয়ং সম্পূর্ণ হল না। ১৯৬৬ সালে খাদ্যের অভাব হয়েছিল, সেদিন মানীভ্যালুয়েসন করে খাদ্যের আমদানী করতে বাধ্য হয়েছি তার পরিণতিতে ভারতবর্ষের ভিখারী হয়েছিল, না খাদ্যে স্বয়ং সম্পূর্ণ হয়ে পৃথিবী তোলপাড় করল? সেই অংশীদার হতে আপনারা নারাজ, আপনারা শুধু মাইলো নিয়ে মিছিল করতে অভ্যস্ত আছেন। কিন্তু আজকে ৮৫ কোটি মানুষের দেশকে - ভারতবর্ষে দারিদ্র, বেকার আছে সত্য - কৃষক, শ্রমিক, টেকনোলজির আর্বিভাবে, নূতন নূতন সংস্কারের আবির্ভাবে খাদ্যে স্বয়ং সম্পূর্ণ হলে এতে কৃতিত্বের কথা তা ষ্ট্যালিনবাদী কমিউনিষ্টরা স্বীকার করবেন না, তাতে কিছু যায় আসে না কিন্তু এটা বাস্তব সত্য যে সেই ডিভ্যালু য়েসন পরে আজকে যে ডিভ্যালুয়েসন হয়েছে আমি মনে করি অর্থনীতির ভাষায় উপায় ছিল না, কিন্তু ভারতবর্ষে কি হয়েছে? বাহ্যিক দিক থেকে নিশ্চয় আক্রান্ত হতে পারে বসে মনে হতে পারে কিন্তু কোন দেশ লোন না নিয়ে বড় হয়েছে আমাকে বলতে পারেন? ষোড়শ শতাব্দীতে পৃথিবীর কোন দেশ ইংলনডের মত সাম্রাজ্যবাদী দেশ সামান্য হল্যাণ্ডের মত ছোট দেশেব কাছ থেকে লোন নিয়ে বড় হতে হয়েছে। রাশিয়া, চীন এদেব কে লোন নিতে হচ্ছে না, জাপান, জার্মাণের মত দেশ কি লোন নিতে হয় নি? কে লোন নিয়ে বড় হয় নি আমাকে বলুন? আজকে ভারতবর্ষ লোন নিয়েছে, হ্যাঁ, লোন নিয়েছে কি পরিমাণ নিয়েছে? মাননীয় রাজীব গান্ধী যখন চলে গেলেন তখন ১৪ কোটি মেট্রিক টনের জায়গায় সাড়ে ১৭ কোটি মেট্রিক টন খাদ্য দিয়ে গেছেন, শিল্প উৎপাদন দিয়ে গেছেন ৯ পারসেন্ট যা

আজকে রেকর্ড। ৪৯ জন মানুষ দারিদ্র সীমারেখার নীচে ১৯৭৬-৭৭ সালে বাস করত, আর আজকে ভারতবর্ষে কত জন দারিদ্র সীমারেখার নীচে বাস করছে, ২৮ জন, এটা কৃতিত্ব নয়, আজকে এই প্রেক্ষাপটে মনে করিয়ে দিতে চাই যে কোন উপায় ছিল না। একটা আন্ডার ডেভালপড কানট্রি যখন প্রযুক্তি বিজ্ঞানের যুগে লড়াই করবার মানসিকতায় গর্জে ওঠে তার প্রারম্ভে তাকে লোন নিতেই হয়, আবার মেটাতে হয় তবে ইনটারন্যাল ডেভালাপমেন্ট স্কীম ঠিক আছে কিনা সেটা দেখতে হয়। সেটা দেখবেন না? আজকে যদি প্রশ্ন করি এই বামফ্রন্ট সরকার ১৪ বছরে কটা পঞ্চবার্ষিকী পরিকল্পনা ক্রস করেছে? ফিফথ, সিকসথ, সেভেন্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনা ক্রস করেছে, কিন্তু তাতে বাংলার কি হয়েছে বলতে পারেন? আজকে ৫০ লক্ষ বেকার, অর্থনীতির ভাষায় একজন বেকারকে চাকুরি দিতে গেলে তার পিছনে কম পক্ষে ৬ লক্ষ টাকা খরচ করতে পারলে একটা পার্মানেন্ট চাকরি জুটতে পারে, সেই পরিসংখানে আজকে ৫০ লক্ষ বেকার, তাদের জন্য শুধু সিকস্থ প্ল্যানে - আমি গুরুত্ব হ্রাস করতে চাইছি না - কিন্তু বাংলার যে ভায়বহ অবস্থা হেভী অর্থাৎ বেশী পুঁজি ইনডাসস্ট্রির দিকে লক্ষ্য না রাখেন এবং তার বাই প্রোডাক্ট যাতে স্মল স্কেল আছে তার দিকে আমাদের লক্ষ্য রাখতে হবে, কিন্তু আজকে ফিফথ, সিকসথ, সেভেন্থ প্ল্যানে মাননীয় অসীমবাবু লিখেছেন I have filled up all the internal resources for my budget or for my planning. But I will ask or request the Hon'ble Minister to say.

[2.50 - 3.00 p.m.]

লাষ্ট সিকস্থ প্ল্যান কি হয়েছিল? ইন্টারনাল রিসোর্স করতে পেরেছিলেন? সাফারিংস সুরু হয়েছে সিকসথ্ প্ল্যান থেকে। একই টার্গেট লড়াই হয়েছে মহারাষ্ট্রে। তাদেরও ছিল ৬ কোটি, ৭ কোটি। সিকস্থ প্ল্যানে মার খেলেন। আজকে ১০,০০০ কোটি মহারাষ্ট্রের প্ল্যানিং, সেখানে আপনারা ৬,০০০ কোটি টাকার প্ল্যানিংয়ে ৪,০০০ কোটি গ্যাপ দিয়ে বলছেন, I am running competition now so that West Bengal can be proved that it is the Sonar Bangla of India.

কারণ আজকে ক্যালোরী হিসেবের যে মিনিমাম ষ্ট্যাটিসটিকস্, সেই ষ্ট্যাটিসকিটস্কে যদি অবিশ্বাস করেন তাহলে কোন ষ্ট্যাটিসটিকস্কেই বিশ্বাস করা যাবে না। আমার মনে হচ্ছে, আজকে পশ্চিমবঙ্গের যে রুরাল ইকোনোমি সেই রুরাল ইকোনোমিকে নিশ্চয়ই রেইজ করতে হবে একটি ক্ষেত্রে এবং তাহলে হেভী ইন্ডাষ্ট্রিও ষ্ট্যান্ডারইজড্ হবে, যেখানে ম্যান পাওয়ার বেশী। যদি ম্যান পাওয়ার ইমব্যালেন্সড্ হয় Then the economy will be collapsed. এই স্মল ইন্ডাষ্ট্রির সঙ্গে রুরাল ইন্ডাষ্ট্রি কিভাবে হবে? যেখানে ৮০ পারসেন্ট লোক গ্রামে বাস করেন যাদের ইকোনোমি হচ্ছে রুরাল ইকোনোমি? আমি জানি না। এখানে আমাদের প্রাক্তন মুখ্যমন্ত্রী শ্রদ্ধেয় সিদ্ধার্থশঙ্কর রায় উপস্থিত আছেন। আমি বহু পরিসংখ্যান দিয়ে ১৯৮৩।৮৪ সালে বলেছি যে, সিদ্ধার্থশঙ্কর রায়ের আমলে সাত্তার সাহেব যখন কৃষিমন্ত্রী হিসাবে সরকার ছেড়ে গেলেন, তখন খাদ্যের উৎপাদন হয়েছিল ৯০ লক্ষ টন এবং তারমধ্যে ১১ লক্ষ টন ছিল গমের উৎপাদন। পাঞ্জাব, হরিয়ানার পর পশ্চিমবঙ্গেই তখন রেকর্ড পরিমান গমের উৎপাদন হয়েছিল। আজকে দেখছি সেটা ৭৪-৭৫ লক্ষ টন। দেন আই নেভার থিঙ্ক, যে পরিসংখ্যান দিয়েছেন সেটা ঠিক। প্রশ্ন জাগছে, যে রিপোর্টটা দিয়েছেন সেটা ঠিক কিনা? কিন্তু আমার কাছে হিসেব আছে, পরিসংখ্যান আছে বাড়িতে রয়ে গেছে সেটা - ঐ ৯০ লক্ষ টন যা ১৯৭৭ সালে সিদ্ধার্থশঙ্কর রায় দিয়ে গিয়েছিলেন, তারমধ্যে ১১ লক্ষ টন ছিল গমের উৎপাদন। আজকে আপনারা ১৫ বছরে মাত্র ২০ লক্ষ টন উৎপাদন বাড়াতে পেরেছেন, আর আমরা ৫ বছরে ২০ লক্ষ টন বাড়াতে পেরেছিলাম। অথচ আপনারা বলছেন যে, বর্তমানে পশ্চিমবঙ্গে ইরিগেটেড ল্যান্ড ৪০ পারসেন্ট। But you have to remember during the Congress regime the percentage of irrigated areas was up to 25%.